বরিশাল জেলা- মহাফেজখানায় রক্ষিত পুরোনো বাংলা দলিলপত্র: একটি পর্যালোচনা

জাকিয়া সুলতানা

GIFT

Dhaka University Library
466904

466904

ঢাকা
বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম. ফিল.- ডিগ্রির জন্য প্রস্তুত অভিসন্দর্ভ

এপ্রিল ২০১১

Dhaka University Institutional Repository

বাংলা বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৯৬৬১৯০০-৭৩/৬০০০; ফ্যাক্স : ৮৮০-২-৮৬১৫৫৮৩
ই-মেইল bangla@du.bangla.net

Department of Bengali
University of Dhaka
Dhaka—1000, Bangladesh
Call : 9661900-73/6000; Fax : 880-2-8615583
E-mail : bangla@du.bangla.net

Date : ৩০ · ০৪ · ২০১১

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে জাকিয়া সুলতানা কর্তৃক উপস্থাপিত "বরিশাল জেলা- মহাফেজখানায় রক্ষিত পুরোনো বাংলা দলিলপত্র: একটি পর্যালোচনা।"- শীর্ষক এম. ফিল.- অভিসন্দর্ভ আমার তত্ত্বাবধানে রচিত। এই অভিসন্দর্ভ বা এর কোনো অংশ গবেষক অন্য কোনো প্রতিষ্ঠানে বা বিশ্ববিদ্যালয়ে কোনো ডিগ্রির জন্য উপস্থাপন করেন নি।

466904

ঢাকা
বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার

মুহম্মদ শাহজাহান মিয়া

(ড. মুহম্মদ শাহজাহান মিয়া)
গবেষণা তত্ত্বাবধায়ক ও প্রফেসর
বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ।

Dhaka University Institutional Repository

মুখবন্ধ

মধ্যযুগে ও মুসলিম শাসনামলে বাংলাদেশে সমৃদ্ধ গদ্যচর্চা ছিল। এই গদ্যচর্চার সমৃদ্ধ ইতিহাস উন্মোচনের জন্য তথ্য ও উপাত্ত প্রয়োজন। এক্ষেত্রে দলিলদস্তাবেজের ভূমিকা অন্যতম। কারণ উনিশ শতকে আধুনিক বাংলা গদ্যের যাত্রা শুরু হলেও দলিলদস্তাবেজগুলো ছিল এর প্রভাবমুক্ত। তাই দলিলদস্তাবেজগুলোতে বাংলা গদ্যরীতির প্রায় অবিকৃত রূপটির পরিচয় মিলে। এই গদ্যচর্চার সমৃদ্ধ ইতিহাস রক্ষায় তথ্য ও উপাত্তগুলোকে মূলত অবজ্ঞাই করা হয়েছে। বিলুপ্তপ্রায় ইতিহাস ও ঐতিহ্যের তথ্য ও উপাত্তগুলি সারাদেশে ছড়িয়ে আছে। এক্ষেত্রে বরিশালে প্রাপ্ত দলিলদস্তাবেজগুলোতে আঞ্চলিক ইতিহাস এবং সামগ্রিক মধ্যযুগীয় বাংলার অপরিবর্তনীয় গদ্যরীতির রূপটির আত্মপ্রকাশ ঘটবে। তাই পুরোনো বাংলা গদ্যের অবিকৃত রূপ এবং আঞ্চলিক ইতিহাস ও ঐতিহ্যের ধারাবাহিকতা উন্মোচনের ক্ষেত্রে 'বরিশাল জেলা মহাফেজখানায় রক্ষিত পুরোনো বাংলা দলিলপত্র' - একটি পর্যালোচনামূলক ভূমিকা রাখবে। এ উদ্দেশ্যেসাধনের লক্ষ্যেই এই গবেষণাকর্মটি পরিচালিত হয়েছে।

466904

এ গবেষণায় সংযোজিত হয়েছে ১৪১টি দলিল। প্রতিটির মূল কপি ও আধুনিক পাঠ এখানে অন্তর্ভুক্ত করা হয়েছে। যা বরিশাল জেলার আঞ্চলিক ইতিহাস, ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য, সংস্কৃতি ও ঐতিহ্য তুলে ধরবে। আলোচ্য বিষয়ে ভূমিকা, মূলপাঠ, প্রতিবর্ণীকৃত পাঠ ও একাধিক পরিশিষ্টের মাধ্যমে পুরোনো গদ্যবৈশিষ্ট্য, ভাষা, সমাজসংস্কৃতি ও ইতিহাসের নানা বিষয় আলোচনা করা হয়েছে।

গবেষণাকর্মের জন্য নির্বাচিত ১৪১টি দলিল বরিশাল জেলা মহাফেজখানা (Record room) থেকে সংগ্রহ করা হয়েছে। এই দলিলগুলো সংগ্রহ করা ছিল

ঢাকা
বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার

Dhaka University Institutional Repository

কষ্টসাধ্য ও শ্রমসাপেক্ষ বিষয়। দলিলসংগ্রহের প্রথম পর্যায়ে ছিল আইন মন্ত্রণালয় থেকে অনুমতি সংগ্রহ কাজটি । অনুমতি নিয়ে আই, আর, জি, দপ্তরে জমা দিয়ে তাদের অনুমতি সংগ্রহ করে বরিশাল জেলা মহাফেজখানায় জমা দেওয়া হয়। বরিশাল জেলা রেজিষ্ট্রার অনুমতি প্রদান করলে দলিলসংগ্রহের কাজ শুরু হয়।

দলিলসংগ্রহ এবং গবেষণাকর্মটি সম্পাদনের বিভিন্ন পর্যায়ে যাঁরা সাহায্য ও সহযোগিতা দান করেছেন তাঁদের নিকট আমার ঋণ অপরিসীম। তৎকালীন বরিশাল জেলা রেজিষ্ট্রার সৈয়দ আশরাফ উদ্দিনের নিকট আমি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি । ধন্যবাদ জানাই আব্দুলকাইয়ুম খান, সদর সাব- রেজিষ্ট্রার আনোয়ারুল হক, অফিস সহকারী আব্দুল জলিল, আবুল মালেক মোহরার, মোহরার সৈয়দ মতিউর রহমান, রেকর্ডকিপার অমিয়রঞ্জন তালুকদার, মোঃ মোজাফফর মজুমদারকে। এছাড়া ধন্যবাদ জানাই নৈশ প্রহরী আব্দুল আজিজ, পিয়ন মোঃ হানিফ, চানমিয়া মজুমদার, মোঃ জাহাঙ্গীর হোসেনকে। রেকর্ডরুমের ভিতরে ফটোকপি মেশিন আনার মত ঝামেলায় কাজটি করেছেন 'মণি ফটোগ্রাফার্স-'এর আসলাম গাজী। তিনি অতি যত্নের সাথে মূল দলিলের প্রতিলিপি করেছেন।

দলিলগুলো ছিল জীর্ণ, কিছু দলিলের পাতা ছিল অস্পষ্ট। পাঠযোগ্য দলিলগুলো গবেষণাকর্মের জন্য বেছে নেওয়া হয়েছে। দলিলগুলোর নথি নম্বর :Cat no-n 97 Bakargange, Register of Bands Vall- 38, 1811- 16, 207 pages।

গবেষণাকর্মের নানা পর্যায়ে , ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষকবৃন্দ আমাকে বিভিন্ন পরামর্শ ও অনুপ্রেরণা দান করেছেন। প্রফেসর ড. আনিসুজ্জামান, প্রফেসর ড. সৈয়দ আকরম হোসেন, প্রয়াত প্রফেসর ড. হুমায়ুন আজাদ, প্রফেসর ড. আবুল কালাম মনজুর মোরশেদ, প্রফেসর ড. সাঈদ উর রহমান, প্রফেসর আবুল কাসেম ফজলুল হক, প্রফেসর আহমদ কবির, প্রফেসর ড. এম এস লুৎফর

Dhaka University Institutional Repository

রহমান, প্রফেসর ড. বেগম আকতার কামাল, প্রফেসর ড. রফিকউল্লাহ খান, প্রফেসর ড. বিশ্বজিৎ ঘোষ, প্রফেসর ড. ভীষ্মদেব চৌধুরী, প্রফেসর মোহাম্মদ আবু জাফর, অধ্যাপক বায়তুল্লাহ কাদেরী।

আমি বিশেষভাবে উল্লেখ করতে চাই আমার শ্রদ্ধেয় শিক্ষক ও তত্ত্বাবধায়ক ড. মুহম্মদ শাহজাহান মিয়ার নাম। তাঁর নির্দেশনা ও উৎসাহে এই দুরূহ গবেষণাকর্মটি সম্পন্ন হতে পেরেছে। দলিলদস্তাবেজ সম্পর্কে তাঁর সুগভীর জ্ঞান এবং প্রাচীন বাংলা বর্ণমালা ও ভাষাতাত্ত্বিক বিষয়াদিতে তাঁর অনায়াস দক্ষতা আমাকে মুগ্ধ করেছে। তাঁর শত ব্যস্ততার মাঝেও তিনি গবেষণাকর্মটি সম্পাদনের জন্য আমাকে সাহায্য ও সহযোগিতা দান করেছেন। তাঁর কাছে আমার কৃতজ্ঞতা ও ঋণ অপরিমেয়। লায়লা ভাবীর উৎসাহে ও অনুপ্রেরণায় গবেষণাকর্মটির সমাপ্তি ত্বরান্বিত করেছে।

সর্বোপরি যাঁর ব্যক্তিগত আগ্রহ ও সহযোগিতায় আমার এ গবেষণাকর্মটি নিষ্পন্ন হতে পেরেছে, তিনি হচ্ছেন আমার স্বামী মোঃ জাকির হোসেন বাদল। দাপ্তরিক কাজ থেকে কম্পিউটার কম্পোজ পর্যন্ত যাবতীয় কাজে তিনি আমার সহযোগী ছিলেন। এতে পুরোনো দলিলদস্তাবেজের প্রতি তাঁর আগ্রহ ও ভালবাসা প্রকাশ পেয়েছে। তাঁর নিরন্তর উৎসাহ ও অনুপ্রেরণা আমাকে উদ্দীপনা যুগিয়েছে। তাঁর কাছে আমার অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আমার শ্রদ্ধেয় পিতা বছর খানেক আগে প্রয়াত মোহাম্মদ খলিলুর রহমান ও মা সামসুন নাহার রহমান আমার গবেষণাকর্মটি সম্পন্ন করার ব্যাপারে উৎসাহ দিয়েছেন এবং সাংসারিক ঝামেলা থেকে আমাকে মুক্ত রাখার চেষ্টা করেছেন। আমার দু সন্তানকে স্নেহের বাধনে আবদ্ধ রেখে আমার গবেষণার কাজটিকে সহজ করেছেন। আমার সন্তানদের সমর্থন আমাকে আরও সাহসী করেছে। এছাড়া আমার ভাইবোনদের উৎসাহ আমাকে আরও উদ্দীপ্ত করেছে। শ্বশুরবাড়ির আত্মীয়স্বজনেরা আমাকে সহযোগিতা করেছেন তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। আমার বন্ধুপরিজন, যাঁরা এ দলিলদস্তাবেজের কথা শুনেছেন,তাঁরাও কাজটি সম্পন্ন করার বিষয়ে উৎসাহ যুগিয়েছেন।

Dhaka University Institutional Repository

পরিশেষে যাঁরা এ গবেষণামূলক অভিসন্দর্ভটি অতি যত্ন ও ধৈর্যের সাথে কম্পোজ করেছেন, তাঁদের সবার নিকট আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

জাকিয়া সুলতানা

Dhaka University Institutional Repository

সূচি

ভূমিকা		৮-৩১
দলিলপত্রসমূহের তালিকা		৩২-৪২
দলিলপত্রসমূহের মূলপাঠ		৪৩-৩০০
পরিশিষ্ট		
পরিশিষ্ট-১	দলিলপত্রসমূহের কালানুসারী তালিকা	৩০১-৩১০
পরিশিষ্ট-২	দলিলপত্রসমূহের বিষয়ানুসারী তালিকা	৩১১-৩১৮
পরিশিষ্ট-৩	পত্রসমূহে প্রাপ্ত কতিপয় ব্যক্তিনামের বর্ণানুক্রমিক তালিকা	৩১৯-৩৫৯
পরিশিষ্ট-৪	পত্রসমূহে প্রাপ্ত স্থাননামগুলোর বর্ণানুক্রমিক তালিকা	৩৬০-৩৭৬
পরিশিষ্ট-৫	পত্রসমূহে প্রাপ্ত বিশিষ্ট আঞ্চলিকশব্দের বর্ণানুক্রমিক তালিকা	৩৭৭
পরিশিষ্ট-৬	পত্রসমূহে প্রাপ্ত কতিপয় সংক্ষেপিতশব্দের বর্ণানুক্রমিক তালিকা	৩৭৮-৩৭৯
পরিশিষ্ট-৭	পত্রসমূহে প্রাপ্ত কিছু বিকৃত ইংরেজিশব্দের তালিকা	৩৭৯
পরিশিষ্ট-৮	পত্রসমূহে প্রাপ্ত আরবি, ফার্সি ও হিন্দিশব্দের বর্ণানুক্রমিক তালিকা	৩৮০-৩৮৯
পরিশিষ্ট-৯	সহায়ক গ্রন্থপঞ্জি	৩৯০-৩৯৫

Dhaka University Institutional Repository

ভূমিকা

বাঙালি একটি ভাষা জাতির নাম। বাংলা ভাষা দীর্ঘকাল ধরে নানা সংকটের মধ্যে দিয়ে বিকাশ লাভ করেছে। এ বিকাশের ধারায় রয়েছে মূল্যবান তত্ত্ব ও তথ্য। আমাদের প্রয়োজন তথ্য প্রমাণের ভিত্তিতে এ ভূখণ্ডে বিকশিত জাতির ভাষা সংস্কৃতির উৎসে যাওয়া এবং কালের পথ ধরে বস্তুনিষ্ঠ ইতিহাস খুজে নেওয়া। বস্তুনিষ্ঠ ইতিহাস খুঁজে বের করার ক্ষেত্রে প্রয়োজন সত্যনিষ্ঠ তত্ত্ব ও তথ্য। এক্ষেত্রে বরিশাল মহাফেজখানায় (Record Room) প্রাপ্ত দলিলগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এছাড়া বাংলা সাহিত্য ও সংস্কৃতি ঐতিহ্যের ধারাবাহিকতা তুলে ধরতে এই দলিলগুলো নতুন মাত্রা যোগ করবে।

বাংলাদেশ ছোট দেশ হলেও এর বিভিন্ন জেলা বৈচিত্র্যে পরিপর্ণ। তাই প্রত্যেকটি জেলায়ই রয়েছে নিজস্ব ঐতিহ্য ও ইতিহাস। বরিশাল জেলা এর ব্যতিক্রম নয়, এছাড়া এখানকার ভৌগোলিক ও প্রাকৃতিক পার্থক্য যথেষ্ঠ গুরত্বপূর্ণ। যা সাধারণ জনজীবনে প্রভাব বিস্তার করে আছে। এ দলিলগুলোর মাধ্যমে বরিশালের ভাষা, সংস্কৃতি তৎকালীন সমাজ ব্যবস্থা এবং জনজীবনের চালচিত্র যেমন জানা যাবে তেমনি বাংলা ভাষা বিবর্তনের ধারাটিও কিছুটা উন্মোচন করা সম্ভব হবে।

নামকরণ

বর্তমান বরিশাল জেলা পর্বে কয়েকটিনামে পরিচিত ছিল। নামগুলো হলো - বাকলা, চন্দ্রদ্বীপ, সেলিমাবাদ ও বাখরগঞ্জ। বিভিন্ন রাজনৈতিক উত্থান পতনের সঙ্গে সঙ্গে এ জেলার নাম ও কয়েকবার পরিবর্তন হয়েছে। নবাব আলীবর্দীখানের নিজামতের সময় (১৬৪০-৫৬ খ্রিস্টাব্দ) আগাবাকের ছিলেন মুঘল যুগের প্রখ্যাত শাসনকর্তা। [১]তার নামানুসারে এই জেলার নাম হয় বাখেরগঞ্জ। তিনি অষ্টাদশ শতাব্দীতে বোজরগউমেদপুর ও সেলিমাবাদ পরগনার জমিদার ছিলেন। তিনি বোজরগউমেদপুরের বিদ্রোহী দয়াল চৌধুরী কে ১৭৩৭ খ্রিষ্টাব্দে পরাভূত করে এই পরগনার জায়গীর লাভ করেন। আগাবাকের ১৭৪০ সনে সুগন্ধা নদীর 'খয়রাবাদ' নামক স্থানে একটি হাট বা গঞ্জ প্রতিষ্ঠা করেন। তার নামানুসারে এই স্থানের নাম হয়

Dhaka University Institutional Repository

'বাখরগঞ্জ'। [২]পরবর্তিকালে ইংরেজ আমলে ঢাকা জেলার দক্ষিণ দিকে প্রত্যন্ত এলাকা সমূহ নিয়ে ১৭৯৭ খ্রিষ্টাব্দে একটি স্বতন্ত্র জেলা গঠন করা হয় এবং এই নবগঠিত জেলা দপ্তর স্থাপন করা হয় পূর্বোক্ত বাখরগঞ্জ। জেলা সদরের নামানুসারে এ জেলার নামকরণ করা হয়। ১৮১৭ সালে ব্রিটিশ শাসনাধীন সর্বপ্রথম পর্ণাঙ্গ জেলারূপে আত্মপ্রকাশ করে। আগাবাকের সেলিমাবাদ পরগনার ওয়াদ্দার ছিলেন।

১৮০১ সালে ১লা মে, নিজামত আদালত জেলা দপ্তর বাকেরগঞ্জ হতে বরিশালে স্থানান্তরের নির্দেশ দেন। জেলা দপ্তরের নামানুসারে পরবর্তিকালে এর প্রশাসনিক কর্মকাণ্ড পরিচালিত হত।

ভূ-তাত্ত্বিক এবং ভৌগোলিক দিক দিয়ে বরিশাল জেলার ভূমি বাংলাদেশের সাম্প্রতিককালে গঠিত ভূমির অন্যতম। জনশ্রু তি আছে জেলার অধিকাংশ ভূমি পর্বে সুগন্ধ (সুগন্ধিয়া) নামে একটি সুবৃহৎ নদীবক্ষের অন্তর্ভুক্ত ছিল। এই নদীর উভয় পার্শ্বে পলি পড়ার দর ণ চর পড়ে এবং নতুন ভূমি জেগে উঠে। নদীর পর্ব পার্শ্বস্থ এলকার নামকরণ করা হয় বাকলা বা বাকলা চন্দ্রদ্বীপ এব পশ্চিম পার্শ্বস্থ এলাকা সেলিমাবাদ নামে পরিচিত হয়। গ্রামের নামের মধ্যে সুগন্ধা (সুগন্ধিয়া) এখনো তার অস্তিত্ব বজায় রেখেছে।

ভৌগোলিক অবস্থান

বাখরগঞ্জ গাঙ্গের বদ্বীপ অঞ্চলের অন্যতম জেলা। এ জেলা ২১°৫৩'৩৭" হতে ২৩°৪'১০" উত্তর অক্ষাংশে এবং ৮৯°৫১-৫০" হতে ১৯°৪'৮" পর্ব দ্রাঘিমার মধ্যে অবস্থিত। সমুদ্র সমতল থেকে এ জেলায় উ চতা গড়ে ১২ ফুট।[৪] জেলার সামগ্রিক আয়তন নদীসহ ২,৭৯২ বর্গমাইল। ১৯৭৪ খ্রিষ্টাব্দে লোক গণনা অনুযায়ী জেলার মোট জনসংখ্যা ৩৯,০৬,৭০৫। জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গমাইলে ১,৪০৭ জন। ১৯৮১ সালের আদম শুমারী অনুসারে জেলার মোট জনসংখ্যা ৪৬,৬৭৬৭৩ এবং প্রতি বর্গমাইলের ঘনত্ব হলো ১,৬৭২ জন। [৫]জেলার দক্ষিণাঞ্চলের সমুদ্রোপকূলে সুন্দরবন নামে বিস্তীর্ণ বনভূমি রয়েছে। জনশ্রুতি আছে যে, অতীতে সুন্দরবন এলাকা সমৃদ্ধ ও জনবসতিপূর্ণ ছিল। [৬] অন্য একটি প্রচলিত মত যে এক সময় এ জেলা সুন্দরবনের পশ্চাতে ক্ষুদ্র উপসাগর যা

Dhaka University Institutional Repository

ল্যেগুন আকারে বিদ্যমান ছিল। গঙ্গা, মেঘনা, ব্রহ্মপুত্র ইত্যাদি বড় বড় নদীর প্রবল স্রোতে বাহিত পলি দ্বারা এই ল্যেগুন ধীরে ধীরে ভরাট হয়ে যায়। গঙ্গা পশ্চিম পার্শ্ব এবং মেঘনা ব্রহ্মপুত্র পূর্ব পার্শ্ব ভরাট করেছে। নদী তীরবর্তী এলাকার প্রথম দিকে দশ থেকে পনের মাইল প্রশস্ত বিক্ষিপ্ত দ্বীপপুঞ্জ জেগে উঠে। বিচ্ছিন্ন দ্বীপগুলি কালক্রমে অখণ্ড ভূমিতে পরিণত হয়। জেলার দক্ষিণাংশে একাধিক ক্ষুদ্র ক্ষুদ্র ল্যেগুন ছিল। দক্ষিণাঞ্চলের এই লবানক্তত্তার জন্য উনিশ শতকের পূর্ব বোজরগউম্মেদপুর এবং সেলিমাবাদ পরগনার বওসংখ্যক দ্বীপে লবন প্রস্তুত হত।[৭]

ভূপ্রকৃতির দিক দিয়ে জেলাকে পূর্ব ও পশ্চিম দুটি ভাগে ভাগ করা যায়। পূর্বভাগে উপপলি গঠিত বও দ্বীপমালা আছে। এখানে জলাভূমি ও নদী আছে। পশ্চিমাঞ্চলের বিশাল মূল ভূখণ্ড শক্ত এটেঁল মাটি দিয়ে গঠিত। বার্ষিক প্লাবণের সময় তিনমাস জলে নিমজ্জিত থাকে।

বর্তমান বাখরগঞ্জের সমগ্র ভূখণ্ডবাকলা রাজ্য বা বাকলা জমিদারির অন্তর্ভুক্তছিল। ১৫৮২ খৃস্টাব্দে টোডরমলের রাজস্ব তালিকায় বাকলা একটি সরকার ছিল এবং বাকলা শ্রীরামপুর, শাহাবাজপুর ও ইদিলপুর এই চারটি পরগনা এর অন্তর্ভুক্ত ছিল।[৮] ১৫৮৬ খ্রিষ্টাব্দে পরিব্রাজক রালফ্ ফিচ উল্লেখ করেছেন যে বেঙ্গলার চাটিগ্রাম থেকে তিনি যখন বাকলায় এসেছিলেন, তখন একজন হিন্দু সেখানকার রাজা ছিলেন।[৯] বাকলা সম্পর্কে মুঘল ঐতিহাসিক আবুল ফজল তার আইন-ই আকবরী গ্রন্থে বলেছেন যে বাকলা সরকার সমুদ্র উপকুলে অবস্থিত ছিল। তিনি বাকলা একটি দেশ ও বন্দরের কথা উল্লেখ করেছেন। হেনরী খিভারীজ মনে করেন বাকলাই 'কচুয়া' নামে অভিহিত ছিল। ১৫০০-১৫০৮ খ্রিষ্টাব্দের একটি পর্তুগীজ রিপোর্ট থেকে জানা যায় যে এই জেলায় একটি উৎকৃষ্ট পোতাশ্রয় সহ শহর ও একটি বিরাট সমুদ্র বন্দর (বেঙ্গলা) ছিল।[১০] শহরের অধিকাংশ অধিবাসী ছিল মুসলমান। তাদের মধ্যে অনেকেই ছিল বড় বড় ব্যবসায়ী এবং জাহাজ মালিক তবে ১৫১৮ খ্রিষ্টাব্দের প্রাকৃতিক বিপর্যয়ের পর তৎকালীন কোন রির্পোটে সঠিকভাবে এই শহরের উল্লেখ আর পাওয়া যায় না। ১৫৫৯ খ্রিষ্টাব্দে পর্তুগীজরা বাকলার রাজার সঙ্গে ব্যবসা এবং সামরিক চুক্তিতে স্বাক্ষর করে এবং তারা বাকলাকে চট্টগ্রাম একটি নদী বন্দর হিসেবে

Dhaka University Institutional Repository

ব্যবহার করতে চেয়েছিল। বাকলা রাজ্য গৌড়ের মুসলিম সুলতানের প্রতিনিধি এক হিন্দু রাজার দ্বারা শাসিত হত।

নলছিটি থানার বারৈকরন হতে ১৭৯২ সনে বাকেরগঞ্জে সিভিল জজ ও সুন্দরবন কমিশনারের দপ্তর স্থানান্তর করা হয়। ১৭৯৭ সালে বাখেরগঞ্জ জেলা প্রতিষ্ঠিত হয়। বাখরগঞ্জ জেলা সদর দফতর শ্রীমন্তপুর খালের তীরে অবস্থিত ছিল। শ্রীমন্তপুর খাল 'খয়রাবাদ' নদীতে প্রবাহিত। নদীতে চরপড়ার ফলে বাকেরগঞ্জে বন্দরে যাতায়াত অসম্ভব হয়ে পড়ে। বাণিজ্য বন্দর হিসেবে বাকেরগঞ্জের গুরুত্বও হ্রাস পায় অন্য দিকে বিদ্রোহী কৃষকদের আক্রমন থেকে বাকেরগঞ্জ নিরাপদ ছিল না। ১৮০১ সালে ১লা মে নিজামত আদালত জেলা দপ্তর বাকেরগঞ্জ হতে বরিশালে স্থানান্তরে নির্দেশ দেয়।[১১] জেলা দপ্তর প্রতিষ্ঠার পর শহরের গুরুত্ব বৃদ্ধি পেতে থাকে।

বরিশালের প্রাচীন নাম 'গিরদেবন্দর'। 'গিরদে' অর্থ একটি নির্দিষ্ট এলাকা। বরিশাল সদর দপ্তর প্রতিষ্ঠায় পূর্বে এটি একটি বন্দর হিসেবে পরিচিত ছিল। সুগন্ধানদীর তীরে শতের শতকে 'গিরদেবন্দর' গড়ে উঠে। উত্তরে চকেরপুল, দক্ষিণে জেলা স্কুলের খাল এবং পশ্চিমে সদর রোড পযন্ত বরিশাল মৌজা বা 'গিরদেবন্দর' বিস্তৃত ছিল।[১২] এর আয়তন ছিল আষট্টি (৬৮) একর। বরিশাল মৌজার তালুকের মালিকের নাম হরিরাধা নাথ দাস। মানিক দেবী চরণ ও অন্যান্যরা (১৮৩১ খ্রিষ্টাব্দে সরকার মালিক রামকানাইরায়ের নিকট হতে বরিশাল মৌজা ক্রয় করে।[১৩] বরিশালের প্রধান গ্রামগুলি হল, কাউনিয়া, আলেকান্দা, বগুড়া, সাগরদী, আমনতগঞ্জ। কাউনিয়ার আয়তন ৪১৪.৪৫ একর। বগুড়া আলেকান্দা ১০৪১৭৪ একর মোট ৬৮৫৬.৬৩ একর নিয়ে বরিশাল শহর বসতি ছিল না। তবে কয়েকজন ইংরেজ ও পর্তুগীজ বনিক কুঠি নির্মাণ করে বাস করতো। কুঠিগুলি হল শিববাড়ীর বিল্ডিং, বেতার ভবনের ভিতরে কয়েকটি ভবন, পুলিশ সুপারের ভবন। বরিশাল সদরদপ্তর প্রতিষ্ঠার পর এ ভবন গুলোতে অফিসের কাজের জন্য ব্যবহার হয়।

বরিশাল বা গিরদেবন্দর দক্ষিণ বঙ্গের বিখ্যাত লবন চৌকি ছিল। এলাবন চৌকির নাম ছিল 'দক্ষিণ পূর্ব চৌকি বরিশাল'।[১৪] বাকেরগঞ্জের সহকারী কালেকটর বরিশাল লবন চৌকির তত্ত্বাবধায়ক ছিলেন। বরিশাল

Dhaka University Institutional Repository

লবন চৌকির অধীনে কয়েকটি লবনচৌকি ছিল। লবন দারোগা এক একটি চৌকির দায়িত্বে ছিল। মুঘল ও সুলতানী আমল হতেই এখানে লবন উৎপাদন হত। মুঘল আমলে ব্যবসায়ীদের নিকট হতে শুল্ক আদায় করা হত। শুল্ক আদায়ের প্রধান চৌকি ছিল 'গিরদেবন্দর'। ১৬০২ সালে রাজা রামচন্দ্র মাধবপাশায় রাজধানী প্রতিষ্ঠা করেন। এই রাজধানীকে কেন্দ্র করেই এই বন্দর গড়ে উঠেছিল।[১৫)] প্রথমে এখানে লবন ব্যবসায়ীরা লবন গোলাজাত করে রাখতো এবং তা বিভিন্ন স্থানে রপ্তানী করতো। মুঘল ও নবাবী আমলে বনিকদের নিকট হতে শুল্ক আদায় করা হতো। লবন ব্যবসায়ীদের বড় কেন্দ্র ছিল 'গিরদেবন্দর'।

বরিশাল নামের উৎপত্তি নিয়েও মতান্তর আছে। ইউরোপীয় বনিকগণ 'গিরদেবন্দরকে' 'বড়িশল্ট' বলতো। 'বড়িশল্ট' পরিবর্তিত হয়ে বরিশাল হয়েছে এবং তা থেকে গিরদে বন্দর বরিশাল নামে পরিচিত হতে থাকে।[১৬)] অনেকের মতে 'গিরদেবন্দরকে' 'গ্রেটবন্দর' বলতো এবং 'গ্রেটবন্দর' পরিবর্তিত হয়ে বরিশাল হয়েছে। আবার কেউ কেউ বলেন বরিশালে পূর্বে বড় বড় শাল বৃক্ষ ছিল। তাই নাম করণ হয়েছে বরিশাল। কিন্তু বরিশাল কোন সময় শাল বৃক্ষ ছিল না।[১৭)] তবে ধারণা করা হয় যে, 'বড়িশল্ট' হতে বরিশাল নামকরণ হয়েছে।

বাঙজাতি এখানে প্রায় তিন হাজার বছর পূর্বে জলাভূমি অবাদ করে বসতি স্থাপন করে। তারা বন্যা ও লবন পানি হতে রক্ষা পাওয়ার জন্য আল বা বাধ নির্মাণ করতো। এজন্য বাঙ জাতিকে 'বাঙালা' বলা হতো। বাঙালা পরিবর্তিত হয়ে বাকলা হয়েছে। প্রাচীনকালে বাকেরগঞ্জের উত্তরে এদের নিবাস ছিল। তাই বলা যায় বাঙাল জাতির আদি বাসস্থান বরিশাল। তাদের একটি গোষ্ঠীকে 'চন্দ্রগুপ্ত' বলা হত। এবং তাদের নামানুসারে চন্দ্রদ্বীপ নাম করন হয়। চন্দ্রদ্বীপের অধিবাসীদের বাক লাইয়া বা বাঙাল বলা হত। আজও অনেকে বরিশালবাসীদের বাঙাল বলে থাকে। সম্রাট আকবরের সময় বাকলা নাম রাজনৈতিক পরিচিতিও লাভ করে। এবং অধিবাসীরা আঞ্চলিক ভাষায় কথা বলত। আগাবাকের ১৭৪০ সনে সুগন্ধার শাখা নদী খয়রাবাদের তীরে একটি গঞ্জ বা হাট প্রতিষ্ঠা করেন এবং নিজ নামে গঞ্জের নাম দিলেন বাখরগঞ্জ। ১৭৯৭ সনে বাকেরগঞ্জ জেলা প্রতিষ্ঠিত হয়। প্রশাসনিক কাজ করবার অসুবিধার কারণে ১৮০১ সনে ১লা মে নিজামত

Dhaka University Institutional Repository

আদালত জেলা দপ্তর বাখরগঞ্জ হতে বরিশালে স্থানান্তরের নির্দেশ দেয়। বরিশালে জেলার সদর দপ্তর প্রতিষ্ঠিত হওয়ার পর এর নামেই প্রশাসনিক পাস পরিচালনা করা হয়।

এ জেলার অধিবাসীগণ বাংলাদেশের অন্যান্য অংশের ন্যায় কোল ভিল ও বিভিন্ন উপজাতীয়দের পূর্ব পুরুষ। যাদেরকে অস্ট্রিক বা ভেত্তিড বলা হয়। পরবর্তীকালে বহুশ্রেণীর মানুষের আগমন ঘটে যেমন হেমো আলপাইনিজ। এই নবাগতরাই জেলার ব্রাহ্মণকায়স্থ ও অন্যান্য বাঙালী হিন্দুদের পূর্বপুরুষ। পরবর্তীতে মুঘলগণের আগমণ ঘটে যারা ছিল মুসলমান সম্প্রদায়ভুক্ত। এছাড়া আরাকান (বার্মা) থেকে বেশ কিছু সংখ্যক মঘ এই জেলায় বসতি স্থাপন করে।[১৮] ব্রিটিশ শাসনামলে ইংরেজ শাসক, ধর্মপ্রচারক, ও অন্যান্য ব্যবসায়ী বা বসতি স্থাপন করে। এছাড়া পর্তুগীজরাও ব্যবসা বাণিজ্য উপলক্ষ্যে এখানে আগমন ঘটে।

ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য

১৯৭৪ সালের আদমশুমারী অনুযায়ী বাখরগঞ্জ জেলার মোট জনসংখ্যা ৩,৯২৮.২৫০। এই সমগ্র জনসংখ্যার প্রধান ভাষা বাংলা মাতৃভাষা ছাড়া অন্যান্য ভাষাভাষীগুলোকের জনসংখ্যা এ জেলায় অত্যন্ত নগন্য। পটুয়াখালী বাদে ১৯৬৯ সালের আদমশুমারী অনুযায়ী এক বা একাধিক প্রধান ভাষা ব্যবহারকারী জনসংখ্যা ছকে দেয়া গেল (District Census Report Bakerganj, part-62)

ভাষা- বাংলা-৩০,৬৭,৩৮০, ইংরেজি-১৭,৫৯৯, উর্দ্দু-১০,০৮৮, আরবি-১৮৭৬, ফার্সি-৭৪৭, সিন্ধি- ৩২৯, পাঞ্জাবী-৭৮, পুশতু- ৪৩ জন।

বাখরগঞ্জ জেলার ভাষার সাথে মিল আছে। এ তার প্রধান প্রধান বৈশিষ্ট্য নীচে উল্লেখ করা হল। উ চারন ঃ (১) শব্দের আদিতে 'শ', 'ষ', 'স' ধ্বনি 'হ' রূপে উ চারিত হয়। যথা শিয়াল 〉 হিয়াল, শাক 〉 হাক, শাপলা 〉 হাপলা, শামুক 〉 হামুক, সকল 〉 হগল

(২) শব্দের আদিতে 'ক' 'ত' কিংবা 'ফ' ধ্বনি কখনও কখনও 'হ' ধ্বনি রূপে উ চারিত হয়। যথা তখনো 〉 হেয়নো, ফেলে দাও 〉 হালাইয়া দেও, তাহা কেন 〉 হেয়া কেন, করকি 〉 হর কি। কখনও কখনও শব্দের

Dhaka University Institutional Repository

মধ্যবর্তী 'ক' ধ্বনি ও 'হ' ধ্বনি রূপে উ চারিত হয়। যেমন আকাল 〉 আহাল (দর্ভিক্ষ)।

(৩) দুই বর্ণ বিশিষ্ট শব্দের শেষে 'ট' বা 'ঠ' বর্ণ থাকলে তা 'ড' রূপে উ চারিত হয়। যেমন ঃ মিঠা 〉 মিডা, পিঠা 〉 পিডা, বেটা 〉 ব্যাডা।

(৪) শব্দের আদিতে 'হ' বর্ণ থাকলে তা কখনো কখনো লোপ পায়। যেমন- হাল 〉 আল, হালি 〉 আলি, হইছে 〉 অইচে ইত্যাদি।

(৫) বিশেষ্যের শেষে 'গো' ধ্বনি যোগ করে বওবচন গঠিত হয়। যেমন- আমাদের 〉 আমাগো, তোমাদের 〉 তোমাগো, তাহাদের 〉 হেগো ইত্যাদি।

এ জেলার কয়েকটি প্রচলিত শব্দ। যেখানে 〉 হেয়ানে, এখানে 〉 এম্মে, কোথায় 〉 কোম্মে, আমি 〉 মুই 〉 মোগো (বওচন), তুমি 〉 তুই, বুঝেছো 〉 বোজ্জো ইত্যাদি।

ক্রিয়া- (৬) কোন কোন ক্রিয়া না বোধক অর্থে ব্যবহৃত হলে ক্রিয়ার অন্দে 'বুজি' বা 'বোচোন' অনুসর্গ যুক্ত হয়। যেমন- যেওনা 〉 যানবুজি অথবা যানবোচোন।

(৭) অতীতকাল- উত্তম পুরুষে যাওয়া ক্রিয়ারূপ- আমি গেলাম, মধ্যম পুরুষে- তুমি যাবা, প্রথম পুরুষে- হে যাকে ইত্যাদি।

(৮) সাধারণ অতীতকালে মূল ক্রিয়াপদের অন্তে অল্লাম, অল্লা, অল্লো অনুসর্গ যুক্ত হয়। ভবিষ্যতকালে প্রধান ক্রিয়ার অন্তে বচনও পুরুষ ভেদে 'আমি' অব এবং আব অনুসর্গ ব্যবহৃত হয়। আবার কখনো মুলক্রিয়ার শেষে 'অনে' অনুসর্গ বসে, যথা- দিমুঅনে, কুমুঅনে, করামুঅনে, যামুঅনে ইত্যাদি।

(৯) স্থানীয় কথ্য ভাষায় মহাপ্রান ধ্বনি 'খ' 'ঘ' 'ছ' 'ঝ' ইত্যাদি অঘোষ ধ্বনিতে পরিণত হয়। যথা- ঘর 〉 গর, ধান 〉 দান, ভাত 〉 বাত ইত্যাদি।

Dhaka University Institutional Repository

বাখরগঞ্জ জেলার ভাষার নমুনা- "একজন মানুষের দুগগা পোলা আছিল। তাগো মদ্যে ছোটগগা হের বাপরে কইল বাবা বিত্তের যেভাগ মুই পামু তা মোরে দেও। হেতে হে হেয়গো মধ্যে বিত্ত ভাগ হরিয়া দিল।"

আধুনিক বাংলা- "একজন মানুষের দুটি ছেলে ছিল। সম্পত্তির যে ভাগ পাব তা আমাকে দাও। সেজন্য সে (পিতা) তাদের মধ্যে সম্পত্তি ভাগ করে দিল।"

দলিল বিভাজন

বাংলা পাণ্ডুলিপি বিভিন্ন স্থানে বিভিন্ন সময় পাওয়া গেলেও বরিশাল মহাফেজ খানায় প্রাপ্ত দলিল দস্তাবেজগুলি এই প্রথম পাওয়া যায়। উল্লেখ করা যায় যে ১৮২২ (বাংলাদেশ জেলা গেজেটিয়ার বাখরগঞ্জ পৃঃ ২৩৪) খ্রিষ্টাব্দের ঝড়ে পুরাতন দলিলপত্রগুলি নষ্ট হয়ে গিয়েছিল। অতিগুরুত্বপুর্ণ ও ঐতিহ্য মণ্ডিত হলেও বরিশালের অতীত ইতিহাসের তথ্য সম্বলিত অনেক দলিল দস্তাবেজই সংরক্ষণ করা সম্ভব হয়নি। যার ফলে অনেক মূল্যবান তথ্য কালের গর্ভে হারিয়ে গিয়েছে। এ পরিপ্রেক্ষিতে যে দলিলগুলো পাওয়া গিয়েছে তা কালের অমূল্য স্বাক্ষী। যা বাংলা সাহিত্য ও ভাষাভাষীদের ক্ষেত্রে জ্ঞান অন্বেষণের সহায়ক হবে।

১৮১১-১৮১৮: এ পর্যায়ের দলিল ১৪১টি। কর্জপত্রঃ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯ ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩১, ৩২, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭. ৪৯, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৭, ৬৮, ৭০, ৭১, ৭৩, ৭৬, ৭৭, ৭৯, ৮০, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ১০০, ১০২, ১০৩, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২২, ১২৩, ১২৭, ১২৮, ১২৯, ১৩২, ১৩৩, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮। মালজামিনী পত্রঃ ৫, ৫০, ৫১, ৫২, ৫২, ৫৩, অলিআহাদনামাঃ ৫৪, কর্জআদায়ে

Dhaka University Institutional Repository

বরাতীপত্র: ৬১, একরারপত্র: ৬৬, ৭২, ৮১, হাজীরজামিনী ও মালজামিনী পত্র: ৭৪, ৭৫, কর্জতমকস্মুকিপত্র: ৯০, ১০১, ১০৪, ১১৯, খালাষপত্র: ৭৮, কিস্তিবন্দীরুপাইয়াবাবদেকর্জপাওনাপত্র: ৯৯, ১২৫, কিস্তিবন্দীরুপাইয়া বাবদে কর্জতমকষুকিপত্র: ১৩৭, কিস্তিবন্দী খালাষপত্র: ১২৬, জমীজমা রফানামা ও একরারপত্র: ১৪০, রশীদপত্র ১৪১,

দলিলের লিপিস্থল ও রেজিস্ট্রেশনের অফিসও উল্লেখিত হয়েছে। দলিলগুলিতে বরিশাল জেলার বিভিন্ন গ্রাম, পরগনা, তপ্পা, মৌজা, সাকিন ও এলাকার নাম পাওয়া যায়। এ জেলা অসংখ্য নদী নালা আছে তাই এ দলিলে আমরা কিছু নদী ও চর এর নাম পাই। যেমন- দলিল লিপিকর এবং সাক্ষীদের ঠিকানা গ্রাম প্রত্যেকটি দলিলেই লিখিত আছে। বাংলা সন এর পাশাপাশি ইংরেজিসন ও তারিখ এবং বাংলা শব্দের নামে ইংরেজিও আরবি ফার্সি শব্দ ও সমান ভাবে ব্যবহৃত হয়েছে। সন তারিখে লিখিত থাকায় আমরা প্রত্যেকটি দলিলকে সময়ের ক্ষেত্রে সঠিক ভাবে মূল্যায়ন করতে পারছি। যা বাংলা সমাজ, সংস্কৃতিও ভাষার ইতিহাস নির্মাণে সহায়ক ভূমিকা রাখতে পারে।

এ পর্যায়ের দলিল গুলির মধ্যে দলিলের ফার্সি ভাষায় ব্যবহার রয়েছে। বাকী ১ থেকে ৫২ নং পর্যন্ত দলিলে ফার্সি অনুবাদ নেই। ইংরেজি দস্তখত সহকারে রেজিস্ট্রেশনের দিন তারিখ ও স্থানের নামও উল্লেখ আছে। সাক্ষী প্রত্যেকটি দলিলেই আছে।

দলিলগুলোতে প্রাপ্ত স্থানগুলো ঐতিহাসিক ও জনগরূত্বপর্ণ। এ নামগুলো সাথে বাংলার প্রশাসনের দীর্ঘ ইতিহাস ও ঐতিহ্য জড়িয়ে আছে। ভূমি প্রশাসন, রাজনৈতিক ব্যক্তিত্ব, রাজনীতির উথান পতন, লোকায়ত সমৃদ্ধি খুজে পাওয়া যায়। মুঘল আমলে বাংলাকে ১৯টি সরকার ও ৬৮২টি পরগনায় ভাগ করেছিল। বাকলা তিন সরকারের মধ্যঅংশ। বাকলা সরকার পরবর্তি কালে চন্দ্রদ্বীপ নামে পরিচিত হয়। পশ্চিমাংশ খলিদাতাবাদ সরকার পর্বাংশ ফতেহাবাদ সরকার। খলিফাবাদ-সেলিমাবাদ, বাকলা সরকার-ইসমাইলপুর, শ্রীরামপুর, ইদ্দিলপুর, ফতেহাবাদ সরকার, শাহাবাজপুর মুঘল ভূমি রাজস্ব প্রশাসনের উল্লেখযোগ্য পরগনাগুলির নাম আমরা এ দলিগুলোর মধ্যে পাই। যেমন- সেলিমাবাদ, ইদ্দিলপুর, শ্রীরামপুর, শাহবাজপুর,

Dhaka University Institutional Repository

সিলেমাবাদ পরগনা পরবর্তি সময় সেলিমাবাদ নামে পরিচিতি লাভ করে। সম্ভবত- সম্রাট শাহজাহান এর ডাক নাম ছিল সেলিম, তার নাম অনুসারেরই এ পরগনার নাম হয় সেলিমাবাদ।

ইদিলপুর- মুঘল আমলে বাকলা সরকার এর অন্তর্গত একটি পরগনা ছিল (১৫৫৬-১৬০৫)। (১৭২৭-১৭৩৯) এ পরগনাটি সুজাউদ্দিনখানের আমলে জাহাঙ্গীর নগর চাকলার অন্তর্গত করেছেন। (১৭৬০-৬৩) ঢাকা ভূমি রাজস্ব মীরকাসেম আলী খানের শাসনামলে-বাখরগঞ্জের অর্ন্তভূক্ত জমিদার গুলির মধ্যে ইদিলপুর একটি। সবচেয়ে বড় জমিদারি ছিল। এটি। এই জমিদারী ছিল জোড়াশাকোর ঠাকুর বংশের। ১৮১২ খ্রিষ্টাব্দে পর্যন্ত এ জমিদারী তাদের দখলে ছিল। ১৭৫৮-৫৯ খ্রিষ্টাব্দে (বাংলা ১১৬৫ সন) মূলমালিক ছিলেন রাজবল্লভ। ১৮১১ খ্রিষ্টাব্দে ঢাকা থেকে এটি বিচিছন্ন হয়।

শাহাবাজপুর- মুঘল আমলে সুজাউদ্দীন খানের ফতেহাবাদ সরকার এর অর্ন্তগত একটি পরগনা। উত্তর শাহবাজপুর এবং দক্ষিণ শাহবাজপুর নামে পরিচিত হয়।

মুসলমান শাসন আমলে দক্ষিন শাহবাজপুর (বর্তমান ভোলা) এবং মীর্জানগরের অধীনে একটি জমিদারী ছিল। এ জমিদারী ১৭৮০ এবং ১৭৮৬ খ্রিষ্টাব্দে মধ্যে বিক্রি হয়। ১৮০৬ খ্রিষ্টাব্দে শাহবাজপুরের দ্বীপসমহ হাতিয়া এবং বলেশ্বর নদীর পশ্চিম তীরে অবস্থিত কচুয়া। বাখরগঞ্জ জেলার অর্ন্তর্ভূক্ত ছিল। তবে বাখরগঞ্জ জেলা গঠন হওয়ার পূর্বে থেকেই দক্ষিণ শাহবাজপুর দ্বীপটি মহাকুমা হিসেবে ছিল। ১৮২২ খ্রিষ্টাব্দে মহাকুমারকে পৃথক করে নোয়াখালিতে যোগ করে দেয়া হয়। মহকুমাটির আয়তন ৮১৮ বর্গমাইল ১৯১৫ খ্রিষ্টাব্দে এই মহাকুমার থানাগুলি ছিল ৯১) ভোলা (২) দৌলত খান (৩) বোরহানউদ্দিন ৯৪) তমুযুদ্দীন ১৯৭৪ সাল অনুসারে লালমোহন চরফ্যাশন ও মনপুরা যুক্ত হয়।

বোজরগউমেদপুর- বাংলা সুবেদার শায়েস্ত খানের পুত্র (১৬৬৪-৭৮) এবং (১৬৮০-৮৮) বোজরগ উমেদমান তিনি মুঘল বাহিনীর সর্বাধিনায়ক ছিলেন। তিনি নোয়াখালীর ভূখণ্ড থেকে আরাকানীদের বহিষ্কার করেন। ধারণা করা হয় তার নামনুসারেই এই নামকরণ করা হয়েছে। বোজরগউমেদপুর এর নাম পাই ১৭২৮ সালের গ্রান্টস তার বিবরণীতে

Dhaka University Institutional Repository

সুজাউদ্দীন খানের শাসন আমলে (১৭২৭-১৭৩৯) লিখিত বাখরগঞ্জজেলার পরগনাগুলির মধ্যে। এটি বাজুহা সরকার এর অন্তর্গত ছিল।

১৭২২ সালে বাংলার শাসনকর্তা মুর্শিদকুলি খার শাসনামলে (১৭০৩-১৭২৩ খ্রিষ্টাব্দে) নতুন ভূমি ব্যবস্থাপনায় ১৩টি চাকলা ও ১৬৬০টি পরগনায় বিভক্ত করা হয়। বাখরগঞ্জ ছিল জাহাঙ্গিরনগর চাকলায় অন্তর্গত। জেমসগ্রান্ট (১৭২৮ খ্রিষ্টাব্দে) ঢাকার রাজস্ব নিযামতের রাজস্বের বিবরণীতে বাখরগঞ্জ জেলার যে পরগনার নাম লিখেছেন তার প্রায় সবই এ পর্যায়ের দলিল গুলিতে পাওয়া যায়। যেমন- উত্তর শাহাবাজপুর, দক্ষিণ শাহাবাজপুর, সেলিমাবাদ, সোনারগাঁও, সরকার রসুলপুর, কাসিমপুর সেনপাতি, বাকলা সরকার অন্তর্গত, ইদিলপুর, বীর মোহন, বাঙ্গরোড়া, চন্দ্রদ্বীপ নাজিপুর, রামনগর, শ্রীরামপুর, সুলতানাবাদ বাজুহা সরকারের অন্ত র্গত বোজরগউমেদপুর জাফ্রাবাদ, শায়েস্তাখান।

এছাড়া বাখরগঞ্জ অন্তর্গত অন্যান্য বাণিজ্য গ্রাম, খান, জমিদার, তপ্পা ও তালুকের নাম ও এসেছে। যা সময়ের বিবর্তনে কিছু স্থানের নাম পরিবর্তন হয়েছে বরিশাল জেলা ছাড়াও কতকগুলি বিশিষ্ট স্থানের নাম এসেছে। যেমন-জিলা জয়সর, বিক্রমপুর, কলকতা, বর্ধমান জেলা। এছাড়া আরও অনেক জায়গার নাম প্রচলিত ছিল যা বর্তমানে অপ্রচলিত। যেমন- সুন্দরিবন, বনগাও, কোটালীপাড়া, বাঙ্গরোড়া।

কোটালীপাড়া- বাখরগঞ্জ জেলার উত্তরাংশের (১৮৫৪) মাদারীপুর মহকুমার অন্তর্গত ছিল কোটালীপাড়া। কিন্তু দুইশত বছর পর্বে দলিলে নাম পাওয়া যায় 'কোটালীপাড়'। ধারনা করা যায় যে, 'কোটালীপাড়' সময়ের পরিবর্তনে 'কোটালীপাড়া' হয়েছে। বর্তমান কোটালীপাড়া গোপালগঞ্জের অন্তর্গত একটি থানা।

বাঙ্গরোড়া- এর বর্তমান নাম গৌরনদী। পর্বে ফরিদপুর জেলার মাদারীপুর মহকুমার অর্ন্তভূক্ত ছিল পরে ১৮০৭ খ্রিষ্টাব্দে বাখরগঞ্জ জেলার সীমানাভূক্ত হয়।

১৮১১-১৮ সালের দলিলেগুলিতে ১০৯টি কর্জপত্র। দলিলগুলিতে বৈশাখ, জৈষ্ঠ, চৈত্র, আষাঢ় মাসে ঋণগ্রহণের প্রবণতা বেশী তার কারণ হলো এ জেলার অর্থনীতি কৃষি নির্ভর। এ সময় ধান চাষের বিশেষ করে

Dhaka University Institutional Repository

ফাল্গুনের দ্বিতীয় সপ্তাহ থেকে চৈত্রের শেষ সপ্তাহ আউশ ধান বোনার জন্য উপযুক্ত। চাষাবাদের জন্য কৃষকের প্রর্যাপ্ত অর্থ ও কৃষি উপকরণ থাকেনা। স্বভাবতঃ চাষাবাদ সংক্রান্ত সকল ব্যায় করতে হয় বিধায় তাকে তা সুদ যুক্ত ঋণের আশ্রয় নিতে হয়। সুদে ঋণ গ্রহনের কুফল জানা ও বোঝা সত্ত্বেও - শতকরা ১টাকা হারে তারা সুদ মেনে নিয়ে ঋণ গ্রহণ করত। অবশ্য ঋণগ্রহণ শুধু চাষাবাদই নয় অন্য বিষয়াদি রয়েছে। যেমন- উৎসব, জমি ক্রয়, পারিবারিক কোন সমস্যা ইত্যাদি। তবে কৃষকের নিকট চাষাবাদ ই ছিল প্রধান। ঋণ গ্রহণকারী শতকরা ৮০ জনই কৃষক।

বানান প্রক্রিয়া

এ পর্যায়ে দলিলগুলো বানান পক্রিয়া ও লৈখিক রূপের জটিলতা অন্যান্য বাংলা দলিল পত্রের মতই। এ দলিলের বানান ও তার জটিলতা রহস্য উন্মোচনের জন্য কতকগুলো নিয়ম মেনে চলতে হবে। এ প্রসঙ্গে ড. মুহাম্মদ শাহজাহান মিয়া তার 'পাণ্ডুলিপিসমীক্ষা' গ্রন্থে বাংলা পাণ্ডুলিপির বিধৃত বানান রীতিকে প্রধানত দু'ভাগে ভাগ করেছেন শব্দের বৃৎপত্তি অনুযায়ী বানান ও উচচারণানুগ বানান।

শব্দের ব্যুৎপত্তি অনুসায়ী বানান এর কারণ হল পূর্বে সংস্কৃত ভাষায় সাহিত্য চর্চা বেশী হত আর সংস্কৃত থেকে ভ্রষ্ঠ 'ইতর ভাষা' বাংলা শব্দের বুৎপত্তিজনিত সমস্যার জন্ম।

উচ্চারণানুগ বানান রীতির প্রচলিত ছিল প্রাচীন বাংলা পাণ্ডুলিপিতে। কথ্য ভাষার প্রচলিত ও আঞ্চলিক ভাষার প্রভাব রয়েছে। এরসাথে যুক্ত হয়েছে আরবি ফার্সি শব্দের সংমিশ্রণ।

আরক জাতীয় বানাননীতি রয়েছে যা মলনীতি সঞ্চালন। ফলারূপে 'উ'কার নির্দেশক 'ব' ফলারূপে দ্বিত্ব নির্দেশক ব', ফলারূপে দ্বিত্বনির্দেশক 'ম', ফলারূপে দ্বিত্ব নির্দেশক 'ৎ', দ্বিত্ব নির্দেশকচ দ্বিত্ব নির্দেশক 'হ' এর ব্যবহার ও এসব দলিলে বর্তমান। এছাড়া মলনীতির সহায়ক হল অনুধাবন ও সহানুভূতি অনুকরণ, প্রেষণা। কোন বিষয়কে কাজ লাগাতে হলে তার বিস্তৃত বিবরণের চেয়ে সাধারণ মূলনীতিই অধিকতর মূল্যবান। এ কারণেই

Dhaka University Institutional Repository

গ্রহন লিপিকার মূলনীতি সঞ্চালণের সুযোগ গ্রহণ করে লেখার গতি অনেকটাই সচছল ও স্বচছন্দ হয়ে উঠেছিল।

সাদৃশ্য গত পরিবর্তন ভাষা বিবর্তনের ক্ষেত্রেই কেবল নয় বরং লিপি বিবর্তনের ক্ষেত্রে ও একটি গুরূত্বপর্ণ ভূমিকা পালন করেছিল। ফলে 'সাদৃশ্য' ঘটিত বাংলা লিপির পরিবর্তনগুলিকে অস্পষ্ট ও অপরিচছন্ন মনে হলেও তা অস্বীকার করবার পথ নেই। লিপিকারদের এই মনস্তাত্বিক ক্রিয়াটি সচেতন ও সজ্ঞান মানুষেরই চিরন্তন ও স্বভাবজ কৃতকর্ম।

উপর্যুক্ত আলোচনা বাংলা প্রাচীন পাণ্ডুলিপির শব্দের কৌশল ও উচ্চারণ বৈশিষ্ট্য রয়েছে তা প্রায় সব বাংলা পাণ্ডুলিপির ক্ষেত্রেই প্রযোজ্য। প্রাচীন বাংলা দলিল দস্তাবেজগুলোও এর আওতাভূক্ত। প্রাচীনকালে বাংলাভাষার যেমন নিজস্ব বৈশিষ্ট্য ছিল তেমনি ভাষাটি উচচারণের ক্ষেত্রেও বাঙালির নিজস্ব ঢঙটিও বিদ্যমান। যার স্বতস্ফূর্ত বহিপ্রকাশ রয়েছে দলিলগুলোতে। এর প্রেক্ষিতেই বরিশালের দলিল দস্তাবেজের লৈখিক ও মৌখিক রূপের আলোচনা করা গেল।

'ইতি' শব্দের ব্যবহার ও লক্ষনীয় বিষয়। বর্তমান বাংলা ভাষায় শুধুমাত্র ব্যক্তিগত চিঠি পত্রে 'ইতি' বা শেষ এর ব্যবহার রয়েছে। কিন্তু আঠার ও উনিশ শতকের দলিলগুলির গ্রাম প্রত্যেকটিতেই ইতি দিয়ে দলিল শেষ করা হয়েছে। যা বর্তমান বাংলা ভাষা ব্যবহাকারীদের নিকট অপরিচিত। সমাজের সর্বস্তরের মানুষই 'ইতি' শব্দটি ব্যবহার করেছেন একই উদ্দেশ্যে। দাপ্তরিক কাগজপত্রে দলিল লেখক আবশ্যক রূপেই শব্দটি এনেছেন। বর্তমান বাংলা ভাষায় ইতি শব্দের ব্যবহার সংকুচিত হয়েছে। দলিল শুরূ হয়েছে 'ইয়াদিকির্দ্দ' বা 'লিখিতং' সম্মান সচক শব্দ দিয়ে। তবে বর্তমানে দলিলে ও 'ইয়াদীর্কিদ্দ' বা 'লিখিতং' ব্যবহৃত হয় না।

আধুনিক বাংলাভাষায় 'আপনি' ব্যবহার করে বাক্যে সম্মান বা শ্রদ্ধা ভাবটি প্রকাশ করা হয়। কিন্তু এ পর্যায়ে দলিলগলিতে ভিন্নতা লক্ষণীয় এ পর্যায়ের প্রায় সব দলিলে 'তুমি' এরকম ব্যবহার রয়েছে। আপনি এর স্থলে 'তুমি' শব্দটির এক মনোভাপন্ন ব্যবহার বর্তমান বাংলা ভাষায় গ্রহণ যোগ্য নয়। তবে 'তুমি' ব্যক্তিগত সম্পর্কের ক্ষেত্রে এর ব্যবহার রয়েছে। কিন্ত রাস্ট্রায়াত্ত চিঠি পত্র বা দলিল দস্তাবেজে এর ব্যবহার নেই।

Dhaka University Institutional Repository

বিভিন্ন সময়ে প্রশাসন ব্যবস্থাও চিঠিপত্রের শব্দের ব্যবহারের ক্ষেত্রে পরিবর্তন ঘটিয়ে থাকে। যেমন- বর্তমান সময়ে বাংলাদেশে গণতন্ত্র প্রশাসন ব্যবস্থা রয়েছে। তাই রাষ্ট্রায়ত্ত চিঠি পত্রে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শব্দগুলি ব্যবহৃত হয়ে থাকে। তেমনি আঠার ও ঊনিশ শতকে ইংরেজ শাসন ব্যবস্থাকে স্থানীয় জনগণ চিঠিপত্রে 'সাহেবের সরকার' বলে অভিহিত করছেন।

প্রত্যেকাটি দলিলেই তারিখ বা দিনক্ষণ লেখার জন্য 'ঘার' এর পূর্বে 'রোজ' শব্দটি লেখা হযেছে। 'রোজ' এর অর্থ প্রত্যেহ ফার্সি এ শব্দটি বর্তমান বাংলা ভাষা ও প্রচলিত আছে। কোন নিমন্ত্রণ পত্র সভাসমিতির স্মারকপত্র ব্যবসায়িক চিঠিপত্র, ও দলিলপত্রে এ 'রোজ' শব্দটি ব্যবহৃত হয়ে থাকে। যদিও ফার্সি শব্দ তবুও বাংলা ভাষায় শত শত বছর ধরে ব্যবহৃত হয়ে আসছে।

বাংলা ভাষার আধুনিক রূপের একটি বৈশিষ্ট্য হল দাড়ি, কমা, সেমিকোলন। এছাড়া বক্যের প্রয়োজন বিশেষে বিভিন্ন চিহ্নের ব্যবহার। বরিশালের এ দলিল গুলোতে এ চিহ্নের ব্যবহার পাই না। উল্লেখ করা যেতে পারে বিদ্যাসাগর প্রথম বাংলা ভাষায় দাড়ি, কমা, ব্যবহারকে অপরিহার্য করে তুলেছেন । তাই আঠার ও ঊনিশ শতক দলিলে আমরা দাড়ি, কমার ব্যবহার পাই না। এ পর্যায়ের দলিলগুলিতে লেখাগুলি যেন "ইয়ার্দ্দি কির্দ্দ" থেকে 'ইতি' পর্যন্ত দাঁড়ি, কমা, বিহীন এক দীর্ঘ যাত্রার বাক্য। লিখন ও পঠনে যে পটু ছিল সেই সম্ভবত সঠিকভাবে বাক্যের অর্থ ও সৌন্দর্য রক্ষা করে পাঠ করতে পারতেন। উচচারণ ও পঠন পক্রিয়ার মধ্যেই এর অর্থ ও সৌন্দর্য নিহিত ছিল। যারা এ ব্যাপারে পটু ছিলেন না তারা এর সঠিক মর্মোদ্ধার ও রস আস্বাদন থেকে বঞ্চিত হতেন। এছাড়া লৈখিক রূপের ক্ষেত্রে হস্তলেখা বিষয়ক জটিলতাতো ছিলই। উভয় প্রক্রিয়া এ দলিলগুলির অর্থ আস্বাদনে জটিলতম অবস্থা সৃষ্টি করেছে।

দলিলগুলিতে ধান, জমি দ্রব্যাদি মাপ ও পরিমাপের ক্ষেত্রে বাংলা দেশজ কিছু রীতি প্রচলিত ছিল। যেমন- জমি পরিমাপের ক্ষেত্রে পাখি, কানি, বিঘা, দ্রোন, কড়া ইত্যাদি জমি পরিমাপের এ মাপগুলি তখন বেশী ব্যবহৃত বেশী। প্রায় প্রত্যেকটি দলিলেই এ শব্দগুলি পাওয়া যায়। এছাড়া জমিদারি

Dhaka University Institutional Repository

পরগনা, জিলা, নগর, মফস্বল, শহর, বসতবাড়ি ভিটা, খাদ্য ইত্যাদি শব্দগুলি পাওয়া যায়।

দলিলগুলো তুলোট কাগজে লিখা। প্রত্যেকটি দলিলেই গ্রহীতা বা বিক্রেতা উভয়ই সম্মানসূচক শব্দ দিয়ে দলিল লেখা শুরু করেছেন। তাদের বিনয় ও সৌজন্যবোধ সহজেই অনুভব করা যায়। বিশিষ্ট জন, ধনী, জমিদার ও প্রতাপশালী ব্যক্তিদের ক্ষেত্রে আরো বেশী সম্মান ও বিনয়সূচক শব্দ ব্যবহার করা হয়েছে। যেমন- 'মহাশয়' ও 'বরাবরেষু' একসাথে ব্যবহার হয়েছে ৮নং ও ১৪নং দলিলে।

দলিলগুলোতে আইনগত পদ্ধতিতে সম্পাদন করা হয়েছে। সাধারণ দলিলে দু'বা তিন জন সাক্ষী নেয়া হয়েছে। তবে বড় ধরনের ঋণ শোধ, ঋণ গ্রহণ বা জমিদারি বিক্রি ইত্যাদি ক্ষেত্রে চার পাঁচ জনের অধিক সাক্ষী নেয়া হয়েছে। যেমন- ১৮১৮ সালের ৯৯নং দলিলে ৫ জন ও ৯৮নং দলিলে ৭ জন এবং ১২৯নং দলিলে ৮ জন।

দলিলে দলিল লেখকের নাম, লেখার কারণ, স্থান, রেজিষ্ট্রার করার স্থান, জায়গার নাম, দাতা ও গ্রহীতার নাম ও সময় স্পষ্ট করে উল্লেখ করা হয়েছে। প্রত্যেকটি দলিলের শেষে সাক্ষীর স্বাক্ষর রাখা হয়েছে। তার নামের পাশাপাশি স্থায়ী ঠিকানারও উল্লেখ রয়েছে। দলিলের উপরের অংশে বায়ে এবং ডানে (কোন কোন দলিলের) সাক্ষীর স্বাক্ষর রাখা হয়েছে। প্রত্যেকটি দলিলেই তিনটি ভাষার ব্যবহার লক্ষ্য করা যায়। এগুলো হল- বাংলা, ইংরেজি ও ফার্সি। এ তিনটি ভাষা ব্যবহারের জন্য এ দলিলগুলোকে সমৃদ্ধ ও বৈচিত্রপূর্ণ করেছে। এছাড়া যথাযথভাবেই আঞ্চলিক, দেশজ ও সংস্কৃত শব্দের ব্যবহার রয়েছে। যেমন- আঞ্চলিক শব্দ 'অজ' ১১৬নং।

দলিলগুলি পর্যবেক্ষণ করলে দেখা যায় যে, একটি দলিল কোথায়, কবে, কখন কি কারণ রেজিষ্ট্রেশন হয়েছে সবই সুন্দর করে লিখিত রয়েছে। ঐ সময়কার মানুষদের সময় ও বিষয় জ্ঞান তীক্ষ্ম ছিল। দলিলের সন, তারিখ ব্যবহারের ক্ষেত্রে বাংলা ও ইংরেজি সন উভয়ই ব্যবহার করা হয়েছে। দুটি বাংলা সন তারিখ ও আরেকটি ইংরেজি সন তারিখ। যেদিন দলিলটি রেজিষ্ট্রেশন হয়েছে ঐদিনের সময় দিন, ক্ষণ ও সনটি সঠিক পাচ্ছি। যেন দলিল রেজিষ্ট্রেশনের মুহুর্তটি দলিলে বন্দী হয়ে আছে।

Dhaka University Institutional Repository

যেমন- ১৮১২ সালের ৮নং দলিল ইংরেজি- "Registered by me at 22 minutes after 12. November Thursday the 9th day of January 1812."

ইংরেজরা আগমনের ফলে এদেশে বাংলা সন তারিখের পাশাপাশি ইংরেজি সন তারিখের অনুপ্রবেশ ঘটেছে। তবে বাংলা সন তারিখ দলিল দস্তাবেজে ব্যবহার অনেক পুরাতন নিয়ম বা রীতি। ইংরেজি শব্দের ন্যায় ইংরেজিসন তারিখ বাংলা দলিল দস্তাবেজে প্রবেশ করেছে কিন্তু রীতি বা নিয়ম নয়। অর্থাৎ ইংরেজিদলিল লেখার নিয়ম ও বিষয় বস্তু লেখার ষ্টাইলটি এ পর্যায়ে দলিলগুলোতে অনুসৃত হয়নি। তার একটি উদাহরন হল সুনীতিকুমার চট্টোপাধ্যায় তার "বাংলাভাষাপ্রসঙ্গ" গ্রন্থের ব্রিটিশ নিউজিয়ামের "কতকগুলি বাংলা কাগজ পত্র" প্রবন্ধটিতে যে চুক্তিপত্রটির পাঠ সম্পর্কে আলোচনা করেছেন সেটি প্রায় দুইশত সাতাশি বছর পূর্বের অঙ্গীকারপত্র। বাংলায় এত পুরানো চিঠি বা দলিল সহজে মেলে না। এ অঙ্গীকারপত্রে '১১০৩, ১৪' আগ্রান বাংলা সন ব্যবহৃত হয়েছে। তাই বলা যায় বাংলা সন তারিখ ব্যবহার অনেক পুরোনো।

বর্তমান দলিলপত্রে দিন, তারিখ ব্যবহার হয় কিন্তু ঘন্টার ব্যবহার নেই। ঘন্টা, মিনিট, সেকেণ্ড এভাবে ঐ তারিখের মুহূর্তটিকে দলিলে যেন রেজিষ্ট্রি হয়ে আছে। ঘড়ির সময়ের এ ব্যবহারকে ইংরেজি সময় বলে অভিহিত করেছেন অনেক দলিল লেখক। ঘড়ি অর্থ্যাৎ এই সময় নির্ধারিক যন্ত্রটি ইংরেজরাই এদেশে এনেছিল। উচ্চপদস্থ ব্যক্তিগত ব্যবহার থেকেই তৎকালীণ লোকদের এ ধারনার জন্ম হয় যে, ঘড়ির সময়টি ইংরেজদের সময়। দলিলে বাঙালিরাও সময় জ্ঞান সম্পর্কে সচেতন ছিলেন। যেমন- ৮নং দলিলে সাল এবং তারিখের ব্যবহার- "১২২৮ সাল তেরিখ ১০ পৌষ"।

দলিলের দাতা ও গ্রহিতা একটি নির্দিষ্ট বিনিময় মল্য নির্ধারণের মাধ্যমে তাদের জমি বা দ্রব্যাদি ক্রয় বা বিক্রয় করেছেন। এর দ্বারা অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি সুর্নিদিষ্ট ও সুশৃখলরীতিই পরিলক্ষিত হয়। দলিল রেজিষ্ট্রি করার মধ্য দিয়ে দুইশত বছর পুরানো বরিশাল অঞ্চলের মানুষের উন্নত মানসিকতা ও আইন সচেতনতা লক্ষণীয়। দলিলে জনগণ তৎকালীণ প্রচলিত (ব্রিটিশ ও অন্যান্য জমি সংক্রান্ত আইন) আইন সম্পর্কে সাধারণ ধারনা ও ব্যবহার সম্পর্কে তারা সচেতন ছিল। যেমন- ৫১নং দলিলে ২৩৩৮৭ নম্বরে নালিশ করা হয়েছে। ৪৬নং দলিলে ৪৯ কানুনের ধারা

Dhaka University Institutional Repository

উল্লেখ করা হয়েছে। আইন সম্পর্কে তাদের ভাল জ্ঞানও ছিল। দাতা গ্রহীতা উভয়ই আইনের সকল নিয়ম ও নীতি সর্বত্র ভাবে মেনে নিয়ে দলিল রেজিষ্ট্রি করেছেন। সাক্ষী কোর্টের র্নিদিষ্ট ফি, উকিল, দলিল লেখক ইত্যাদি বিষয়ের খরচাদিও লিখিত রয়েছে। দলিলের দাতা ও গ্রহিতা এবং সাক্ষীগণ অনেক দুর দুরান্ত থেকে কোর্টে (বরিশাল) এসেছে যা সত্যি বিস্ময়কর। এ থেকে তৎকালীণ বরিশাল অঞ্চলের মানুষদের উন্নত মানসিকতা ও সমৃদ্ধ বরিশালের সচিত্র রূপ প্রতিফলিত হয়েছে।

এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, ১৮০০ সালে উইন্টল- তার (১৮০০ সনে ২ ফেব্রুয়ারী) বিবরণীতে লিখেন "স্টাম্প ফি প্রবর্তনের ফলে মামলার সংখ্যা হ্রাস পেয়েছে। স্টাম্পের মুল্য খুব বেশী ছিল। ২ টাকা দাবী মামলার অন্য একজন অভিযোগকারীকে স্টাম্প ফি সহ ৭ টাকা ৬ পয়সা খরচ করতে হত। ওকালতনামায় মল্য ছিল ৪ টাকা। উকিলেরা মামুলীভাবে মামলা পরিচালনা করতো এবং তাদের মধ্যে প্রভাবশালী উকিল ছিল না।"

দলিলগুলোর প্রত্যেকটি কোন না কোন সম্পদের লেনদেন বিষয়ক। বিক্রিত সম্পদ, ইজারাদার, কর্জ ও কর্জশোধ, বিবাহের উপহার, জমির ইজারাদার বিভিন্ন বিষয়ই দাতা ও গ্রহিতা হস্তান্তর করেছেন র্নিদিষ্ট বিনিময় মল্য নির্ধারণ করে। যেমন- ৭১নং দলিলে ১৯০১টাকা ঋণ নিয়েছেন ১ টাকা সুদে। উল্লেখ করা যেতে পারে সমসাময়িক দলিলগুলোতে টাকার বিভিন্ন নাম পাই। যেমন- সিক্কা- ৬৩নং, কলসিক্কা-৬৪নং, টাকী- ২৮নং, টক্কা-১৭নং, রূপাইয়া-১২নং।

৭১নং দলিলে ঋণগ্রহনে একটি ব্যতিক্রম চিত্র পাচ্ছি । চন্দ্রদ্বীপ পরগনায় খাঞ্জেনুর তালুকে হিস্যাদার শ্রীখাজে সদরউল্লা ও শ্রীখাজে বদলুর। এর দুই ভাই নাবালগ ছিলেন। তাদের মাতা শ্রীবিবির ফাতি খোরপোষের জন্য চারসনের মেয়াদে ১ টাকা সুদের ১৯০১ টাকা ঋণ নিয়েছেন। পরবর্তিকালে দুইভাই বোরডের হুকুম মতে (সাবালক হলে) নাবালকি বিদায় দেন। তাদের খোরপোষের জন্য নেওয়া ঋণ পরিশোধের দায়িত্ব নিজেরাই নিয়ে নেন।

Dhaka University Institutional Repository

১৮১১ সালের ৫নং দলিলে মালজামীনিপত্রে আরেকটি চিত্র পাচ্ছি। দেন মাহরের নির্ধারণ করা হয়েছে জমিদারি দিয়ে। জনৈক সৈদ হোসনদ্দিন মাহাম্মদ চৌধুরী তার মায়ের দেনমোহরের থেকে প্রাপ্ত জমিদারি পরিচালনা করতেন। তার পূর্বে জমিদারি পরিচালনা করতেন মাতা। তৎকালীন মুসলিম সমাজে উচ্চ শ্রেনীর মধ্যে দেন মোহরের প্রচলন ছিল।

বাখর গঞ্জের জেলা গেজেটিয়ার তথ্য অনুযায়ী বরিশালের দক্ষিণ বঙ্গে বিখ্যাত লবন চৌকি ছিল এ তথ্যটির যর্থাথতা খুজে পাওয়া যায় ৭৪ ও ৭৫ নং দলিলে। ব্রিটিশ নাগরিক মেস্তরজানকিংলাক সাহেব মধ্যম জিলার নমক চৌকিয়াতের সুপ্রেন্টেডেন্ট ছিলেন।এবং ব্রিটিশ নাগরিক এসব গুরুত্বপূর্ন পদগুলোর প্রধান ছিলেন। এখানে উল্লেখ্য করা যেতে পারে, ব্রিটিশ প্রশাসনের কোন খাজাঞ্জী বা মুহরি পদের চাকুরিতে সম্ভ্রান্ত ব্যক্তি দ্বারা মাল জামানতির প্রয়োজন হত। যেমন- ৭৫নং দলিলে বর্দ্ধমান জেলার জাহাঙ্গীরাবাদ পরগনার শ্রীকালিনারায়ণ রায় এর লবন চৌকির মুহরী ছিলেন। বাকরগঞ্জ জেলার নিবাসী শ্রীরামদুল্লভ তার মালজামিনী হয়েছেন। ১২৫নং দলিলে শ্রীপ্রতাপ নারায়ণ খাজাঞ্জী ছিলেন। তার মালজামিনী- হয়েছেন শ্রীহোসনদ্দীন মোহাম্মদ চৌধুরী।

বরিশালের দলিলগুলোর আরেকটি বিশেষ বৈশিষ্ট্য হল- দলিলগুলোর উপরিভাগের ইংরেজ মেজিস্ট্রেটের (ইংরেজিতে লিখিত) দিন, তারিখ ও স্থানের উল্লেখসহ স্বাক্ষর। বাংলা দলিল দস্তাবেজে একজন ব্রিটিশ নাগরিকের তথা ব্রিটিশ প্রশাসনের গুরুত্বপর্ণ ব্যক্তির এরকম প্রত্যক্ষ স্বাক্ষর এখানে পাওয়া গিয়েছে। যেমন- ১৮১১-১৮১৬-(১নং দলিল)

"Registered by me 12 minutes after 11 A.M. on Tuesday the 3rd of Septembre 1811." Beinary dieds ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর (নাম পাঠোউদ্ধার করা যায়নি)।

উল্লেখ করা যেতে পারে যে, বেটি (Betty) ১৮০৭-১২ পর্যন্ত বাখরগঞ্জের জেলা ম্যাজিস্ট্রেট ছিলেন। তার স্বাক্ষরিত ৪৩টি দলিল এ পর্যায়ে পাওয়া যায়।

বরিশাল মহাফেজখানার দলিলগুলো ভাষা বিন্যাস, শব্দাসম্ভার, বাক্যগঠন ও ভাবপ্রকাশের বর্তমান আধুনিক বাংলা ভাষার তুলনায় অনেক ব্যতিক্রম ধারার প্রকাশ ঘটিয়েছে। আঠার ও উনিশ শতকের ব্রিটিশ কলোনী শাসিত প্রশাসনের একটি বিশেষ প্রভাব ও রয়েছে ভাষা ব্যবহারে। দলিল

Dhaka University Institutional Repository

পঠনকালে যা তীব্রভাবেই অনুভূত হয়। আরবি ফার্সি শব্দের ব্যবহার বৃদ্ধি পায় পরবর্তী মুঘল শাসন ও অন্যান্য প্রশাসনিক অবস্থার মধ্য দিয়ে। হাজার হাজার বছর ধরে বাংলা ভাষা বিভিন্ন শব্দ ভাণ্ডার থেকে শব্দ নিয়ে সমৃদ্ধ হয়ে বর্তমান আধুনিক বাংলার একটি রূপে এসে পৌঁছিয়েছে। এ দলিলগুলো একটি নির্দিষ্ট সময়ের এ অঞ্চলের বাংলা ভাষার একটি রূপেরই দলিল। যা পাঠককে আনন্দ দিবে। দলিলে ব্যবহৃত শব্দের বানান আধুনিক বাংলা ভাষার রীতি বা নিয়মের মধ্যে পড়ে না।

বাংলা শব্দের পাশাপশি হিন্দি, ফার্সি, উর্দু, ইংরেজি, সংস্কৃত, আঞ্চলিক ও দেশজ শব্দের বিপুল সমহার ঘটেছে। আঠারো ও উনিশ শতকের এ দলিলগুলোতে ইংরেজি শব্দের বিপুল ব্যবহার রয়েছে। যেমন ১৮১১-১৮১৮ সালের ৫২নং দলিলে, 'কোর্ট ' (Court) = আদালত। ৭৪ ও ৭৫ নং দলিলে সুপারিন্টেনডেন্ট (Superintendent) = তত্ত্বাবধায়ক, পরিচালক। ৭৯ এবং ৮০ নং দলিলে ইংরেজি সপ্তম মাসের নাম পাই (July) 'জুলাই'। ইংরেজিশব্দের বিকৃত উচ্চারণজনিত শব্দের ব্যবহার লক্ষ্য করা যায়। যেমন– ৪৬ নং দলিলে ডক্টর (Doctor) এর বিকৃত উচ্চারণ পাই 'ডাকতর'।

এ দলিলে প্রচুর প্রাচীন দেশজ ও আঞ্চলিক শব্দের ব্যবহার লক্ষ্য করা যায় যেমন- ১১৬ নং দলিলে 'অজ' (নিতান্ত, খাঁটি)। ৮ ও ১৫ নং দলিলে আষ্ট (আট)। ৪, ১২, ২০, নং দলিলে 'একাজুতি' (একমতালম্বি, একত্রমিলিত)।

আরবি ফার্সি হিন্দি শব্দের বিপুল ভাণ্ডার রয়েছে এ দলিলগুলোতে। বাংলা ভাষার সাথে এ শব্দগুলো ওতপ্রোতভাবে জড়িত। যা আলাদা করে ফেললে বাক্যের অর্থ ও সৌন্দর্য্য উভয়ই হানি হয়। যেমন- ৫৪ নং দলিলে অছিয়ত (মনোনয়ন পত্র) ইচ্ছাপত্র, উইল (Will), [আ. রসীয়ত + ফা. নামা]। কাজিয়া (৬৬,৮০) ঝগড়া। বিবাদ (আ.)। মোকাবিলা (৫২) সামনাসামনি বোঝাপড়া (আ.)। মুদাফত (৪৮,৫৪) জমাজমির পূর্ব অধিকারি (ফা.)। দলিল লেখক আরবি ফার্সি শব্দ অনেক ভুল উচচারণে লিখেছেন। তবে কতটুকু ভুল বলা তা নিয়ে সন্দেহ রয়েছে। কারণ আরবি ফার্সি বা ইংরেজি ভাষার শব্দের সঠিক উচচারণরীতি ও তা সম্পর্কে তাদের কোন প্রশিক্ষণ ছিল না। জ্ঞান যা ছিল তা নিতান্ত অল্প। তাই বিদেশী ভাষার শব্দে জটিল ও দুরূহতাকে নিজস্ব দেশজরীতিতে সহজ ও বোধগম্য করে

Dhaka University Institutional Repository

উচ্চারণ এবং ব্যবহার করেছেন। দলিলে একটি সময়ের বিশেষ অঞ্চলের ভাষাভাষীদের উচ্চারণের চিত্র পাই।

দলিলে বাক্যের মধ্যে যে কিছু চিহ্ন ব্যবহার হয়েছে যা বতর্মান সময়ে আসমঞ্জস্য বলে মনে হয়। যেমন ˘ চিহ্নের ব্যবহার। ˘ বিন্দুর ন্যায় শব্দের সাথে এটি ব্যবহৃত হয়নি। আমরা ব্যবহার করি শব্দের উচ্চারণ নির্ভূলতার জন্য যেমন-চাঁদ, ফাঁদ ইত্যাদি। এখানে ভিন্নতর ব্যবহার লক্ষ্য করা যায়।˘ চিহ্ন দিয়ে লাইনের শূণ্যস্থানকে পুরণ করা হয়েছে। যেমন- ৪৬নং দলিলে মহাশয়কে দিলাম এর পরে ব্যবহৃত চন্দ্রবিন্দু (˘)। ˘ চিহ্নটি চন্দ্রবিন্দুর তুলনায় আকারে বড়। সত্বেরও আঠার অনেক দলিলে দস্তাবেজে এ চিহ্নটির ব্যবহার লক্ষ্য করা যায়।স্বাভাবিকভাবে ব্যবহৃত হয়েছে কালাঁচাদ-৮৩, খাঁ-৪৩। বলা যায় লেখকে অনিচ্ছাকৃত লেখা বাক্যের মাঝে বাক্যের শণ্য স্থানটি পরণের হাতিয়ার হল এ চিহ্ন।

পুরোনো বাংলা দলিলপত্রে বাংলা হরফ ও চিহ্নের বৈচিত্র্যপূর্ণ ব্যবহার লক্ষ্য করা যায় যেমন-

১) 'মকর্দ্দমা' ২৩৩৮৭ নম্বর (৫১) এখানে ব্যঞ্জনদ্বিত্বতা প্রকাশে রেফ চিহ্ন ব্যবহার হয়েছে।
২) এতদর্থে (৫১) রেফের সঠিক ব্যবহার চিহ্নিত রয়েছে। রেফের সঠিক ব্যবহার চিহ্নিত রয়েছে।
৩) (৫১) 'কর্জ্জা'- ঁ' এ চিহ্ন দ্বারা ব্যঞ্জনের দ্বিত্ব প্রকাশ করছে এক '/' রেফ চিহ্নটি যথাযথ ব্যবহার হয়েছে।
৪) শ্রীপানাত্তর্ব্বা (৮১) - ব ফলা দ্বিত্ব নির্দেশ করছে।

উনিশ শতকের দলিলগুলোতে দাড়ি '।' ',' ব্যবহার ছিল না তবে '।' দাড়ির মত একটি চিহ্ন লক্ষ্য করা যায়। যেমন- ৪৬নং দলিলে ষুচরিতেষুর পড়ে '।' চিহ্ন ৪৮নং দলিলে বরাবরেষু পরে '।' চিহ্ন। সম্ভবত বাক্যের সৌন্দর্য্য ও সামঞ্জস্য রক্ষার জন্য এই চিহ্ন ব্যবহৃত হয়েছে।

কিছু দলিলে সেমিকোলন চিহ্নের মত ':' চিহ্ন ব্যবহার হয়েছে। যেমন- ফিঃ ২৯, ২০নং দলিলে শম্মন ও ২২নং দলিলে স্যাম রাম শম্মন ':'।

উনিশ শতক পর্যন্ত পুরোনো গদ্য ছিল আরবি, ফার্সি শব্দবওল। ইংরেজ শাসনের প্রভাবে এ পর্যায়ের দস্তাবেজে ইংরেজি বাক্য ও শব্দের ব্যবহার হয়েছে। যেমন- ৭৫ ও ৭৬নং দলিলে, "মহামহিম মৈর্দ্দম জিলার নমক চৌকীয়াতের সুপ্রেন্টেণ্ডেন্ট"।

Dhaka University Institutional Repository

"আপীলান্টিয়ানের ফিশ খেসারতের " ৮১ নং দলিল বাক্যে আরবি, ফার্সি ও ইংরেজি শব্দের সংমিশ্রনে বাক্য লেখা হয়েছে। যেমন- "মজকুরের ডিগরি নারাজ হইয়া এলাকে জাহাঙ্গীনগর ক্রোট আফিল আদালতে ম্রোজা মজকুরের নামে নালিষ করিয়াছেন।"

এ সময়ের দলিলগুলিতে বিশেষ রীতি বা ষ্টাইল বর্তমান আছে। এ পর্যায়ে আরবি, ফার্সি শব্দের সাথে 'আন' বহুবাচনাত্মক ফার্সি প্রত্যয় এর ব্যবহার পাওয়া যায়। যেমন- (১৮১১- ১৮১১ সালেল ৫২নং দলিলে 'সাহেবান' (সম্ভ্রান্ত ব্যক্তিগন) (সাহবে + আন), ৮০নং দলিলে পাই সরিকান (ভাগীদার) (সরিক + আন), ১১২নং এ শাকিনান (ঠিকানা সমূহ) (শাফিন – আন)।

সংক্ষেপিত শব্দের ব্যবহার দলিলগুলোকে বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত করেছে। আঠার উনিশ শতকে সংক্ষেপিত শব্দের বহুল ব্যবহার ছিল। যেমন- আরবি, ফার্সি, ইংরেজি বাংলা এ সকল ভাষার শব্দের সংক্ষেপিত রূপ ব্যবহৃত হয়েছে। আধুনিক বাংলায় এখনও 'ঃ' ও 'ং' যোগে সংক্ষেপিত শব্দ ব্যবহার হয়। যেমন- তাং- তারিখ, বিঃ দ্রঃ- বিশেষ দ্রষ্টব্য। দলিলগুলিতে পাওয়া যায়- ইং- (১৩১) (=ইস্তক)ঃ হতে, থেকে, অবধি, পর্যন্ত। [(হি) ইস + তক] তাং- (৪৬) তের (৬২) (=(তরিখ): তারিখ, শব্দের প্রাচীন বাংলা রূপ। পীং- (২৫) (=পিতা): জন্মদাতা, বাবা, পিতা।

এ দলিলগুলোতে প্রচুর স্থাননামের উল্লেখ পাওয়া যায়। তবে কিছু নাম বর্তমানে প্রচলিত নেই। অনেক স্থানের নামের পরিবর্তন ঘটেছে। কিছু নাম অপরিবর্তনীয় হয়ে আছে শত শত বছর ধরে। যেমন- ঢাকা, নলচিড়া, মাধবপাশা, বরিশাল। পরিবর্তন হয়েছে বাঙ্গরোড়া > গৌড়নদী, সুন্দরিবন > সুন্দরবন, নওখালি > নোয়াখালী, দক্ষিন শাহবাজপুর > ভোলা। কিছু নাম ঐতিহাসিক চিহ্ন ও স্মৃতি বহন করে। যেমন- বাখরগঞ্জ, সেলিমাবাদ ইত্যাদি। নাম ব্যবহারের ক্ষেত্রে গ্রাম মৌজা, সাকিন, কিসমত, তপপা, পরগনা, থানা, জেলা, সরকার ইত্যাদি নানা প্রশাসনিক কার্যক্রমের কেন্দ্রভূমি হিসেবে চিহ্নিত করা হয়েছে। যা এদেশের আঞ্চলিক ইতিহাসের পূর্ণবিন্যাস ও অধ্যায়নে এবং প্রত্নসাহিত্য-ঐতিহ্য মর্মোদ্ধারে সহায়ক ভূমিকা পালন করতে পারে। কারণ বরিশাল অঞ্চলে নদী খাল, বিল জালের

Dhaka University Institutional Repository

মত ছড়িয়ে আছে। নদীর এক পাড় ভাঙ্গে আর এক পাড় গড়ে। নদীর এ গতিপ্রকৃতি অনেক হাট, বাজার, গ্রামগঞ্জ বিলীন করেছে। তেমনি নতুন জাগা চরে নতুন জনবসতিপুর্ণ গ্রাম গঞ্জ গড়ে উঠেছে। কেবল ইতিহাস বলে দিতে পারে কালের গর্ভে হারিয়ে যাওয়া এসব স্থান ও নাম। এ ইতিহাস উদ্ধারে দলিলপত্রে প্রাপ্ত স্থান ও নাম সাহায্য করবে বলেই বিশ্বাস।

বাংলাদেশের সমাজ ও সংস্কৃতি সবসময় সাম্প্রদায়িক সম্প্রীতির চিহ্ন বহন করে চলেছে। তবে উৎকৃষ্ট উদাহরন হল এ দলিলগুলোতে ব্যবহৃত বিভিন্ন ধর্মাবলম্বী ব্যক্তিদের স্বাক্ষরিত সাক্ষীই বলে দেয় তাদের সহ অবস্থান ছিল এবং সম্পর্ক ছিল সহযোগিতামলক ও বন্ধুত্বপূর্ণ। প্রত্যেকটি দলিলেই মুসলমানদের পাশাপাশি হিন্দু সাক্ষী, জোতদার, মোক্তার, দলিল লেখক রয়েছেন। তেমনি হিন্দু দলিলদাতা গ্রহীতার মধ্যেও মুসলমান সাক্ষী, মোক্তার, দলিল লেখকরাও রয়েছেন। উভয় সম্প্রদায়ই জমি ও অন্যান্য অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পর্কযুক্ত ছিল। এছাড়া ব্রিটিশ নাগরিক রা শাসক হলেও এদেশের মানুষের সঙ্গে মিলেমিশে থাকবার চেষ্টা করেছেন। তবে উচ্চপদস্ত ব্রিটিশদের সঙ্গে সমাজের সাধারণ মানুষদের যোগাযোগ ও আন্তরিকতা তেমন ছিল না। বাংলার জনগণের সঙ্গে সম্পর্ক ছিল প্রভুভৃত্যের মত। তাদের প্রয়োজনে সমাজে হিন্দু মুসলমানদের সঙ্গে একটি সহঅবস্থান গড়ে উঠেছিল। জর্জ ম্যাজিস্ট্রেট থেকে শুর করে ইংরেজ বনিক শ্রেণী পর্যন্ত। পলাশীযুদ্ধের পতনের পর ব্রিটিশদের ক্ষমতা দখল নিয়ে বাংলার রাজনৈতিক অঙ্গনে প্রবেশ তথা ইংরেজ শাসন এদেশের সুপ্রাচীন সমাজ ব্যবস্থায় যে বৈপরীত্য এনেছিল সেটা এ দলিলগুলো থেকেও বোঝা যায়।

এ দলিলগুলোতে (কর্জপত্র) ঋণ গ্রহণ ও প্রদানের ঘটনা অহরহ ঘটেছে। ঐ সময় সুদের কারবার তথা মহাজনী ব্যবসা ছিল রমরমা। সুদে ঋণ গ্রহণ করেছেন সমাজের নিম্নশ্রেণী গরিব থেকে উচ্চশ্রেণী ধনী প্রর্যন্ত। মহাজনী ব্যবসা করে এক শ্রেণীর মানুষ হয়েছে সম্পদশালী অন্যদিকে ঋণ প্রদানে অসমর্থ হয়ে কৃষক শ্রেণী নিঃস্ব হয়েছে। ব্রিটিশ নাগরিকরাও বাঙালি মহাজনের নিকট থেকে সুদে টাকা ধার করেছেন। টাকা ধার নিয়ে তারাও

Dhaka University Institutional Repository

দলিল করেছেন। দলিলগুলো বাংলা ভাষায় লিখিত হয়েছে। আর্থ-সামাজিক প্রেক্ষাপটে তিন ধর্মের দুটি জাতির অদ্ভুত সংমিশ্রন তৎকালীণ সমাজে যে ছিল তারই উজ্জ্বল উদাহরন এ দলিলগুলো।

ভারতীয় উপমহাদেশে ১৭ ও ১৮ শতকের প্রচলিত ভূমি আইন ও প্রশাসন ব্যবস্থা প্রতিফলিত হয়েছে এ দলিলগুলোতে। বিশেষ করে বাংলাদেশের প্রাচীন ভূমি আইন, ইতিহাস, প্রশাসন ব্যবস্থা ও ব্যবহার জানার একটি উৎকৃষ্ঠপন্থা হল এ দলিলগুলো এবং এ বিষয়ে প্রাপ্ত তথ্যাদি। ভূমি ক্রয়, বিক্রয়, নিলাম, কওলা, খাজনা, ইজারা, ঋণগ্রহণ, প্রদান, সরকারিনীতি ও আইনের বিভিন্ন ধারার ব্যবহার রয়েছে এখানে। তবে দলিলগুলোতে জমি সংক্রান্ত বিভিন্ন সমস্যা প্রেক্ষিতে এসব আইনের ধারা ব্যবহৃত হয়েছে। এছাড়া বিভিন্ন রাজনৈতিক উথান-পতনের ও ক্রমবির্তনের প্রভাব এবং তৎদ্বারা সৃষ্ট প্রশাসনিক জটিলতার চিহ্ন বহন করছে। এ আঠার ও উনিশ শতকের দলিলগুলোতে প্রাপ্ত সমকালীন প্রশাসনিক বিভাগগুলো জানার প্রয়োজনীয়তা রয়েছে। এ অঞ্চলের সীমারেখা নানা সময় নানা কারণে সংযোজন ও বিয়োজন হয়েছে। এ ভৌগলিক সীমারেখা পরিবর্তনের ইতিহাসের উল্লেখযোগ্য প্রামান্য চিত্র এ দলিলগুলো। যা থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে।

দলিল দস্তাবেজ যেহেতু মানুষের প্রয়োজনেই তৈরী, তাই অবধারিত রূপেই এখানে অসংখ্য ব্যক্তিনাম সংগ্রহ করা হয়। বিচিত্র ও বিশাল নামের ভান্ডার রয়েছে এ দলিলগুলো এ। হিন্দু, মুসলমান, খ্রিস্টান যেমন রয়েছে তেমনি রয়েছে সমাজের সম্পদশালী ও প্রভাবশালী ব্যক্তিত্বের নাম। নামের মাধ্যমে একটি অঞ্চলের জনজীবনের চালচিত্র ফুটে উঠেছে। সমাজের উঁচু-নীচু উভয় পর্যায়ের লোকই বর্তমানে যেমন আছে অতীতেও ছিল। তার প্রমাণ এই দলিলগুলো। যেমন- শ্রীরাজনারায়ণ শেন-১২, শ্রীপ্রানকৃষ্ণ চক্রবর্তী-১২, শ্রীরাধাকৃষ্ণ রায়-১৩, শ্রীরামদুল্লভ শাহা-২৪, শ্রীবিষ্ণুচন্দ্ররায় চৌধুরী-৫১, শ্রীযুতদমেগুছিলবা সাহেব-১, শ্রীরামগঙ্গা শর্মা-৪৯, শ্রীরামষুলক্কর রায়সী-৪৯, শ্রীরঘুনাথ দাস-৭০, সমাজের প্রভাবশালী শ্রীবিবিরফাতি-৭২, শ্রীরামদুর্লভ-৭৫।

Dhaka University Institutional Repository

জমিদার, তালুকদার, জোরদার, ইজারাদার, সুদ কারবারী, ব্যবসায়ী, ম্যাজিস্ট্রেট ইত্যাদি সমাজের উঁচু ও নীচু শ্রেণীর মানুষদের নাম পায়। এছাড়া তাঁতী, জেলে, কামার, কুমার, মাঝি, কৃষক, খানসামা এ শ্রেণীর নামও পাচ্ছি। ঐ সময়ে ব্যক্তি নামে বও বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। বাংলা নামের ব্যবহারের পাশাপাশি আরবি ও ফার্সি শব্দের নামও পাওয়া যায়। ইংরেজি শব্দের নামও ব্যবহার হয়েছে। হিন্দু ধর্মাবলম্বীরাই সাধারণত বাংলা শব্দের নাম ব্যবহার করে থাকেন, তবে বাংলা শব্দে মুসলমানদেরও নামও পাওয়া যায়। আর মুসলমানদের নামে সাধারণত আরবি, ফার্সি শব্দ ব্যবহার হয়েছে। নাম দিয়ে তৎকালীণ সমাজ ও সংস্কৃতি জানার ক্ষেত্রে কম বেশী ভূমিকা রাখবে।

Dhaka University Institutional Repository

তথ্যনির্দেশ

১। বাংলাদেশ জেলা গেজেটিয়ার বাখরগঞ্জ ২১ পৃষ্ঠা।

২। H. Beveridge, the District of Bakargonj Its History and statistics, লন্ডন,- ১৮৭৬, বাখরগঞ্জ, ১৯৭০, পৃষ্ঠা- ৩৭।

৩। ১৯৭৪ খ্রিস্টাব্দে 'গ্রাম জনসংখ্যা পরিসংখ্যান:' এ বলা হয়েছে যে (সুগন্ধিয়া) সুগন্ধ গ্রাম ঝালকাঠি মহাকুমায় অন্তর্গত নলছিটি থানার বেনোরকাঠি ইউনিয়নে অবস্থিত।

৪। District Census Report bakerganj 1974।

৫। বাংলাদেশ জেলা গেজেটিয়ার বাখরগঞ্জ 'মুখবন্ধ-৬' পৃষ্ঠা:-১।

৬। ঐ

৭। ঐ

৮। আবুল ফজল- Abul Fazal, Ain-I-Akbari ২য় খন্ড, পৃ: ১৩৬। বাংলাদেশ জেলা গেজেটিয়ার পৃ: ২৭।

৯। J. Horton Ryley, Ralph Fitch লন্ডন ১৮৯৯ পৃ: ১১৮।

১০। বাংলাদেশ জেলা গেজেটিয়ার 'মুখবন্ধ ৬'।

১১। 'বরিশালের ইতিহাস' সিরাজুল ইসলাম পৃ:- ৪৯।

১২। ঐ, ৪৭ পৃ:।

১৩। Bengal District Gazetters-Bakergonj- j>C. Jack 1918, Page - 128-129।

১৪। বাংলাদেশ জেলা গেজেটিয়ার বাখরগঞ্জ পৃ:- ২৬।

১৫। ঐ পৃ:- ৪৪।

১৬। 'সুন্দরবনের ইতিহাস'- এ.এফ এম. আব্দুল জলিল প্রাপ্ত বরিশালের ইতিহাস পৃ:- ৪৫।

১৭। ঐ পৃ:- ৪৫।

১৮। 'মুখবন্ধ ৬' বাংলাদেশ জেলা গেজেটিয়ার, বাখরগঞ্জ।

Dhaka University Institutional Repository

দলিলপত্রসমূহের তালিকা

১। কর্জপত্র : মোকাম- বরিশাল।
লিপিকাল- ৩ সেপ্টেম্বর, ১৮১১ ইংরেজি, ১৯ ভাদ্র ১২১৮ বাংলা, বেলা ১১টা ১২মি. মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

২। কর্জপত্র : মোকাম- কলসকাটি।
লিপিকাল- ৯ সেপ্টেম্বর, ১৮১১ ইংরেজি, ২১ ভাদ্র ১২১৮ বাংলা।

৩। কর্জপত্র : মোকাম- বরিশাল।
লিপিকাল- ২০ মার্চ, ১৮১১ ইংরেজি, বুধবার, ২৫ কার্ত্তিক ১২১৮ বাংলা।

৪। কর্জপত্র : সাহেব সরকার।
লিপিকাল- ২৪ জানুয়ারি, ১৮১১ ইংরেজি, সোমবার, ০৩ অগ্রহায়ণ ১২১৮ বাংলা।

৫। মালজামিনী পত্র : পরগনা- নাজিরপুর ।
লিপিকাল- ২১ ডিসেম্বর, ১৮১১ ইংরেজি, শনিবার, ২৩ অগ্রহায়ণ ১২১৮ বাংলা।

৬। কর্জপত্র : পরগনা- চন্দ্রদ্বীপ।
লিপিকাল- ২১ ডিসেম্বর, ১৮১১ ইংরেজি, শনিবার, ৪ পৌষ ১২১৮ বাংলা।

৭। কর্জপত্র : মোকাম- বরিশাল।
লিপিকাল- ৪ জানুয়ারি, ১৮১২ ইংরেজি, শনিবার, ২১ পৌষ ১২১৮ বাংলা।

৮। কর্জপত্র : পরগনা- বরিশাল।
লিপিকাল- ৯ জানুয়ারি, ১৮১২ ইংরেজি, ১০ পৌষ ১২১৮ বাংলা, বেলা ১২টা ২২মি. মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

৯। কর্জপত্র :
লিপিকাল- ১১ জানুয়ারি, ১৮১২ ইংরেজি, ১৫ পৌষ ১২১৮ বাংলা, শনিবার, বেলা ৩টা ৩মি. মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১০। কর্জপত্র : মোকাম- বরিশাল।
লিপিকাল- ৩ জানুয়ারি, ১৮১২ ইংরেজি, শনিবার, ১৮ মাঘ ১২১৮ বাংলা, বেলা ২টার সময় মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১১। কর্জপত্র :
লিপিকাল- ১ জুলাই, ১৮১২ ইংরেজি, ১৩ চৈত্র ১২১৮ বাংলা, সকাল ১০টা ১০মি. পূর্বে রেজিস্ট্রেশন করা হয়।

১২। কর্জপত্র : মোকাম বরিশাল।
লিপিকাল- ফেব্রয়ারী, ১৮১২ ইংরেজি, সোমবার, ২৪ আশ্বিন ১২১৮ বাংলা, সকাল ১০টা ০৫মি. রেজিস্ট্রেশন করা হয়।

১৩। কর্জপত্র : মোকাম বরিশাল।
লিপিকাল- ১০ মার্চ, ১৮১২ ইংরেজি, সোমবার, ০৭ চৈত্র ১২১৮ বাংলা, ৩টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

১৪। কর্জপত্র : জেলা বাখরগঞ্জ।
লিপিকাল- ১ জুলাই, ১৮১২ ইংরেজি, সোমবার, ১৩ চৈত্র ১২১৮ বাংলা, বেলা ১০টা বাজার ১০ মিনিট পূর্বে রেজিস্ট্রেশন করা হয়।

১৫। কর্জপত্র : জেলা বাখরগঞ্জ।
লিপিকাল- ২ এপ্রিল, ১৮১২ ইংরেজি, বৃহস্পতিবার, ৯ বৈশাখ ১২১৮ বাংলা, বেলা ১২:১০ মি. রেজিস্ট্রেশন করা হয়।

Dhaka University Institutional Repository

১৬। কর্জপত্র : তপে নাজিরপুর।
লিপিকাল- ২৮ এপ্রিল, ১৮১২ ইংরেজি, মঙ্গলবার, ১২ বৈশাখ ১২১৯ বাংলা, বেলা ৪টা ২৭ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

১৭। কর্জপত্র : মোকাম বরিশাল, বাখরগঞ্জ।
লিপিকাল- ১৪ মে, ১৮১২ ইংরেজি, সোমবার, ২৯ বৈশাখ ১২১৯ বাংলা, বেলা ২টা ৪৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

১৮। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২০ মে, ১৮১২ ইংরেজি, শনিবার, ১৮ বৈশাখ ১২১৯ বাংলা, বেলা ১১টা ৩৪ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

১৯। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৩ মে, ১৮১২ ইংরেজি, শনিবার, ০৫ জৈষ্ঠ্য ১২১৯ বাংলা, বেলা ১১টা ১০ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২০। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৫ মে, ১৮১২ ইংরেজি, সোমবার, ১৯ বৈশাখ ১২১৮ বাংলা, বেলা ১১টা ১০ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২১। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ০৭ জুন, ১৮১২ ইংরেজি, সোমবার, ২৭ বৈশাখ ১২১৯ বাংলা, বেলা ০৪টা ১২ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২২। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৩ জুন, ১৮১২ ইংরেজি, মঙ্গলবার, ৫ আষাঢ় ১২১৯ বাংলা, বেলা ১২টা ১৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২৩। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৩ জুন, ১৮১২ ইংরেজি, মঙ্গলবার, ২ আষাঢ় ১২১৯ বাংলা, বেলা ২টা ১৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২৪। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২ জুলাই, ১৮১২ ইংরেজি, বৃহস্পতিবার, ১৪ আষাঢ় ১২১৯ বাংলা, বেলা ১১টা ২২ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২৫। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৯ জুলাই, ১৮১২ ইংরেজি, বুধবার, ২৫ জৈষ্ঠ্য ১২১৯ বাংলা, বেলা ১টা ৮ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২৬। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১১ জুলাই, ১৮১২ ইংরেজি, শনিবার, ১৯ আষাঢ় ১২১৯ বাংলা, বেলা ১১টা ৮ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২৭। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১৪ জুলাই, ১৮১২ ইংরেজি, মঙ্গলবার, ২৯ জৈষ্ঠ্য ১২১৮ বাংলা, বেলা ১টা ১৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২৮। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৯ জুলাই, ১৮১২ ইংরেজি, শনিবার, ১২ শ্রাবণ ১২১৯ বাংলা, বেলা ৯টা ৪৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

২৯। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৪ আগষ্ট, ১৮১২ ইংরেজি, মঙ্গলবার, ৭ শ্রাবণ ১২১৯ বাংলা, বেলা ১০টা ১৪ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

Dhaka University Institutional Repository

৩০। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১৩ আগষ্ট, ১৮১২ ইংরেজি, বৃহস্পতিবার, ১৫ শ্রাবণ ১২১৯ বাংলা, বেলা ১১টা ৪৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৩১। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৪ আগষ্ট, ১৮১২ ইংরেজি, সোমবার, ৬ ভদ্র ১২১৯ বাংলা, বেলা ৯টা ৫০ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৩২। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৮ আগষ্ট, ১৮১২ ইংরেজি, শুক্রবার, ৩০ শ্রাবণ ১২১৯ বাংলা, বেলা ২টা ৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৩৩। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৪ অক্টোবর, ১৮১২ ইংরেজি, সোমবার, ১৫ ভাদ্র ১২১৯ বাংলা, বেলা ১২টা ৩০ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৩৪। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৪ সেপ্টেম্বর, ১৮১২ ইংরেজি, ১৫ ভদ্র ১২১৯ বাংলা, বেলা ১২টা ৩০ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৩৫। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৪ সেপ্টেম্বর, ১৮১২ ইংরেজি, ১৩ ভদ্র ১২১৯ বাংলা, বেলা ১২টা ৩০ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৩৬। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১৯ সেপ্টেম্বর, ১৮১২ ইংরেজি, শনিবার, ১১ শ্রাবণ ১২১৯ বাংলা, বেলা ১০টা ১০ মিনিট সময়ে রেজিস্ট্রেশন করা হয়।

৩৭। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১ আশ্বিন ১২১৯ বাংলা, বেলা ১২টা ৩০ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৩৮। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১ আশ্বিন ১২১৯ বাংলা, বেলা ১২টা ৩০ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৩৯। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৪ নভেম্বর ১৮১২। ১ আশ্বীণ ১২১৯ বাংলা, সকাল ৯টা থেকে ১০ টায় রেজিস্ট্রেশন করা হয়।

৪০। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১ আশ্বিন ১২১৯

৪১। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৩০ সেপ্টেম্বর ১৮১২, ৮ আষাঢ় ১২১৯, বুধবার ১০:৪৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৪২। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৩০ সেপ্টেম্বর ১৮১২, ৮ আষাঢ় ১২১৯, ১০:৫৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৪৩। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১ অক্টোবর ১৮১২, ৪ শ্রাবণ ১২১৯, বৃহস্পতিবার ১০:৫৫ মিনিটে রেজিস্ট্রেশন করা হয়।

৪৪। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৫ নভেম্বর ১৮১২, ১৫ কার্ত্তিক ১২১৯, ৯টায় রেজিস্ট্রেশন করা হয়।

Dhaka University Institutional Repository

৪৫। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৫ নভেম্বর ১৮১২, ২০ কার্ত্তিক ১২১৯, সকাল ৯ টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৪৬। একরার পত্র : পরগনা- বোজরগউমেদপুর, সাকিম- কলসকাটি, পরগনা- আওরঙ্গপুর। জেলা-বাখরগঞ্জ।
লিপিকাল- ১৪ অক্টোবর ১৮১২, ২৫ অগ্রহায়ণ ১২১৯। সকাল ৯টা থেকে ১০ টায় রেজিস্ট্রেশন করা হয়।

৪৭। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২১ জুলাই ১৮১২, ৪ ভদ্র ১২১৯। বিকাল ৩টা থেকে ৪টায় রেজিস্ট্রেশন করা হয়।

৪৮। মালজামিনী পত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২১ জুলাই ১৮১৪, ১১ আষাঢ় ১২১৯, সকাল ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

৪৯। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২১ জুলাই ১৮১২, ৩০ অগ্রহায়ণ ১২১৯, সকাল ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫০। মালজামিনীপত্র : সাকিম উজীরপুর, পরগনা- বাঙরোড়া, জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৮ জুলাই ১৮১২, ১১ পৌষ ১২১৯, সকাল ১০টা থেকে ১১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫১। মালজামিনীপত্র : সাকিম উজীরপুর, পরগনা- বাঙরোড়া, পরগনা- রত্নদীকালিকাপুর। ঢাকা জালালপুরের কালেকটরি। জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৪ ডিসেম্বর ১৮১২। ১১ পৌষ ১২১৯।

৫২। মালজামিনীপত্র : সাকিম উজীরপুর, পরগনা- বাঙরোড়া, জমিদারী পরগনা- রত্নদীকালিকাপুর জিলা ঢাকা জালালপুর। জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৪ ডিসেম্বর ১৮১২, ১১ পৌষ ১২১৯, সকাল ১০টা থেকে ১১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫৩। মালজামিনীপত্র : সাকিম উজীরপুর, পরগনা- বাঙরোড়া, জমিদারী পরগনা- রত্নদীকালিকাপুর জিলা ঢাকা জালালপুর। জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৪ ডিসেম্বর ১৮১২। ১১ পৌষ ১২১৯। সকাল ১০টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫৪। অলি-আহাদ নামা : সাকিম সন্তোষপুর, পরগনা- উত্তর শাহবাজপুর, পরগনা- বৈকণ্ঠপুর, পরগনা- দক্ষিণ শাহবাজপুর, পরগনা- গোপালপুর, ম্রজানগর ও পরগনা- মৌজদ্দী। জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৯ জুলাই ১৮১২, ৭ পৌষ ১২১৯, সকাল ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫৫। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৯ জুলাই ১৮১২, ১১ পৌষ ১২১৯, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫৬। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৪ ডিসেম্বর ১৮১২, ১৪ পৌষ ১২১৯, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫৭। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২০ জুলাই ১৮১০, ১৫ আশ্বিন ১২১৯, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫৮। কর্জপত্র : তালুক খাজেনুর, শাকিম শালুকা, পরগনা-- চন্দ্রদ্বীপ। জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২০ জুলাই ১৮১৩, ২৩ পৌষ ১২১৯, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৫৯। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৬ জুলাই ১৮১৩, ১২ মাঘ ১২১৯, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

৬০। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১২ মার্চ ১৮১৩, ১৪ ফাল্গুন ১২১৯। ৩টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৬১। কর্জটাকা আদায়ে বরাতীপত্র : শাকিম-ভান্ডারিয়া পরগনা-- সৈদপুর, আতরখালি জোয়ার, সিংহখালি কিসমত, জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১২ মার্চ ১৮১৩, ২৬ ফাল্গুন ১২১৯, ৩টা থেকে ৪টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৬২। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১৫ মার্চ ১৮১৩, ২ চৈত্র ১২১৯, ৯টা থকে ১০ টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৬৩। কর্জপত্র : সাকিনান মালওয়ার, পরগনা- রঘুনাথপুর।
লিপিকাল- ১০ মার্চ ১৮১৩, ৯ চৈত্র ১২১৯ ৮টা থকে ৪টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৬৪। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২ মার্চ ১৮১২, ১৯ ফাল্গুন ১২১৯, ১টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৬৫। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২ মার্চ ১৮১২, ২৭ ফাল্গুন ১২১৯, ১২টা থকে ১টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৬৬। একরারপত্র : পরগনা- সিলেমাবাদ।
লিপিকাল- ২২ মার্চ ১৮১৪, ২৭ ফাল্গুন ১২১৯, ১০টা থেকে ১২টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৬৭। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৪ মে ১৮১৩, ২ বৈশাখ ১২২০, ১১টা থেকে ১২টার সময় রেজিস্ট্রেশন করা হয়।

৬৮। কস্যকর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৩ মার্চ ১৮১৩, ২১ চৈত্র ১২১৯, ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৬৯। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৩১ মে ১৮১৩, ১৩ জৈষ্ঠ্য ১২২০, ১০টা থেকে ১১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭০। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৫ জুন ১৮১৩, ১৮ জৈষ্ঠ্য ১২২০, ১০টা থেকে ১১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭১। একরারপত্র : পরগনা-- চন্দ্রদ্বীপ, জোয়ার সালুকা, তালুক খাজেনুর।
লিপিকাল- ৯ জুন ১৮১৩, ২৫ চৈত্র ১২১৯, ১২টা থেকে ১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭২। একরারপত্র : পরগনা-- চন্দ্রদ্বীপ, জোয়ার সালুকা, তালুক খাজেনুর।
লিপিকাল- ৯ জুন ১৮১৩, ২৫ চৈত্র ১২১৯, ১২টা থেকে ১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭৩। কর্জপত্র : সাকিনান নলছিটি, তপে নাজীরপুর, জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৯ মার্চ ১৮১৩, ১৬ বৈশাখ ১২১৯, ১২টা থেকে ১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭৪। হাজীর জামিনী পত্র ও মাল জামিনী পত্রঃ কোটালিপাড়া , জিলা- বাখরগঞ্জ, সাকিম পিঞ্জরী, সাকিম পুর্বস্থলি, পরগনা- জাহাঙ্গিরাবাদ, জিলা-বর্দ্ধমান।
লিপিকাল- ১১জুন ১৮১৩, ২৯ জৈষ্ঠ্য ১২১৯, ১২টা থেকে ১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭৫। হাজীর জামিনী পত্র ও মালজামিনী পত্র : শাকিন গুলমান, পরগনে সিলেমাবাদ, জিলা-বাখরগঞ্জ, সাকিম পূর্বস্থলি, পরগণে জাহাঙ্গীরাবাদ, জিলা-বর্দ্ধমান।
লিপিকাল- ১৪জুন ১৮১৩, ১৯ জৈষ্ঠ্য ১২২০, ১২টা থেকে ১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭৬। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১৪ জুলাই ১৮১৩, ২৮ জৈষ্ঠ্য ১২২০, ১০টা থেকে ১১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭৭। কর্জপত্র : সাকিম চেচড়ী, বরিশাল।
লিপিকাল- ১৪ জুলাই ১৮১৩, ২৫ আষাঢ় ১২২০, ১০টা থেকে ১১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭৮। একরার পত্র : পরগনা- সৈয়দপুর, চেচড়ী, গাজীপর, মহিষকালী, খোপখালি কিসমত।
লিপিকাল- ১৪ জুলাই ১৮১৩, ২৫ আষাঢ় ১২২০, ১০টা থেকে ১১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৭৯। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ১৯ জুলাই ১৮১৯, ২৬ আষাঢ় ১২২০, ১০টা থেকে ১১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮০। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ২৬ জুলাই ১৮১৯, ১৯ জৈষ্ঠ্য ১২১৯, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮১। একরারপত্র : সাকিম সম্বরসপুর, পরগনা-- উত্তরশাহাবাজপুর।
লিপিকাল- ২ আগষ্ট ১৮১৩, ১২ শ্রাবণ ১২২০, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮২। কর্জপত্র : জেলা- বাখরগঞ্জ।
লিপিকাল- ৯ আগষ্ট ১৮১৩, ১ শ্রাবণ ১২২০, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮৩। কর্জপত্র : বরিশাল মোকাম-।
লিপিকাল- ৯ আগষ্ট ১৮১৩, ১৫ শ্রাবণ ১২২০, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮৪। কর্জপত্র : পরগনা- উমেদপুর, সাকিন, চেচড়ি।
লিপিকাল- ২৩ আগষ্ট ১৮১৩, ২ আষাঢ় ১২২০, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮৫। কর্জপত্র : শাকিন উজীরপুর, পরগনা- বাঙরোড়া।
লিপিকাল- ১ সেপ্টেম্বর ১৮১৩, ১২২০, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮৬। কর্জপত্র :
লিপিকাল- ১৭ সেপ্টেম্বর ১৮১২, ৯ বৈশাখ ১২২০, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮৭। কর্জপত্র :
লিপিকাল- ২৬ সেপ্টেম্বর ১৮১৩, ৩ কার্ত্তিক ১২২০, সকাল ৯ এবং ৯টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮৮। কর্জপত্র :
লিপিকাল- ২৬ নভেম্বর ১৮১৩, ১ ভদ্র ১২২০, ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

৮৯। কর্জপত্র :
লিপিকাল- ২৯ নভেম্বর ১৮১৩, ১ শ্রাবণ ১২২১, দুপুর ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯০। তমকবুক পত্র :
লিপিকাল- ১৫ নভেম্বর ১৮১৩, ১ আশ্বিন ১২২০, ১২টা থেকে ১টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯১। কর্জপত্র :
লিপিকাল- ৩১ জানুয়ারি ১৮১৪, ২ মাঘ ১২২০, ৩টা থেকে ৪টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯২। কর্জপত্র :
লিপিকাল- ৩১ জানুয়ারি ১৮১৪, ১৪ মাঘ ১২২০, ৩টা থেকে ৪টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯৩। কর্জপত্র :
লিপিকাল- ১১ ফেব্রুয়ারী ১৮১৪, ২৯ মাঘ ১২২০, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯৪। কর্জপত্র :
লিপিকাল- ২১ ফেব্রুয়ারী ১৮১৪, ৫ ফাল্গুন ১২২০, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯৫। কর্জপত্র : শাকিম- নবকাঠি।
লিপিকাল- ২ মার্চ ১৮১৪, ১২ ফাল্গুন ১২২০, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯৬। কর্জপত্র :
লিপিকাল- ২ মার্চ ১৮১৪, ১৫ ফাল্গুন ১২২০, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯৭। কর্জপত্র :
লিপিকাল- ১৫ মার্চ ১৮১৪, ১৮ ফাল্গুন ১২২০, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯৮। কস্যকর্জপত্র :
লিপিকাল- ১১ মার্চ ১৮১৪, ১৪ ফাল্গুন ১২২০, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

৯৯। কিস্তিবন্দি রূপাইয়া বাবতে কর্জ পাওনা পত্র : মোকাম বরিশাল
লিপিকাল- ১১ মার্চ ১৮১৪, ১৯ কার্ত্তিক ১২২০, ১টা থেকে ২টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০০। কর্জপত্র :
লিপিকাল- ১৪ মার্চ ১৮১৪, ১৫ ফাল্গুন ১২২০, ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০১। তমষক পত্র :
লিপিকাল- ১৮১৪ ইং, ২১ চৈত্র ১২২০ বাংলা, ১১টা থেকে ১২টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০২। কর্জপত্র :
লিপিকাল- ২১ এপ্রিল ১৮১৪ ইং, ১ বৈশাখ ১২২১ বাংলা, ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০৩। কর্জপত্র :
লিপিকাল- ২৬ এপ্রিল ১৮১৪ ইং, ১৮ চৈত্র ১২২০ বাংলা, ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০৪। তমকবুকপত্র :
লিপিকাল- ২৬ এপ্রিল ১৮১৪ ইং, ২৯ চৈত্র ১২২০ বাংলা, ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০৫। কর্জপত্র :
লিপিকাল- ২৬ এপ্রিল ১৮১৪ ইং, ২৯ ফাল্গুন ১২২০ বাংলা, ৯টা থেকে ১০টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০৬। কর্জপত্র :
লিপিকাল- ৩০ এপ্রিল ১৮১৪ ইং, ২৬ চৈত্র ১২২০ বাংলা, সকাল ৮টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০৭। কর্জপত্র :
লিপিকাল- ৩০ এপ্রিল ১৮১৪ ইং, ১৬ চৈত্র ১২২০ বাংলা, সকাল ৮টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০৮। কর্জপত্র :

Dhaka University Institutional Repository

লিপিকাল- ৪ মে ১৮১৪ ইং, ১৯ বৈশাখ ১২২১ বাংলা, সকাল ৮টায় রেজিস্ট্রেশন করা হয়।

১০৯। কর্জপত্র : সাকিম চেচড়ি পরগনা- সৈয়দপুর।
লিপিকাল- ৫ মে ১৮১৪ ইং, ২১ বৈশাখ ১২২১ বাংলা, সকাল ৮টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১০। কর্জপত্র :
লিপিকাল- ৮ মে ১৮১৪ ইং, ২২ বৈশাখ ১২২১ বাংলা, সকাল ৮টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১১। কর্জপত্র :
লিপিকাল- ৯ জুলাই ১৮১৪ ইং, ৬ বৈশাখ ১২২১ বাংলা, ৯টা বাজার ১৪মি. পূর্বে রেজিস্ট্রেশন করা হয়।

১১২। কর্জপত্র : শাকিনান আফারপাড়া, পরগনা- সাহাজাদপুর
লিপিকাল- ১৪ মে ১৮১৪ ইং, ৫ বৈশাখ ১২২০ বাংলা, সকাল ৮টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১৩। কর্জপত্র :
লিপিকাল- ১৮ মে ১৮১৪ ইং, ৯ আশ্বিন ১২২০ বাংলা, সকাল ৯টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১৪। কর্জপত্র :
লিপিকাল- ১৮ মে ১৮১৪ ইং, ১৫ আশ্বিন ১২২০ বাংলা, সকাল ৯টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১৫। কর্জপত্র :
লিপিকাল- ৩১ মে ১৮১৪ ইং, ২১ বৈশাখ ১২২১ বাংলা, সকাল ৮টা এবং ৯টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১৬। কর্জপত্র :
লিপিকাল- ৮ জুন ১৮১৪ ইং, ৭ বৈশাখ ১২২১ বাংলা, সকাল ৮টা এবং ৯টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১৭। কর্জপত্র :
লিপিকাল- ৩১ মে ১৮১৪ ইং, ২১ বৈশাখ ১২২১ বাংলা, সকাল ৮টা এবং ৯টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১৮। কর্জপত্র :
লিপিকাল- ৮ জুন ১৮১৪ ইং, ৭ বৈশাখ ১২২১ বাংলা, সকাল ৮টা এবং ৯টায় রেজিস্ট্রেশন করা হয়।

১১৯। কর্জপত্র :
লিপিকাল- ১৩ জুন ১৮১৪ ইং, ১ জৈষ্ঠ্য ১২২১ বাংলা, সকাল ৯টা থেকে ১০টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২০। কর্জপত্র :
লিপিকাল- ১৮ জুন ১৮১৪ ইং, ৫ জৈষ্ঠ্য ১২২১ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২১। কর্জপত্র :
লিপিকাল- ১৮ জুন ১৮১৪ ইং, ৫ জৈষ্ঠ্য ১২২১ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২২। কর্জপত্র :
লিপিকাল- ১৩ জুন ১৮১৪ ইং, ১ জৈষ্ঠ্য ১২২১ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২৩। কর্জপত্র :
লিপিকাল- ১৮ জুন ১৮১৪ ইং, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

Dhaka University Institutional Repository

১২৪। মালজামিনী পত্র :
লিপিকাল- ২১ মার্চ ১৮১৬ ইং, ২৩ আশ্বিন ১২২১ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২৫। কিস্তিবন্দি খালাষপত্র :
লিপিকাল- ১৮ জুন ১৮১৪ ইং, ৫ জৈষ্ঠ্য ১২২১ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২৬। কিস্তিবন্দি খালাষপত্র :
লিপিকাল- ১৮ জুন ১৮১৪ ইং।,২৬ বৈশাখ ১২২১ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২৭। কিস্'িবন্দি খালাষপত্র :
লিপিকাল- ২২ জুন ১৮১৪ ইং,১ আশ্বিন ১২২০ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২৮। কর্জপত্র :
লিপিকাল- ২২ জুন ১৮১৪ ইং,১ আশ্বিন ১২২০ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১২৯। কর্জপত্র :
লিপিকাল- ২৩ জুন ১৮১৪ ইং,১ আষাঢ় ১২২১ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩০। একরারপত্র : শাকিম রায়েরকাটি, পরগনা-- সিলেমাবাদ
লিপিকাল- ২৩ জুন ১৮১৪ ইং,১ আষাঢ় ১২২১ বাংলা, সকাল ৮টা থেকে ৯টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩১। কর্জতমষুকি পাওনাপত্র :
লিপিকাল- ২৫ জুন ১৮১৪ ইং,১২ আষাঢ় ১২২০ বাংলা, সকাল ৮টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩২। কর্জপত্র :
লিপিকাল- ৭ জুলাই ১৮১৪ ইং,১৮ বৈশাখ ১২২২ বাংলা, সকাল ৯টা এবং ১০টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩৩। কর্জপত্র :
লিপিকাল- ১১ জুলাই ১৮১৪ ইং,২৬ আষাঢ় ১২২১ বাংলা, সকাল ৯টা এবং ১০টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩৪। কর্জপত্র :
লিপিকাল- ১৬ জুলাই ১৮১৪ ইং, সকাল ৯ টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩৫। কর্জপত্র :
লিপিকাল- ২৮ জুলাই ১৮১৪ ইং, ২ আষাঢ় ১২২১ বাংলা, সকাল ৮টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩৬। কর্জপত্র :
লিপিকাল- ১৫ জুলাই ১৮১৪ ইং, ৬ পৌষ ১২২১ বাংলা, সকাল ৯টা এবং ১০টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩৭। কর্জপত্র : পরগনা-- আওরঙ্গপুর

Dhaka University Institutional Repository

লিপিকাল- ৩০ জুলাই ১৮১৪ ইং, ১৩ শ্রাবণ ১২২১ বাংলা, সকাল ৯টা এবং ১০টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩৮। কস্যকর্জপত্র :
লিপিকাল- ৩০ জুলাই ১৮১৪ ইং, ১৪ শ্রাবণ ১২২১ বাংলা, সকাল ৯টা এবং ১০টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৩৯। কর্জপত্র :
লিপিকাল- ৩ আগষ্ট ১৮১৪ ইং, ১৭ শ্রাবণ ১২২১ বাংলা, ১১টা এবং ১২টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৪০। রফানামা ও একরারপত্র :
লিপিকাল- ২ আগষ্ট ১৮২৩ ইং, ৪ শ্রাবণ ১২২০ বাংলা, সকাল ১১টা থেকে ২টার মধ্যে রেজিস্ট্রেশন করা হয়।

১৪১। রশিদপত্র : সাকিন জপশা, পরগনা- বিক্রমপুর পরগনা- সিলেমাবাদ পরগনা-
লিপিকাল- ২৪ ফাল্গুন ১২২১ বাংলা।

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ০১]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:১]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত ।]

মহামহিম শ্রীযুভদামেগুদেছলবা শাহেব বরাবরেষু লিখীতং শ্রীশৈদফরমানয়ালি কস্য কর্জপত্র মিদং কার্য্যাঞ্চাগে আমি শাহেবের শয়ফায়ে মোকাম বরিশাল শ্রীরামমানিক্য মুখপাধ্যায় মায়ফতে মবলকে শিককা ৪৪১ চারিশও এক চল্লিশ টাকা কর্জ লইলাম সুদরমাহা ফিশাদ ১ এক টাকা হিশাবে দিয ওআদ্দা ২৫ চৈত্র মাত্রমুদ মযলগ মজকুর আদায় করিব ইতি শন ১২১৮ বারশও আঠায় সাল তারিখ-১৯ ভাদ্র----

ইশাদী	ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীশ্রীকৃষ্ণ গুহ	শ্রীশেখমামুদ শাহা	শ্রীফেআমত খাঁ	রযিউল্লাহ
শাং শাজালপুর	শাং রামপুর	শাং বড় পাযা	গাং পোড়াটিয়া

বহি দস্তাখতের শামুজী	[আড়াআড়ি লিখিত]
শ্রীওয়াহিদ আলি	শ্রীহরি চন্দ্র গুহ
শাং চাখার	শাং হালুয়া
	পং চন্দ্রদ্বিপ

[উপরে ডানে কোনায় ফার্সি দস্তখত ।
নীচে ছোট দুই লাইন ফার্সি লেখা ।]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ০২]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ২]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর ।]

ইয়াদিকির্দ্দ শ্রীযুতরামমোহন ঘোষ মহাসয়েষু লিখিতর শ্রীরাজকৃষ্ণ দত্তকস কর্জ পত্রমীদং কার্য্যজ্ঞাগে য়ামি মশায়র শরকারে কলষকাটী মোকামে শ্রীগৌরিকান্ত মজুমদারের মারফত মবলগ ২০০০ দুই হাজার টাকা শিক্কা কর্জ লইলাম বুদ দরমাহা ফিশদ ১ (এক) টাকা হিসাবে দিব ওয়াদাশন ১২১৯ বারশত উনিশশনের শ্রাবন মাষে মবলগ মজকুর মএবুদ আদায় করিব এই করায়ে টাকা পাইআ তমাষুক লিখীয়া দিলাম ইতি শন ১২১৮ বারশত আঠার তারিখ ২২ ভাদ্র

ইশাদী	ইশাদী	ইশাদী	শ্রীরাধামোহন
শ্রীঅমরকৃষ্ণ দত্ত	শ্রীডেঙ্গর	শ্রীবিংশুনারায়ন গপ্ত	শিংহ
সাং কাশের গাও	দাস	সাং খলিসাকোটা	
	সাং জপসা		

শ্রীরঘুনাথ পোদ্দার
সাং মশায়

[উপরে ডানে] শ্রীরাজকৃষ্ণ দত্তস্য সাংকামারগা তালুকদার জোয়ার

ইশাদী
শ্রীবৈদ্যনাথ শর্মা
সাং বরিশাল

হিস্যো ৵ আনি
[নীচে দুইলাইন ফার্সি লেখা]

[উপরে বায়ে]
ইশাদী
শ্রীরাধাকৃষ্ণ ঘোষ
শাং কাশীপুর ।

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ০৩]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩]

[দলিলের [দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদিকির্দ্দ শ্রীশ্যামরাম রায় সুচরিতেসু লিখিতং শ্রীনেওাজতেওারি কস্য কর্জপত্র মিদং কার্য্যঞ্চাগে আমি তোমার তহবিলে শ্রীশীবচন্দ দাসের মারফতে মবলগ সিক্কা ৩০১ তিনশও একরূপাইয়া কর্জ করিলাম এহার যুদ দরমাহা ফিশদ ১ এক টাকা হিসাবে দরমাহা তিনরূপাইয়া দিব ওয়াদ্দা মাথ মাহে মবলগ মজকুর মএযুদ শোদ করিব এই কয়ারে নগদ টাকা দস্তবদস্ত বুঝিয়া পাইয়া তমসুক লিখিয়া দিলাম

ইতি সন ১২১৮ বার শত আঠার তারিখ ২৫ কার্ত্তিক

ইশাদী শ্রীশিবচন্দ দাস ইশাদী ইশাদী

শ্রীশিব চন্দ্র শেন সাং পং কোটালীপাড়া শ্রীকমলকৃষ্ণসেনকা শ্রীকৃষ্ণমোহন দাস

সাং গুটীয়া সাং পংবাগুরোড়া সাং কলাবাড়ী

ইশাদী শ্রী যুগলচন্দ্র নাথ

শ্রীভবানীপ্রশাদ শেন সাং কাসিপুর

সাং ও তথা সাং ও তথা

ইশাদী [নীচে দুইলাইন ফার্সি লেখা]

শ্রীরামশাম বর্ম্মন

সাং কেন্দুবির্মা

[উপরে ডানে]

দস্তখতে নাগরি

শ্রী নেওাজ তেওারি

বং যুগলচন্দ্র দাস মোং

Dhaka University Institutional Repository

মুল দলিলের প্রতিকৃতি [মুল দলিলের ক্রমিক সংখ্যা : ০৪]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

মহামহিম শ্রীযুতদোমেগুদিছিলবা সাহেব বরাবরেষু-

লিখিতং শ্রীবঙ্গচন্দ্র দত্ত ও শ্রীহরচন্দ্র দত্ত ও শ্রীগোরিপ্রিয়াজত্তজেসন্তে ষেরামদত্ত কয়কর্জ পত্রমিদং কার্য্যাজ্ঞাগে আমরা একাজুতি হইয়া শাহেবের সরকারে মবলগ শিক্কা ৭৫০ সাড়ে সাত শত টাকা কর্জ করিলাম রফা দরমাহা ফিদ ১ এক টাকা হিসাবে দিব ওয়াদা ৫ মাঘ মাসে ময়ষুদ টাকা আদায় করিব এই করারে কর্জপত্র দিলাম ইতি সন ১২১৮ তারিখ ৩ অগ্রহায়ণ----

ইশাদী	ইশাদী	নিসান সহি
শ্রীসম্ভুনাথ দত্ত	শ্রীরামাগতিশর্মন	ইশাদী
শাং নলচিরা	শাং কামাখায়া	শ্রীশেকআছরাপ
	পং বিক্রমপুর	শাং শিবপুর

[উপরে ডানে]

শ্রীগৌরিপ্রিয়া	বং শ্রীহরচন্দ্র দত্ত	শ্রীবঙ্গচন্দ্র দত্ত
শ্রীহরচন্দ্র দত্ত	সাং তথা	সাং কুসংকল
সাং তথা		বং শ্রীরাধাকৃষ্ণা মোক্তার

[নীচে তিন লাইন ফার্সি লেখা।]

Dhaka University Institutional Repository



মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ০৫]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫]

[দলিলের উপরে চার লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত]

শ্রীযুতসৈদহোসনদ্দিন মাহাম্মদ চৌধুরী বরাবরেষু-----

লিখিতং শ্রীগৌরিপ্রসাদ চৌধুরী ও শ্রীনরনাবায়নণ মিত্র মালজামিনি পত্রমিদং কার্য্যাঞ্চাগে-

এই নাজীরপুর ও গয়রহ আপনার জামিদারি আপনার সে নিলামে সৈদএমামদ্দি মাহাম্মদ নামে লেখা জায় এই জমিদারি মজকুর আপনার যে নিলামে আপনার মাতাকে দেনমোহরের হকে লিখিয়া দিয়াছেন আপনার মাতা মজকুরাহ দেনমোহরের হকে কাইম হইয়া জমিদারের সরবরাহ করিয়া ফৌত হইয়াছেন পরে আপনে আপনার মাতার হকে কারেজ থাকিয়া জমিদারি মজকুরের সরবরাহ করিতেছেন এ জমিদারি মজকুর ইং সন ১২২৮ শাল লাগাইত শাল ১২২৫ শাল মুদ্দত ৮ আগষ্ট বৎসর মেয়াদে শ্রীকৃষ্ণকিশোর লাহিড়ি আপনার স্থানে ইজারা পাট্টা লইয়া কবুলিয়ত দাখিল করিয়াছেন অতএব আমরা আপনার সেইৎশা পূর্বক জমিদারি মতকুরি সদর তালুক জমা সেওআ তালুক মুদাকত মিয়করিমদ্দি হিশার মবলগ ২৬৯৮৪৴৪/ ছাব্বিব হাজার নয়শও চরসি টাকা তিন আনা শতের কড়া সিককাকাত ৮ আষ্ট শয় মবলগ ২১৫৮৭৩// হইল পোনের হাজার আষ্টশও তেহাত্তরি টাকা নয় আনা চৌদ্দগন্ডা সিক্কা আমি মালজামিন হইলাম ইজরাদার মজকুর মবলগ মজকুর মাহাফিক কবুলিয়ত শনকাল মাহাবমাহ ওয়াজীবন আদায়ের হরেক তারিখে আদায় করিবেন যদি ইজারাদার মজকুর মাহাফিক কবুলিয়ত মবলগ মজকুর আদায় না করেন তবেআমরা ওপরের লিখা মবরগ মজকুর মায়েএ কবুলিয়ত শালবশাল মাহাবমাহা ওয়াজিবেন আমানত হরেকবিনা ওজর তারিখে দাওজরে আদায় করিব এতদর্থে মালজামিনিপত্র লিখিয়া দিলাম ইতি শন ১২১৮ শাল তারিক ২৩ অগ্রহায়ণ

ইশাদী ইশাদী শ্রীরুপাচন্দ্রকর শ্রী
মোহনা সিংহ
শ্রীসিবুপ্রসাদশেন শ্রীশম্ভু নাথদাব শাং বাবুদেবপাড়া শাং-
ফুলরোড
সাং পং চাঁদপ্রতাপ শাং- খলিসাকোটা

[ছোট তিন লাইন ফার্সি লেখা।]

[উপরে ডানে]
শ্রীনরনারায়ণ মিত্র
শাং দেহাটী
বং শ্রীসহায়নারায়ণ শর্ম্মা মোক্তিয়ার

শ্রীগোরী প্রশাদ চৌধুরী
পং- কাশীমপুর পরগনাকস্য

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ০৬]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ ৬]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদিকির্দ্দ শ্রীরাজকৃষ্ণকুন্ড মহাজন সুচরিতেষু লিখিতং- শ্রীবিবিরায়গতিজওজে খাজে বকষআলি মতর্ফী মাদরে শ্রীখাজেগোলাম নবি ও শ্রীখাজেবদলু নাবালগ তালুকে খাজেনুর হিস্বে খাজে কুদরতউল্লাহ ৵।।১১ ক্রান্ত শাং শালুকা আমলে পরগনে চন্দ্রদিপ ও গয়রহ কস্য কর্জপত্র মিদং কার্য্যাজ্ঞাগে আমি তোমার স্থানে মবলগ কলসিক্কা ১৯০১ উনিশশও এক রুপাইয়া কর্জ্জ লইয়া নাবালগানের খোয়পোষ গয়রহ খরচ দিলাম তাহার সুদ দরমাহা কিশও এক টাকা হিসাবে ১৯৷৵। উনিশ টাকা তেরকড়া দরমাহা দিব ওআদ্দা চৈত্র মাসে শোধ করিব এই করারে তমসুক দিলাম ইতি শন ১২১৮ বার শন আঠার শন তারিখ ৪ পৌষ

ইশাদি	ইশাদী	ইশাদী
শ্রীরামমানিক্য দাষ	শ্রীবঙ্গচন্দ্রনাগ	শ্রীভবানি শঙ্কর শেন ত্তাজী
সাং গইলা	সাং শালুকা	সাং গুঠীয়ামাধবপাষা
পং বাগুরোড়া		চন্দ্রদিপ
ইশাদী		ইশাদী নিশান সহী
শ্রী রামমানিক্য দাস		শ্রীশেখ ষেওাজদ্দী
সাং রাজাপুর		সাং শালুকা
তপে নাজিরপুর		
		শ্রীবিবিরায়গতি
		বং শ্রীগৌরচন্দ্র নাগ মং

[নিচে ছোট তিন লাইন ফার্সি লেখ।]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ০৭]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা: ৭]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদিকিদ্দ শ্রীযুতরাম মোহনঘোষমহাশয়েষু----

লিখিতং শ্রীরাজ কৃষ্ণ দত্ত কস্য কর্জ পত্রমিদং কার্য্যঞ্চাগে আমি মহাশয়ের শরকারে বরিশাল মোকামে শ্রীবিষ্ণুদাঙ্গদাসের মারফত মবলগ ৩০০ (তিনশত) টাকা শিক্কা কর্জ লইলাম যুদ দরমাহা ফিশদ ১ টাকা হিসাবে দিব ওয়াদ্দা সন ১২১৯ বারশও উনিশ সালের অগ্রহায়ণ মাষে মবলগ মজকুর মত্রযুদ আদায় করিব এই করারে টাকা পাইয়া তমশুক লিখিয়া দিলাম ইতি সন ১২১৮ বারশওশ আঠার তেরিখ ২১ পৌষ–

ইশাদী	ইশাদী	শ্রীকান্ত দত্ত
শ্রীঅমরকৃষ্ণ দত্ত	শ্রী তিলকচন্দ্র দাস	শাং কলষকাটী
সাং কামার গাও	সাং মাইলাড়া	সাং কামারগাও
সাং গ্রদবন্দর		

[উপরে ডানে]

শ্রীরাজকৃষ্ণ দত্ত

তালুকদার জোয়ার	[ছোট দুইলাইন ফার্সি লেখা।]
রত্ম দিছিলের ৵ দুই আনি	সহি
ইশাদী	শ্রীরাম প্রসাদ দাস
শ্রীরাম লোচন গুহ	সাং বিলজীয়ার
সাং শারম্বিনা	

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ০৮]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৮]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

মহানহিম শ্রীযুতভৈরবচন্দ্র বকশী মহাশয় বরাবেষু---

লিখিতং শ্রীরামপ্রসাদদাষ ও শ্রীপ্রতাবনারায়ণদাষ ও শ্রীরামগোবিন্দ দাস কয়কর্জ পত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা আপনার শরকারে শ্রীরামনিধি বন্দোপাধ্যায় মারফত মবলক ৮০০ আষ্টশও টাকা সিক্কা কর্জ লইলাম রফা দরমাহা ফিশদ ১ এক টাকা হিসাবে ঐ মবলক মজকুর কাত দরমাহা ৮ আষ্ট টাকা শীক্কা দিব ওয়াধা সন ১২১৯ বারশও উনইশ সালের মাহি ফাল্গুন শোধ করিব ইতি সন ১২১৮ বার শাল আঠার) শালের তেরিখ ১০ পৌষ–

ইশাদী শ্রীরাজনারায়ণশর্ম্মা সাং ফতোদীপুর

ইশাদী শ্রীপদ্ম প্রসাদগুপ্ত সাং গুঠীয়া

ইশাদী শ্রীমুর্য্যনারায়নদাষ সাং নলচিয়া

ইশাদী শ্রী বঙ্গচন্দ্র দাস সাংবাওকাটী

লিখিতং শ্রীরামনিধি বন্দোপাধ্যায় আগে এই মবলগ ৮০০ আষ্টশও টাকা শিক্কার মালজাবিন আমী হইলাম মাফিক ওয়াদ্দা মবলগ মজকুর আমা দিব ইতি

[উপরে ডানে] [বাম়ে ছোট তিনলাইন ফার্সি লেখা।]

শ্রীরাম প্রসাদ দাস শ্রী প্রতাবনারায়ণ দাস শ্রী রাম গোবিন্দ দাস

বং শ্রী মুর্য্যনারায়ণ দাশ মোক্তার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ০৯]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৯]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ শ্রীযুত শ্যামরামরায় চৌধুরী বরাবরেষু-
লিখিতং শ্রীঠাঙ্গরদাস বন্দোপাধ্যায় কস্যকর্জ পত্রমিদং কার্য্যাজ্ঞাগে আমি আপনার সরকারে শ্রীরামদুর্লভ শাহার মারফত মবলগ ২২৫০ দুই হাজার দুইশও পঞ্চাশ টাকা শিক্কা কর্জ করিলাম কর্জ এহাব শুদ ফিশদ ১ এক টাকা হিসাবে দরমাহা ২২||০ সাড়ে বাইশ টাকা করিয়া দিব ওয়াদ্দা সন ১২১৯ বারশও উনইশ শনের ১৫ পোন্দরহি মাঘ মাসে শোদ করিব এই করারে মবলগ মজকুর নগদ দস্তবদস্ত বুঝিয়া লইয়া কর্জ পত্র লিখিয়া দিলাম ইতি সন ১২১৮ বারশও আঠার তেরিখ ১৫ পৌষ–

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামদুর্লভ রক্ষীত	শ্রীপদ্ম প্রসাদ গুপ্ত	শ্রীবঙ্গচন্দ্র দাস
সাং পাংসা	সাং গুঠীয়া	সাং বাউকাটী

ইশাদী
শ্রী রামগাতি দাস
সাং সাজাদপুর

[ছোট দুইলাইন ফার্সি লেখা।]

[উপরে ডানে] শ্রীঠাঙ্গরদাষ বন্দোপাধ্যায়।

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১০]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:১০]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদিকির্দ্দ শ্রীরাধাকৃষ্ণরায় চৌধুরী সুচরিতেষু লিখিতং শ্রীরাজকৃষ্ণ শর্ম্মন কর্জ পত্রমিদং কার্য্যঞ্চাগে আমি মহাশয়ের সরকার হইতে মবলগ ৫০০ পাচশও টাকা কল সিক্কা কর্জ লইলাম ইহার সুদ দরমাহা ফিশকরায় ১ এক টাকা হিসাবে এন্দায়া ৫ পাঁচ টাকা দিব ওয়াদ্দা সন ১২১৯ সালের ভাদ্র মাষে মবলগ মজকুর মএষুদ আদায় করিব এহি করারে কর্জ পত্র লিখিয়া দিলাম ইতি সন ১২১৮ তে ১৮ মাঘ–

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীকেবলকৃষ্ণশর্ম্মন	শ্রীলালচাদশেনক	শ্রী রামগোপাল শেন
সাং আগলা	শাং উদ্ধশিলা	শাং পদ্মোনগর
	পং বিক্রমপুর	পং বিক্রমপুর

[উপরে ডানে]

শ্রীরাজকৃষ্ণ শর্ম্মর্ন

সাং আগলা

[দলিলের নিচে ছোট দুই লাইন ফার্সি লেখা।]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১১]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ১১]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইআদি কর্জপত্র মিদং শ্রীকৃষ্ণচন্দ্র সরকার ও শ্রীরাজনারাঅণসেন–
সুচরিতেষু শ্রীরামজয় দাষ ও শ্রীনন্দদুলাল দাষ কওা লিখনং আগে আমরা দুইজনে একাজুতি হইয়া আপনারদিগের স্থানে মোকাম বরিশাল মবলক ১১৩ একশও তের টাকা সিক্কা কর্জ করিলাম সুদ দরমাহা ফিশদ ১ এক টাকা হিসাবে দিব ওয়াদ্দা সন ১২১৯ সালের ফাল্গুন মাষের ৩০ ত্রিষা তারিখে টাকা মৌদ্দ সোদ করিব এই করারে কর্জ করিলাম ইতি সন ১২১৮ বার শও আঠার শন তেরিখ ১৯ চৈত্র–

ইশাদী
শ্রীকালিশঙ্গর শেন
শাং গোং আসবিপুর
পং উত্তর শাহাবাজপুর

ইশাদী
শ্রীরাজকিস্বর দাসস্য
শাং মাহিলাড়া

শ্রীদূর্গাপ্রশাদ নাগ
শাং পং উত্তর শাহবাজপুর

[ছোট তিন লাইন ফার্সি লেখা]

[উপরে ডানে] শ্রীরামজয় দাস
শ্রীনন্দদুলাল দাস

ইশাদী
শ্রীরামগতী শর্ম্মন
শাং গৈলা

ইশাদী
শ্রীজগন্নাথ সেন
শাং বাওকাঠী

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১২]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ১২]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসসকের স্বাক্ষর।]

ইয়াদিকির্দ্দ শ্রীপ্রানকৃষ্ণ চক্রবর্ত্তী ও শ্রীরামণারায়ণ সেণ–
সুচরিতেষু লিখিতং শ্রীরামপ্রসাদ সেণ ও শ্রীরাজদুর্লভ সেণ
ও শ্রীরামকৃষ্ণ সেণ ও শ্রীরাজিবলোচন সেণ কয়োকর্জ্জ পত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা চার জনে একাবৃতি হইয়া আপনার দিগের শরকারে শ্রীরামনারায়ণসেণের দাত্ত মবলগ ১৫০১ পোন্দর শও এককরূপাইয়া শীক্কা খাজনা শহি কর্জ লইলাম এই মবলগ মাজকুরের সুদ দরমাহা ফিশদ ১ এক টাকা হিসাবে ১৫ ৵। পোন্দ টাকা তের কড়া শিক্কা দিব ওয়াদা সন ১২১৯ সালের ভাদ্র মাসে মবলক মজকুর ময়সুদ শোধ করিব এই কড়ারে কর্জপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২১৮ তারিখ ২৪ আশ্বিণ-

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রী প্রানকৃষ্ণ দাষ	শ্রীরাজ কিশোর শেণ	শ্রীচন্দ্রশেখর শেণ
সাং সোনাকাত	সাং ইষিশেন	শাং নল চিড়া
	ইশাদী	ইশাদী
	শ্রীরাজয়ামদে	শ্রী রূপাই দাস
	সাং উবাদ	সাং উবাদ

[ছোট তিনলাইন ফার্সি লেখা।]

[উপরেডানে] শ্রীরাজদুলর্ভ শেণ শ্রীরাজীবলোচন শেণ শ্রীরামকৃষ্ণ শেণ শ্রীরামপ্রশাদ শেণ সাং পাঠক-
বং শ্রীজয়চন্দ্র শেণ

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১৩]


Registered by me at 3 P.M on Wednesday the 6th day of March 1872.

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:১৩]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদিকির্দ্দ শ্রীরাধাকৃষ্ণরায় চৌধুরী বরাবেরবু লিখিতং শ্রীরামনেওাজ তেওারী কির্জপত্র মিদং কার্য্যাজ্ঞাগে আমি তোমার স্থানে মবলক ৪০১ চাইর শও এক রূপাইয়া শীক্কা নগদ দস্তবদস্তর কর্জ করিলাম এহার শুদ দরমাহা ফিশও ১ একক রূপাইয়া হিসাবে মবলক ৪ ৩। চাইরূপাইয়া তের কড়া শিক্কা দিব ওয়াদা সন ১২১৯ শালের ১৫ পৌষ ময়সুদ আদায় করিব এই কড়রে নগদ টাকা দস্তবদস্ত বুঝিয়া পাইয়া তমকষুক লিখিয়া দিলাম ইতি সন ১১১৮ সাল তারিখ ৭ চৈত্র-

ইশাদী	ইশাদী
শ্রীষুবলচন্দ্র দাস	শ্রীগোপালচন্দ্র দাস
শাং কাশীপুর	সাং শিন্দিয়া
[উপরে ডানে] ইশাদী	ইশাদী
শ্রীকাশীনাথ দত্ত	শ্রীকাশীনাথ গুহ
সাং পং চন্দ্রদীপ	সাং সোনার গাও

[ডানে আড়াআড়ি করে ছোট দুই লাইনে লিখিত (?)]
[নিচে ছোট দুই লাইন ফার্সি লেখা।]

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১৪]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:১৪]

[দলিলের উপরে চার লাইন ইংরেজি লেখা ।ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর ।]

মহামহিম শ্রীমুতরামমোহন ঘোষ বাবু মহাশয় যরাবরেষু-
লিখিতং শ্রীশাহজ দেব্যা জওজে শ্রীমনশুক তেওয়ারি কস্য কর্জপত্র মিদং কার্য্যাজ্ঞাগে আমি মহাশয়ের সরকারে শ্রীগকুলচন্দ্র বসুজার মারফত মবলক শিক্কা ৪০০ চাইর শত টাকা কর্জ করিলাম এহার শুদ দরমাহা ফিশত ১ এক টাকা হিসাবে দিব ওয়াদা সন আয়ন্দা ভাদ্র মাসে ময়শুদ মবলক মজাকুর শোধ করিব এই কড়ারে টাকা পাইয়া তমকশুক লিখিয়া দিলাম ইতি সন ১২১৮ তেরিখ ১৩ চৈত্র–

ইশাদী
শ্রীরামদুল্লভ দাষ
সাং কলশকাটী
নিসানসহী
শ্রীমাহাম্মদ জিয়ন
সাং আবদুল্লাহপুর
শ্রীদিনরাম শীল
শাং কলশকাটী

ইশাদী
শ্রীগঙ্গাগোবিন্দ সেন
সাং চন্দ্রদিপ
নিসানসহী
শ্রী পাচুরাড়ী
সাং তথা

[নীচে তিনলাইন ফার্সি লেখা ।
উপরে তিনলাইন বোঝা যায়নি ।]
[দলিলের উপরে বায়ে কোনায়] ইশাদী শ্রীরামজয় শর্ম্মা শাং কৃষ্ণকাটী

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১৫]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:১৫]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদিকির্দ্দ শ্রীরত্নঞ্জয়রায় চৌধুরী শুচরিতেশু লিখিতং শ্রীহরেকৃষ্ণ শেন ও শ্রীকমলকৃষ্ণ শেণ ও শ্রীজিবনকৃষ্ণ শেন কায়া- কর্জ পত্রমিদং কার্য্যঞ্চাগে আমরা তিনজনে একাযুতি হইয়া আপনার স্থানে মবলক সিক্কা খাজনা সহি ৮০১ আষ্টশও এক টাকা দস্তবদস্ত লইয়া আমারদিগের বেহারিপুর ও গয়রহের খারিজা তালুকের সন ১২১৮ বারশও আঠার সালের বকেয়া খাজনা আদায় করিলাম এহার রফা দরমাহা ফিশদ ১ এক টাকা হিসাবে মবলগ মজকুর ৮ ৩। আষ্ট টাকা তের কড়া দিব ওয়াদা এক মাশ মধ্যে ময়ঝুদ আদায় করিব। ইতি সন ১২১৯ বার শও উনইশ সাল তেরিখ-৯ বৈশাখ-

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামরত্ন গুপ্ত	শ্রীজগমোহন সেনস্য	শ্রীগোয়াচান্দ দাষ
সাং কুলকাঠী	সাং তথা	সাং খলিশাকোটা

ইশাদী

শ্রীরামচন্দ শেন

সাং কুলকাঠী

শ্রীরামরত্নগুপ্ত মোব

[নীচে ছোট দুইলাইন ফার্সি লেখা।]

শ্রীজিবনকৃষ্ণ সেনস্য	শ্রীকমলকৃষ্ণ সেনস্য	শ্রীহরেকৃষ্ণ সেনস্য
সাংতথা	সাং তথা	সাংখলিসাকোটা

বং শ্রীরামরত্ন গুপ্ত মোং

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা ঃ ১৬]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:১৬]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদিকির্দ্দ শ্রীকৃষ্ণকিশোর লাহারি বরাবরেষু লিখিতং শ্রীশৈদহোসেনদ্দীন মোহাম্মদ জমিদার তপে নাজিরপুর গএরহ কস্য কর্জ্জ পত্র মিদং কায্যাঞ্চাগে আমি তোমার শরকারে মবলগ ১৪০১ চৌদ্দ শও একটাকা সিক্কা কর্জ্জ করিলাম বুদ দরমাহা ফিশদ এক টাকা হিসাবে দিব ওয়াদ্দা আষাড় মাষে শোধ করিব এই করারে কর্জ্জপত্র লিখীয়া দিলাম ইতি শন ১২১৯ বারসত উনিষশাল তেরিখ ১২ বৈশাখ-

ইশাদী
শ্রীধর্ম্মারায়ণ শেণ
শাংনলচিরা

ইশাদী
শ্রীকিত্তীচন্দ্র দাষ
শাংখালিসাকোটা
শ্রীরামগোপাল দাস
শাং খলিশাকোটা

[দুইলাইন ফার্সি লেখা ও দস্তখত।]
[উপরে ডানে] শ্রীছয়দ হুষাদ্দিন মাহাম্মদ
বং শ্রীরাজনন্দ রায় উকীল মফবরী

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১৭]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:১৭]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদিকর্জ্জ পত্রমীদং শ্রীশ্যামসুন্দর রায় শদাশয়েষু লিখীতং শ্রীমাহাম্মদশফী কস্য লিখনং কার্য্যঞ্চাগে আমি আপনার শরকারে মোকাম বরিশাল শ্রীরঘুনাথ শরকার মারফতে মবলগ সিক্কা ৩০১ তিন শও এক রূপাইয়া কর্জ্জলইলাম রফাদর মাহাফিশদ ১ এক তঙ্কা হিশাবে দিব ওয়াদ্দা মাঘ মাঘে মএবুদ আদায় করিব ইতি শন ১২১৯ শাল তেরিখ ২৯ বৈশাখ–

ইশাদী

শ্রীরাম গোপাল শর্ম্মন

শ্রীরামাগতি রায়

শাং রাজাপুর

পং বোজরগউমেদপুর

[উপরে ডানে] শ্রীমাহাম্মদ শেক

সাং দুর্গাপুর

ইশাদী

শ্রীকাশীচরন ঘোষ

শং নামীছাট

[ছোট দুই লাইন ফার্সি লেখা।]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১৮]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মুলদলিলের ক্রমিক সংখ্যা:১৮]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদিকর্জ্জ পত্রমীদং শ্রীকৃষ্ণদুলাল শাহা ষুচরিতেষু লিখীতং শ্রীকাসিনাথ বাসু কর্স্য আগে আমী আপনার স্থানে শ্রীশম্ভুনাথ শাধুর ইজারার খাজনা বরাত দিয়া মবলগ ৮৫১ আষ্ট শও এক পঞ্চাষ টাকা সিককা কর্জ্জ করিলাম নফাদর মাহা ফিশও এক টাকা এফুলে আষ্ট টাকা আষ্ট আনা তেরকড়া হিশাব দিব ওআদ্দা ইস্তক শন ১২১৯ শাল লাগাএত শন ১২১২ শাল এই যে আদামাদ্দা শোধ করিব ইতি শন ১২১৯ শন তেরিখ ১৮ বৈশাখ–

ইশাদী — নিসানসহি
শ্রীরামগতিযো — শ্রীশেখনুরমোহাম্মদ
শাং রায়তি — শাং খাজ্জাপুর

ইশাদী
শ্রীদিননাথ শর্ম্মন — নিসান সহি
শাং বাভাল — শ্রীশেখ রোশন
শ্রীরামচরন শর্ম্মন — শাং খাজ্জাপুর
শাংতপে বিরমোহন

[উপরে ডানে]
শ্রীকাসিনাথ বাসু
বং শ্রীগঙ্গাপ্রসাদ চক্রবর্ত্তি

[দলিলের নীচে ছোট দুই লাইন ফার্সি লেখা।]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ১৯]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:১৯]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা রয়েছে। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদি কর্জপত্র মিদং শ্রীদেবিদিলযুক্ত যুচরিতেষু শ্রীরাজচন্দ্র সেন ও-----
শ্রীহরচন্দ্র সেন ও শ্রীগৌরি জওজে অভয়চন্দ্র সেন কষ্য লিখনং আগে আমরা আপনার সয়ফরে শ্রীদেবিপ্রসাদ মুখপাদ্যায় মারফতে মযলকে সিককা ১০১ একসও এক রূপাইয়া কর্জ করিয়া পরগনে সিলমাবাদের আমারদিগের জে তাল্লুক বনামে সিযচন্দ্র সেন তাহার খাজানাএ দাখীল করিলাম এহার রফা দরমাহা ফিসও ১ এক টাকা হিসাবে এক তঙ্কা তের বড়া দিব ওর্য়াদ্দা পাচই আষাড়ে সোদ করিব টাকা বুজীয়া পাইয়া কর্জপত্র লিখীয়া দিলাম ইতী সাল ১২১৯ সাল ৫ জৈষ্ট-

ইশাদী	শ্রীসোনারাম বসু	শ্রীবৈদ্য নাথ দাস
শ্রীরামগতি সর্মদ্দার	শাং সরূপকাটী	শাং কড়িখাড়া
শাং মৈসালি	শ্রীকেবলরাম দায	শ্রীপানাউল্লা
	শাং তথা	শাংনদমুলা

[উপরে ডানে] শ্রীগৌরী শ্রীহরচন্দ্র সেন শ্রীরাজচন্দ্র সেন
সাং জপশা পং বিক্রমপুর
বং শ্রীশিবচন্দ্র রায় গোমস্তা
শাং পিষ্যলিতা পং সিলেমাবাদ

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২০]



Registered by me at 20 minutes before 11 A.M. on Thursday the 15th day of May 1812 — R. Robertson

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:২০]

[দলিলের উপরে পাঁচ লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদীকির্দ্দ শ্রীপাচুরাম শাহা বরাবরেষু---

লিখিতং শ্রীরামলোচন বন্দোপাধ্যায় ও শ্রীরামদুল্লভ বন্দোপাধ্যায় ও শ্রীরামজয় বন্দোপাধ্যায় ও শ্রীরামসশ্বীল বন্দোপাধ্যা কাস্য কর্জ্জপত্র মিদং কার্য্যঞ্চাগে আমরা একাযুতি হইয়া শ্রীযুত স্যামরাম রায় চৌধুরির সরকারি আপনার তহবিলে শ্রীরাজচন্দ্র দাষ মারফতে মবলগ সিক্কা ৫০০ পাচশও টাকা কর্জ্জ করিলাম এহার ষুদ ফিসদে ১ এক টাকি একুলে ৫ পাঁচ টাকা দরমাহা দিব ওয়াধা ২৫ পচিসা চৈত্রমাষে ময়ষুদ সোদ করিব এই কড়ারে কর্জ্জপত্র লিখীয়া দিলাম ইতি শন ১২১৮ সাল ২৯ তের বৈশাখ---

ইশাদী
শ্রীরামগঙ্গা দাষ
সাং বাধনপাড়া

ইশাদী
শ্রীরামরুদ্র দাষ
শাং চরমোনাই

ইশাদী
শ্রীকালাচান্দ সর্ম্মা
সাং সাজীড়া

[দলিলের উপরে]
ইশাদী
শ্রীরামমানিক্য শেন
সাংবংপাতেলি

[ছোট ছোট লাইনে ফার্সি লেখা।]

[উপরে ডানে] শ্রীরামলোচন শর্ম্মনঃ শ্রীরামষুর্য শম্মন

শ্রীরামসশ্বীল শর্ম্মনঃ শ্রীরামজয় শম্মনঃ

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২১]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:২১]

[দলিলের উপরে চার লাইন ইংরেজি লেখা।ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদি কির্দ কর্জপত্র মিদং শ্রীরঘুনাথ দাষ ষুচরিতেষু শ্রীঅর্ন্নপূর্ণা চৌধুরাইন জওজে ভৈরবচন্দ্ররায় চৌধুরি পরগনা রত্নদী কালিকাপুর হিস্যে ৵ দুইআনি কথা লিখনং কার্য্যাঞ্চাগে আমী তোমার স্থানে মবলগ ২৫০০ পচিষশও রুপইয়া শিককা কর্জ করিলাম রফা দরমাহা ফিশদ ১ এক রুপাইয়া একুলে ২৫ পচীষ রুপাইয়া করিয়া দিব ও আধা আয়ন্দা শালের পৌষ মাষে শোধ করিব এই করারে কর্জ করিলাম ইতি শন ১২১৯ শাল তেরিখ ২৭ বৈশাখ---

ইশাদী
শ্রীভোলানাথ দাষ
সাং গৈলা
শ্রীকেবলকৃষ্ণ শেন
পং উজীরপুর

ইশাদী
শ্রীরূপচন্দ্র দাষ
সাং ফুলশ্রী
শ্রীরামগতি দাষ
সাং উজীরপুর

ইশাদী
শ্রীরুপচন্দ্র দাষ
সাং গৈলা
নিসান মহি
শ্রীগন্মুতি রাম দাষ
শাং উজীরপুর
নিসানসহী
শ্রীগঙ্গারাম দাষ
শাং উজীরপুর
[নীচে ছোট একলাইন ফার্সি লেখা।]

[উপরে ডানে]
শ্রীঅন্নপূর্ণা চৌধুরাইন
বং শ্রীরামদুলর্ভ দাষ মক্তার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২২]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:২২]

[দলিলের উপরে চার লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদি কির্দ্দ শ্রী, রামদুর্লভ শাহা বরাবরেষু---

লিখীতং শ্রীশ্যামরাম শর্ম্মনঃ কস্য কর্জপত্র মিদং কার্যাঞ্চাগে আমী আপনার সরকারে মবলগ ৬০০ ছয়েসও রূপাইয়া সিক্কা কর্জ করিলাম এহার সুদ ফিসও ১ এক রুপাইয়া হিসাবে মবলগ ৬ ছয় রূপাইয়া সিক্কা দরমাহা দিব ওয়াধা শন ১২২০ বারশও বিশ শালের পৌষ মাষে ময়যুদ শোদ করিব এই কয়ায়েনগদ টাকা দস্তবদস্ত বুজীয়া পাইয়া তমকষুক লিখীয়া দিলাম ইতি শন ১২১৯ সাল তেরিখ ৫ আশাড়---

ইশাদী

শ্রীগোকুল চন্দ্র সর্ম্মন	শ্রীযুগলচান্দ নাগ	শ্রীরামদুর্ল্লভ সর্ম্মন
শাং নবগ্রাম	শাং কাসীপুর	শাং গুবীয়া

শ্রীসেক আস্থরাপ

শাং কাসীপুর

শ্রীরাম সুন্দর দাষ

শাং হালুকা

[উপরে ডানে] শ্রীস্যামরাম শর্ম্মন (আড়াআড়ি) ইশাদী রামষুন্দরউপাধায়।

[বামে উপরে]

এই পত্রে মালজাবিন শ্রীহরিচন্দ্র রায় ইজাদার আগে এই মবলগ মজকুরের মালজাবিন আমী হইলাম মাফীক ওয়াধা মবলক মজকুর ময়যুদ আমী আদায় করিব ইতি নকল শ্রীহরিচন্দ্র রায়

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২৩]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:২৩]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদি কর্জপত্র মিদং শ্রীমৃতুঞ্জয় মুখোপাদ্যা সুচরিতেষু লিখীতং শ্রীগোপীচন্দ্র ঘোষ-- ও শ্রীবঙ্গচন্দ্র ঘোষ ও শ্রীচন্দ্রসেখর ঘোষ কয়ো লিখনং কার্য্যঞ্চাগে আমরা তিনজনে একাজুতি হইয়া তোমায় তহবিলে শ্রীরামসুন্দর মুখপাদ্যায় মারফতে মবলক ১০০০এক হাজার রুপাইয়া সিককা দস্তবদস্ত কর্জ লইলম রয়াদরমাহা ফিসও ১ এক টাকা হিসাবে ১০ দস টাকা করিয়া দিব ওয়াধা লাগাত শন ১২২৫ সাল আদায় করিব এই করারে খতদিলাম ইতী শন ১২১৯ বারশও উনইশ শাল তারিখ ২ আশাড়---

ইশাদী
শ্রীরাম কিশোর শর্মা
শাং কাশীপুর

ইশাদী
শ্রীরামলোচণ দাস
শাং চান্দসী

শ্রীপ্রীতনারায়ণ বশো

ইশাদী
শ্রীকির্ত্তিচন্দ্র দাষ
শাং কাসিপুর

ইশাদী
শ্রীরামরত্ন দাষ
শাং কাসীপুর

ব্রিটিশ সাব কাসীপুর
শ্রীশৌছোচন্দ্র ঘোষ

ইশাদী
শ্রী সেখ কিফাইত উল্লাহ
শাং কলাডেয়া

[ছোট একলাইন ফার্সি লেখা।]

[উপরে ডানে]
শ্রীচন্দ্র সেখর ঘোষ
বং শ্রীরামরামদাশ মকবর

শ্রীবঙ্গচন্দ্র গোষ
বং শ্রীবিশ্বনাথ ঘোষ

শ্রীগোপীচন্দ্র ঘোষ

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২৪]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:২৪]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা ।ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্ত খত ।]

ইয়াদিকির্দ্দ শ্রীয়ামর্দুল্লভ শাহা বরাবরেষু----

লিখিতং শ্রীকাশীনাথ চক্রবর্ত্তী কস্য কর্জপত্র মিদং-----
কার্য্যঞ্চাগে আমী আপনার স্থানে মবলগ ২০০ দুইশও রুপাইয়া সিককা কর্জ করিলাম এহার শুদ দরমাহা ফিশত ১ এক রুপাইয়া এক্কুনে দরমাহা ২ দুই রুপাইয়া সিককা দিব ওয়াধা শন ১২২০ বারশও বিষ সালের পৌষ মাষে ময়শুদ শোদ করিব এই কড়ারে টাকা নগদ দস্তবদস্ত বুজীয়া পাইয়া তমকষুক লিখীয়া দিলাম ইতি সন ১২১৯ শাল বাঙলা তেরিখ ১৪ আষাঢ়---

ইশাদী
শ্রীশম্ভুচন্দ্র শর্ম্মন
শ্রীগুর্য্য ণারায়ন শর্ম্মণ
মোং গৌরিনাথ সী
শাং নবওমপুর
শাং উজীরপুর

[এক লাইন ফার্সি লেখা ও ফার্সি দস্তখত]

[উপরে ডানে]
ইশাদী
শ্রীকাশীনাথ শর্ম্মণ
শ্রীভুবনেশ্বর ঘোষ
শাং রূপাতলি

Dhaka University Institutional Repository

মুল দলিলের প্রতিকৃতি [মুল দলিলের ক্রমিক সংখ্যা : ২৫]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ২৫]

[দলিলের উপর তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্ত খত।]

ইয়াদি কর্জপত্র মিদং সুচরিতেষু----

শ্রীসৈদজমীর কস্য লিখনং আগে আমি তোমার স্থানে শ্রীমনষুর খা মারফতে- মবলগ সিক্কা ২০১ দুইশও এক রূপাইয়া কর্জ লইয়া আমার হাওলা মজকুরের খাজানা দিলাম রফা দয়মাহা ফিসও ১ এক রূপাইয়া হিসাবে দুই রূপাইয়া তের কড়া করিয়া দিব ওয়াধা ২৫ পচিসা ফাল্গুন মাবে সোদ দিব ইতী শন ১২১৯ শাল ২৫ জৈষ্ঠ---

ইশাদী ইশাদী ইশাদী ইশাদী

ইশাদী

শ্রীসেক বসায়ত শ্রীমাসুদ জমা শ্রীমাতাব খা শ্রীসৈদজদু শ্রীসৈদ আলী

সাংতথা সাংতথা শাং মলুয়াদী

নিশানসহী

[উপরে ডানে আড়াআড়ি লিখিত]

পীং সৈদজদু

শ্রীসৈদজমীর সাংসালুখা

কিংমধ্যয়াদি বং শ্রীরামরত্ন সর্ম্মন গোং

ইশাদী

শ্রীবৈদ্যনাথ দাব

শাং কোটালীপাড়া

[নীচে ফার্সিতে ছোট ছয়লাইন লেখা]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২৬]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ২৬]

[দলিলের উপরে তিনলাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

মহামহিম শ্রীযুত মালয়ান দেছিবা শাহেব বরাবরেষু---

লিখীতং শ্রীঅভয়াদেব্যা মাদরে শ্রীসম্ভুনাথ মুখোপাধ্যা শ্রীচন্দ্রমালা দেব্যা---

জত্তজে শ্রীরামচন্দ্র গঙ্গোপাদ্যা কওকর্জ পত্রমিদং কার্য্যঞ্চাগে আমরা দুই জনে একাজুতি হইয়া শাহেবের সরকারে শিবপুর মোকামে মবলগ বারসও টাকা সিক্কা কর্জ লইলাম রফাদর মাহা ফিসও ১ এক টাকা হিসাবে দিব ওয়াদা ৩০ ত্রিসা ফাল্গুন মাষে ময়রফা মবলগ মজকুর আদায় করিব এই কড়ারে কর্জপত্র লিখীয়া দিলাম ইতি শন ১২১৯ বারসও উনইষ তেরিখ-------- ১৯ আশাড়---

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীধণণাথ আইচ	শ্রীকালি প্রসাদ আইচ	শ্রীতিতা খাঁ
শাং হরিরপুর	শাং শ্যামপুর	শা দাত্তকাটী

শ্রীযুগল কিশোর দত্ত [ফার্সি দস্তখত]

শাং কলষকাটী 466904

[উপরে ডানে]

নিশানসহী নিশানসহী

চন্দ্রমালাদেব্যা শ্রীঅভয়া দেব্যা

বং শ্রীগোকুলচন্দ্রবন্দ্যো মোক্তার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিলিপি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২৭]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ২৭]

[দলিলের উপরে তিনলাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের দস্তখত।]

ইয়াদি কর্জ পত্রমিদং শ্রীখাজেখায়রুল্ল্যা ও শ্রীরামলোচন দত্ত সুচরিতেষু---
শ্রীখাজামাহাম্মদচান্দ কষ্য লিখনং আগে আমী তোমার দিগের স্থানে মবলক ৩০১ তিনসও একক রূপাইয়া সিকা দস্তবদস্ত কর্জ লইয়া আমার তালুক বনামে খাজেআবুলহোসন লিখাজাএ এই তালুক মজকুরের খাজানা দিলাম ইহার সুদ দরমাহা ফিসদ ১ এক রূপাইয়া হিসাবে একুলে তিন টাকা তের কড়া করিয়া দিব ওয়াধাশাল ১২১৯ বার সও উনইষ সোনের ১৫ পোন্দরই পোষ মাষ সোদ করিব এই করারে কর্জপত্র লিখীয়া দিলাম ইতী সন ১২১৮ বারসও আঠার শাল তেরিখ----- ২৯ সে অগ্রাহাণ-----

ইশাদী
শ্রীমদননারায়ণগুপ্তষ্য
শাং গৈলা

ইশাদী
শ্রীরামরত্ন দত্ত
সাং সালুখা

ইশাদী
শ্রীকৃষ্ণসেখর ঘোষ
শাং গারা

শ্রীসবপ্রসাদ নাগ
শাং-পাসরিকাঠী
(নিচে ফার্সি দস্তখত)

ইশদী
শ্রীকেবলকৃষ্ণ দাস
শাং সালুকা

[উপরে ডানে]
শ্রীখাজেমাহাম্মদচাঁদ
বংশ্রীরাজচন্দ্র নাগ মোক্তার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিলিপি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২৮]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ২৮]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ পত্রমিদং শ্রীকলন্দর সীংহ সুচরিতেষু শ্রীকৃষ্ণকান্ত রায় ও শ্রীকৃষ্ণগুন্দর রায় শ্রীচন্দ্রশেখর রায়---

কয়ো লিখিণং কার্জ্যাঞ্চাগে আমরা তিনজনে একাযুতি হইয়া আপনার ঠাএী মবলক সিককা ১২৩১ বারশও একত্রিষ রূপাইয়া কর্জ লইয়া আমার দীগের তালুকাত মজকুরের খরচ দীলাম রফা কিসও ১ এক টাকী হিসাবে দরমাহা বার টাকা চারিআনা শারে উনিশগন্ডা সিক্কা দিব ওয়াদা শন ১২২০ সালের পৌষ মাশে ময়ষুদমবলক মজকুর আদায় করিব ইতি শন ১২১৯ বারোশও উনিশ শাল তারিখ---- ------২২ শ্রাবন----

ইশাদী	ইশাদী
শ্রীপদ্দোপ্রশাদ গুপ্ত	শ্রীনৃত্যুঞ্জয় দত্ত
শাং শোটেয়া পং চন্দ্রদীপ	শাং- বাবরীপাষা
ইশাদী	ইশাদী
শ্রীরামকান্ত দাষ	শ্রীগোপীচন্দ্র দাষ
সাং দুর্গাপুর	শাং- শ্রীপুর
	শ্রীপুর
ইশাদী	ইশাদী
শ্রীরামকীঙ্কর দাষ	রামকীংঙ্কর গুহ
সাং-	শাংশ্রীপুর
	ইশাদী
[উপরে ডানে]	শ্রীহরচন্দ্রদত্ত
	শাং শ্রীপুরা
শ্রীচন্দ্রসেখর রায়	১. আশওবার ৮১২ইং
শ্রীকৃষ্ণ সুন্দর রায়	শ্রীচন্দ্রসিখর ও গয়রহকে শ্রীকলা শেন তোমরা বুধবার ২৯ইং নাই কেন? হাজির হইয়াছিলা না কহিল যে কৃষ্ণসুন্দর বেরাখালি একায়ন হাজির হইলা
শ্রীকৃষ্ণকান্ত রায়	
শ্রীকৃষ্ণসুন্দর রায়	[তিন লাইন ফার্সি লেখা নীচে ইংরেজি দুইটি দস্তখত।]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ২৯]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:২৯]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদী কির্দ্দ শ্রীরামকান্ত শাহা বরাবরেশু লিখিত জগবন্ধুগুহ ও শ্রীকালিশঙ্কর গুহ ও শ্রীজয়চন্দ্র গুহ শ্রীবৈদ্যনাথ গুহ কয়োকর্জপত্রমিদং কার্জ্যাঞ্জাগে আমরা চারিজনে একাজুতি হইয়া তোমার শরকারে মবলক সিককা ৪৬৫ চারিশত্ত পাচ শাইট রূপাইয়া কর্জ লইলাম ইহার শুদ ফিঃ শদে ১ এক টাকী হিস্যাবে দরমাহা ৪ ১৮ চারিটাকা দষয়ানা য়াষ্ট গন্ডা দীব ওয়াদা লাগাইদ শন ১২২৩ বারশও তেইস শালের ফালগুন মাশে নিচের তফসিল সাত আদায় করিব ইতি শন ১২১৯ সাল তা ৭ শ্রাবন---

ওয়াদা				
দায়ধরা ১২২০ শাল-		শন ১২২১-	শন ১২২২ -	শন ১২২৩
আমন				
৪৬৫	৬	১১৫ ১৯	১৩২	১৪৭
গুনইং নিজতারিখ				
লাং শন ১২২৩ সালের				
ফালগুন দরমাহা ফিশদে				
১ এক টাকা রগবতে বিঃ হিসাবে আলাহিদা				
১৫০	৮৩	৩৭	২০	১০
৬১৫	১৫২১	১৫২	১৫২	১৫৭

মং ছয়শও পোনর টাকা তিন আনা শিক্কা মাত্র	মুল একষায়ান্নটাকা দশ আনা সিককা দারইতি	মং একশওষান্ন দষয়ানা সিক্কা দারইতি	মং একশওয়ায়ান্ন টাকা দশয়ানা সিককা দায় ইতি মং, একশও সাত পঞ্চাশ টাকা পাচয়ানা সিককা দারইতি
ইশাদী শ্রীরামরুদ্র দাষ শাং- চরমনাই	ইশাদী শ্রীরাজকৃষ্ণ ঘোষ শাং শ্রীপুর	ইশাদী শ্রীদুষ্মন্ত খা শাং ইচাগুড়া	[ফার্সি দুইলাইন লেখা]

[উপরে ডানে] শ্রীবৈদ্যনাথ গুহ, শ্রীকালিসঙ্কর গুহ, শ্রীজয়চন্দ্র গুহ, শ্রীজগবন্ধু গুহ বং

[দুই লাইন ফার্সি]

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩০]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩০]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ শ্রীযুত রামমোহনঘোষ মহাসয়েষু----
লিখিতং শ্রীরাজকৃষ্ণ দত্ত কষ্য কর্জ্জ পত্রমিদং কার্য্যঞ্চাগে আমি মহাশয়ের সরখরে কলসকাঠী মোকামে শ্রীগৌরিকান্ত মিত্র মজুমদারের মারফত মবলগ সিককা ১০০০ এক হাজার টাকা কর্জ্জ লইলাম যুদ দর মাহা ফিশদ এক টাকা হিসাবে দিব ওয়াধা সন ১২২০ বিসসনের আশাঢ় মাষে মবলগ মজকুর ময়যুদ আদায় করিব এই করারে টাকা পাইয়া তমকযুক লিখিয়া দিলাম ইতি শন ১২১৯ বারশও উনইষ তেরিখ ১৫ শ্রাবন-

ইশাদী

শ্রীনিলমনি আইচ	শ্রীঅমরকৃষ্ণ দত্ত	শ্রীক্ষিত্তীনারায়ণ গুপ্ত
শাং হরিরপুর	শাং- বিক্রমপুর	শাং-খলিসাখোটা

[উপরে ডানে] শ্রীরাজকৃষ্ণ দত্ত

বং শ্রীঅমরকৃষ্ণ দত্ত মোকত্তার

[এক লাইন ফার্সি লেখা]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩১]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩১]

[দলিলের উপরের তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদী কর্জ পত্রমিদং শ্রীরামপ্রান দত্ত যুচরিতেষু----
শ্রীগঙ্গাদাষ দত্ত কষ্য লিখিনং কায্যঞ্চাগে আমি আপনার তহবিলে----
শ্রীপদ্মলোচন দত্তের মারফতে মবলক সিক্কা ২৮৪ দুইসত্ত চৌরাসি টাকা--
সিক্কা কর্জ লইলাম রফা দরমাহা ফিসদ সিক্কা ১ একা টাকা হিসাবে দিব--
ওয়াদা সন ১২২১ বারসত্ত একইস সালের ফালগুন মাসে সোধ করিব ইতি---
শন ১২১৯ বারসত্ত উনইস সাল তেরিখ ৬ ভাদ্র------

ইশাদী	ইশাদী
শ্রীরামহরি সর্ম্মন	শ্রীসোনারাম দাষ
শাং মালপাশা	শাং-পুন্নিহাট
	ইশাদী
শ্রীবঙ্গচন্দ্র দাষ	শ্রীহরচন্দ্র ঘোষ
শাং- কুসঙ্কল	শাং-গাভা
	শ্রীরামজয় দাষ
	শাং-কুসঙ্কল
[উপরে ডানে]	
শ্রীসম্ভুদাষ দত্ত	নিসানসহী-
বং রামগতি গুহ গোং	শ্রীসিবচন্দ্র দাষ
	শাং- কুসঙ্কল
[দুই লাইন ফার্সি লেখা]	ইশাদী
	শ্রীসৈদবরানঙ্গ
	শাং- পুখরিজানা

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩২]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩২]

[দলিলের উপরে চার লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদিকির্দ্দ শ্রীতুতরানন্দদাস রায়চৌদুরী বরাবরেষু-----
লিখিতং শ্রীমাহাম্মাদালি কাজী ও শ্রীকিফাইওউল্ল্যা কাজী ও শ্রীসরকওল্ল্যা কাজী---
ও শ্রীকবিরউল্ল্যা কাজী কয়োকর্জ্জপত্র মিদং কার্য্যাঞ্চাগে আমরা চাইর জনে--
একাযুতি হইয়া আপনার শরকারে শ্রীবংশিবদন শাহা ও শ্রীগোপীচন্দ্র----
সেনের মারফতে মবলগ সিক্কা ৬০০ ছয়শও টাকা কর্জ করিলাম রফা দরমাহা----
ফিসও ১ এক টাকা একুলে ৬ ছয় টাকা করিয়া দেব ও ওয়াদা ২৫ পৌষ মাহে----
মায়েষুদ শোদ করিব এই কড়ারে কর্জ্জপত্র দিলাম ইতি সন ১২৯৯ ওনইষ---
শাল তেরিখ----- ৩০ শ্রাবন-----

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীশেখআষারাপ	শ্রীরামরাউ পাল	শ্রীসেকআছরাফ
শাং কাশীপুর	শাং- প্রতাপপুর	শাং ওযখালি

[দস্তখতসহ এক লাইন ফার্সি লেখা]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩৩]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩৩]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদী কির্দ্দ শ্রীরামদুর্ল্লভ শাহা বরাবরেষু---

লিখিতং শ্রীব্রজকিশোর রায় ও শ্রীচিত্তরাম রায় ও শ্রীকালাচাঁদ---

রায় কস্যে কর্জপত্র মিদং কার্য্যঞ্চাগে আমরা একযুতি হইয়া---

শ্রীশ্যামরাম রায়চৌধুরীর তহবিলে আপনার স্থানে মবলক ২০৫---

দুইশওপাচ রূপাইয়া সিক্কা কর্জ করিলাম এহার সুদফিশও ওয়াদা ১ এক টাকা--

একুলে দুই টাকা গন্ডা ষোল গন্ডা হিশাবে দরমাহা দীব---

ওয়াদা শন ১২২১ সালের পৌষ মাষে ময়ষুদ শোদ করিব এই কড়ারে---

মবলগ মজকুর নগদ দস্তবদস্ত পাইয়া তমকষুক দিলাম ইতি শন ১২১৯ শন----

তেরিখ------------ ১৫ ভাদ্র-----

ইশাদী	ইশাদী	নিশান শহি	ইশাদী
শ্রীরামদুলর্ভ দাষ	শ্রীতারাচাঁদ দাষ	শ্রীসেখআছরাপ	শ্রীশহস্রবাম দাশ
শাং- কালিয়া	শাং- ছুবণপুর	শাং কাশীপুর	শাং- পং বিরমহল
	ইশাদী		
শ্রীজয়চন্দ্র দাষ	শ্রীইন্দ্রনারায়ন শর্মা		
শাং-গুটীয়া	শাং-মাইজপাড়া		
শ্রীরামহরি দাষ			
শাং-পাংষা			
	[উপরে ডানে]	শ্রীচিত্তরাম রায়	শ্রীব্রজকিসোর রায়
	শ্রীকালাচান্দ রায়		

[ছোট দুইলাইন
ফার্সি লেখা]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩৪]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩৪]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ শ্রীরামদুর্ল্লভ শাহা বরাবরেষু---
লিখিতং শ্রীকেবলরাম রায় ও শ্রীরবিলোচন রায় কস্য কর্জপত্র মিদং---
কার্য্যঞ্চেগে আমরা দুইজনে একাযুতি হইয়া শ্রীশ্যামরামরায়---
চৌধুরীর সরকারি তহবিলে আপনার স্থানে মবলক ৬০০ ছয়শওও---
রূপাইয়া সিক্কা কর্জ করিলাম ইহার যুদ ফিশও ১ একটাকা একুলে---
৬ ছয় রূপাইয়া হিশাবে দরমাহা দিব ওয়াধা শন ১২২১ বায়সও---
একইষ শালের পৌষ মাসে ময়যুদ শোধ করিয় এই কড়ারে মবলক---
মজকুর নগদ দস্তবদস্ত বুঝিয়া পাইয়া তমকবুক লিখিয়া দিলাম ইতি ---
সন ১২১৯শাল তেরিখ--- ১৫ ভাদ্র

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীইন্দনারায়ন শর্ম্মা	শ্রীজয়চন্দ্র দাষ	শ্রীতারাচাদ
শাং- মাইজপাড়া	শাং- গুঠীয়া	শাং-ভুষণপুর
ইশাদী		নিসানসহী
শ্রীরামদুলর্ভ দাষ	শ্রীরামছবি দাষ	শ্রীআছবাপ
শাং কালিয়া	শাং পাংষা	শাং কালীয়া
ইশাদী		
শ্রীমহশ্ররাম দাষ		
শাং-পং বিরমহল		

[উপরে ডানে] শ্রীরবিলোচন শ্রীকেবলরাম রায়
বং শ্রীসম্ভুনাথ রায় মোক্তার [ছোট ফার্সি দস্তখত]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩৫]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ৩৫]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ শ্রীরামদুল্লভ শাহা বরাবরেষু----

লিখিতং শ্রীনান্দকুমার রায় কষ্য কর্জপত্রমিদং কায্যঞ্চাগে---

আমি শ্রীযুতশ্যামরামরায় চৌধুরীর তহবিলে আপনার স্থানে--

মবলক ৭০০ শাতশও রূপাইয়া সিক্কা কর্জ করিলাম এহার সুদ কিশদ---

দরমাহা ১ এক রূপাইয়া একুলে ৭শ্ত রূপাইয়া দরমাহা হিশাবে-------------------

দিব ওয়াধা শন ১২২১ সালের পৌষ মাষে মরসুদ শোদ করিব-----

এই কড়ারে নগদ মবলক মজকুর দস্তবদস্ত বুঝিয়া পাইয়া তমকযুক------

লিখিয়া দিলাম ইতি শন ১২১৯ তেরিখ-১৩ ভাদ্র----

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামগতি শর্ম্মা	শ্রীতারাচন্দাদ দাস	শ্রীকালীনাথ দত্ত
শাং পং- বিরলমহল	শাং- ইবনপুর	শাং-কেন্দুয়াপ
		বিরমহল
ইশাদী		নিসানসহী
শ্রীরাধামোহন দাষ	শ্রীরামহরি দাষ	শ্রীচিত্তরাম শীল
শাং- চন্দ্রদিপ	শাং-পাংষা	শাং-কৃষ্ণকাঠী

নিসানসহী

শ্রীসেখআছরাপ

শাং- কাশীপুর

[ছোট ফার্সি দস্তখত]

]উপরে ডানে] শ্রীনন্দকুমার রায় শাং বিরমোহন বং শ্রীজবনকৃষ্ণ শর্ম্মন মোক্তার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা: ৩৬]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩৬]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ পত্রমিদং শ্রীভরতচন্দ্র ঘোষ যুচরিতেষু------

লিখিতং শ্রীরামষুন্দরচন্দ্র ও শ্রীরামকিঙ্করচন্দ্র শ্রীরামগঙ্গাচন্দ্র------

শ্রীরামলোচনচন্দ্র কয়ো কর্জপত্র মিদং কার্য্যঞ্চাগে আমরা চাইরজোনে---

এক্কাযুতি হইয়া আপনার সরকারে শ্রীরামযুন্দরবষুর মারফত মবলগ ১৮৫০---

আটারসও পঞ্চাস রূপাইয়া কল্দা সিক্কা কর্জ করিলাম যুদ দরমাহা ফিসত----

এক টাকা হিসাবে দিব ওয়াধা সন ১২২১ এক্কুশ সনের চৈত্রমাসে টাকা সোধ----

করিব ইতি সন ১২১৯ বায়সও উনিষ তেরিখ ১১ শ্রাবন-------

ইশাদী	ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামগতি দত্ত	শ্রীরামগতি দাষ	শ্রীগঙ্গাপ্রসাদ দাষ	শ্রীরামগতি দাষ
শাং কড়াপুর	শাং-কড়াপুর	শাং-কড়াপুর	শাং-মকযুদপুর
ইশাদী			
শ্রীসৈদকেয়ামদ্দী			
শাং-বেড়কাঠী			

[একলাইন ফার্সি লেখা
ও দস্তখত]

[উপরে ডানে] শ্রীরামলোচনচন্দ্র, শ্রীরামগঙ্গাচন্দ্র; শ্রীরামকিঙ্করচন্দ্র, শ্রীরামসুন্দরচন্দ্র, টবনি বং শ্রীমৃত্যুঞ্জয় শর্ম্মন মোক্তার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩৭]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩৭]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ শ্রীশ্যামরায়ময়ায় চৌধুরী বরাবরেষু-

লিখিতং শ্রীসিবনাথ সেন ও শ্রীরামসুন্দর সেন ও শ্রীপদ্মপ্রসাদ সেন ও শ্রীচন্দ্রনারায়ন সেন---

কায়া কর্জ পত্রমিদং কর্য্যঞ্চাগে আমরা একাজুতী হইয়া আপনার সরকারে---

শ্রীরামদুর্ল্লভ শাহা মারফতে মবলক সিক্কা ৬২৫ ছয়সও পচিশ রূপাইয়া---

কর্জ করিলাম এহার সুদ দরমাহা ফিসও এক রূপাইয়া হিশাবে দিব---

ওয়াধা শন ১২২০ বারসও বিশশালের ২৫ মাঘে শোধ করিব এই করারে---

মবলগ মজকুর দস্তবদস্ত বুজিয়া লইয়া কর্জপত্র লিখিয়া দিলাম ইতি শন ১২১৯---

বারসও উনইষ--- ১ আশ্বীন------

ইশাদী	ইশাদী
শ্রীগঙ্গানারায় শেন	শ্রীরাধামোহন দাষ
শাং- পোনাবালিয়া	শাং- খলিষাকোটা
	ইশাদী
	শ্রীকাশীনাথ ঘোষ
ইশাদী	শাং- বাধনপাড়া
শ্রীনিমচন্দ্র গুহ	ইশাদী
শাং- বারইকরণ	শ্রীসেফজেয়াউল্লা
	শাং- জাগুরা
	ইশাদী
	শ্রীরামজয় শেন
	শাং- অজয়বিল

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩৮]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩৮]

ইয়াদি কির্দ্দ শ্রীযুতশ্যামরামরায় চৌধুরী বরাবরেষু----
লিখিতং শ্রীচন্দ্র শেখর ও শ্রীরাজকিশোর সেন কয়ো কর্জপত্র মিদং----
কার্য্যঞ্চাগে আমরা একজুতী হইয়া আপনার সরকারে শ্রীরামদুল্লর্ভ শাহা----
মারফতে মবলগ শীক্কা ৬৫৯ সারে ছয সও রুপাইয়া কর্জ করিলাম---
এহার ষুদ দরমাহা ফিসও ১ এক রুপাইয়া হিশাবে দিব ওয়াধা শন ১২২০----
শালের ১০ দশই মাসে শোদ করিব এই করারে মবলক নকজুর নগদ দস্তবদস্ত----
বুঝিয়া লইয়া কর্জপ্রত্র লিখিয়া দিলাম ইতি শন ১২১৯ শাল তেরিখ ১ আশ্বীন

ইশাদী	ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীগঙ্গানারায়ণ	শ্রীসিবচন্দ্র গুহ	শ্রীরাধামোহন দাষ	শ্রীকাশীনাথ ঘোষ
শেন	শাং- বাবইখালি	শাং-খলিসাকোটা	শাং- ষবিলপাড়া
শাং- পোনাবালিয়া			
ইশাদী	ইশাদী		
শ্রীসেকজেয়াউল্লা	শ্রীবামজয় শেন		
শাং-জাগুয়া	শাং-অজয়বিল		

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৩৯]

Registered on acknowledgement [illegible]

[illegible]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৩৯]

[দলিলের [দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ শ্রীশ্যামরামরায় চৌধুরী বরাবরেষু-----

লিখিতং শ্রীরূপচন্দ্র সেন ও শ্রীশদাশিব সেন কায়া কর্জ পত্রমিদং কার্য্যঞ্চাগে----
আমরা একাযুতি হইয়া আপনার শরকারে শ্রীরামদুল্লর্ভ শাহা মারফতে- মবলক শীক্কা ----

৭০০ সাতসও রূপাইয়া কর্জ করিলাম এহার মুদ দরমাহা ফিসও ১ এক রূপাইয়া ---

হিসাবে দিব ওয়াধা শন ১২২০ সালের ১৫ সালের মাঘে শোদ করিব কড়ারে মবলগ---

মজকুর নগদ দস্তবদস্ত বুঝিয়া লইয়া কর্জপত্র লিখিয়া দিলাম ইতি- সন ১২১৯ সন---

তারিখ ১ আশ্বীন------

ইশাদী	ইশাদী
শ্রীগঙ্গানারায়ণ শেন	শ্রীচন্দ্রশেখর শেন
শাং-পোনাবালিয়া	শাং-পোনাবালিয়া
ইশাদী	ইশাদী
শ্রীনিমচন্দ্র গুহ	শ্রীরাধামোহন দাষ
শাং-বারইখালি	শাং-খলিষাকোটা
[উপরে ডানে]	ইশাদী
শ্রীশদাসীব সেন শ্রীরূপচন্দ্র সেন	শ্রীকাশীনাথ দাস
	শাং- বাধণপাড়া

এলাইন ফার্সি লেখা।

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিলিপি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৪০]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪০]

[দলিলের [দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ শ্রীযুতশ্যমরামরায় চৌধুরী বরাবরেষু---------------

লিখিতং শ্রীগঙ্গানারায়ণ সেন ও শ্রীকির্ত্তিনারায়ণ সেন ও শ্রীসিবচন্দ্র সেন কায়্যো-----------

কর্জ্জ পত্রমিদং কায্যঞ্চাগে আমরা একজুতি হইয়া আপনার সরকারে----------

শ্রীরামদুল্লর্ভ শাহা মারফত মবলক সিক্কা ৮৫০ আষআটসও পোঞ্চাষ রূপাইয়া--------

কর্জ্জ করিলাম এহার সুধ মরমাহা ফিসও ১ একটাকা হিসাষ দিষ ওয়াধা শন ১২২০ সালে------

২৫ পৌষ শোদ করিব এই কড়ারে মবলক মজকুর নগদ দস্তবদস্ত বুঝিয়া লইয়া কর্জ্জপত্র লিখিয়া------

দিলাম ইতি শন ১২১৯ সন------- তে-------- ১ আশ্বীন--------

ইশাদী	ইশাদী
শ্রীচন্দ্রশেখর শেন	শ্রীনিমচন্দ্র গুহ
শাং- পোনাবালিয়া	শাং-বাষইখালি
শ্রীপদ্মপ্রশাদ দাশ	ইশাদী
শাং- পোনাবালিয়া	
ইশাদী	শ্রীকাশিনাথ ঘোষ
শ্রীরাধামোহন দাষ	শাং- ববিলপাড়া
শাং- খলিষাকোটা	

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৪১]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪১]

[[দলিলের উপরে চার লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি পত্রমিদং শ্রীকৃষ্ণগোবিন্দভরন্দাত সুচরিতেষু-----------
শ্রীশ্যামকিশোর রায় কস্য লিখনং আগে আমি তোমার সরকার হইতে----------
শ্রীযুতরতনকৃষ্ণও রায়ের মারফত মবলগ শীক্কা ৯০০ নয়সও রূপাইয়া কর্জ--------
করিলাম ইহার সুধ দরমাহা ফিসদ চন্দ আনা হিসাবে দিয়া ওআধা---------
শন ১২২৩ একন্দা বারসত্ত তেইশ শালের লাগায়ত চৈত্র সোধ করিব এই কম্নারে কর্জ-------
করিলাম ইতি শন ১২১৯ বারসও উনইষ তেরিখ-------- ৮ আশাড়----------

ইশাদী	ইশাদী
শ্রীকালিদাশ শর্মা	শ্রীচন্দ্রশেখর শেনষ্য
শাং- লক্ষিয় দিয়া	শাং- সিবপুর
শ্রীকেবলকৃষ্ণ দত্ত	শ্রীনিলকণ্ঠ দাস
শাং-গোয়ালভাওর	শাং- দাদপুর

[নীচে দস্তখত সহ এক লাইন ফার্সি লেখা।]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৪২]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪২]

[দলিলের উপরে চার লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ কর্জ পত্রমিদং শ্রীকৃষ্ণগোবিন্দ ভরদ্দাজ ছুচরিতেষু-----

শ্রীশ্যামকিশোর রায় কস্য লেখনং আমি তোমার সরকার হইতে---

শ্রীযুতরতনকৃষ্ণ রায়ের মারফত মবলক শীক্কা ৩০০ তিনসও রূপাইয়া ----

কর্জ করিলাম এহার ছুদ দরমাহা ফিসদ চর্দ্দয়ানা হিসাবে দিবা--------

ওয়াধা শন ১২২৩ বারশও তেইষ সালের লাগায়াত চৈত্র সোধ করিব-----

এই করারে কর্জ করিলাম ইতি শন ১২১৯ বারসও উনইষ সাল তেরিখ- ৯ আশাড়

ইশাদী	ইশাদী
শ্রীকালিদাষ শর্ম্মা	শ্রীচন্দ্রশেখর সেণযা
শাং- লক্ষীরদিয়া	শাং-সিবপুর
শ্রীকেবলকৃষ্ণ দত্ত	শ্রীনিলকন্ট দাষ
শাং- গোয়ালভাওর	শাং-দাদপুর

[উপরে ডানে] শ্রীশ্যামকিশোর রায়

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৪৩]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ৪৩]

[দলিলের উপরে চার লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।

ইয়াদি কির্দ্দ-----

শ্রীরত্নকৃষ্ণরায় চৌধুরী বরাবরেষু-----

শ্রীকৃষ্ণকিসোর সেন ও শ্রীকালিকিসোর সেন কায়েো কর্জপত্র মিদং----

কার্য্যঞ্চাগে আমরা দুইজনে একায়ুতি হইয়া আপনার সরকারে শ্রীকালি দাষ----

চক্রবর্তীর মারফত মবলগ সিক্কা ৩৪০০ তিনহাজার চাইর সও রূপাইয়া----

কর্জ্জ করিলাম এহার শুদ দরমাহা ফিসদ ১ এক টাকা হিসাবে দিব ওয়াধা----

লাগায়ত ১২২৫ বায়সও পচিষ শনের পৌষমাষে ময়যুদ শোদ করিব---

এই করারে কর্জ্জ করিলাম ইতি শন ১২১৯ বারসও উনইষ শন তেরিখ ৪ শ্রাবন

ইশাদী

শ্রীবিশ্বেশ্বর সেন	শ্রীরাজীবিলোচন শর্ম্মান	শ্রীমৃত্যুঞ্জয় শর্ম্মা	শ্রীরামগঙ্গা শর্ম্মা
শাং-জপশা	শাং- উত্তর শাহাবাজপুর	শাং-কাশেরগাও	শাং- উত্তর শাহবাজপুর

শ্রীশম্ভুনাথ পোদ্দার শাং উত্তর শাহাবাজপুর	শ্রীরাধামাধব দত্ত শাং- মেগা

[উপরে ডানে] শ্রীকালিকিশোর সেণষ্য শ্রীকৃষ্ণকিশোর সেণষ্য বং শ্রীশিবজা শার্ম্মন গোং

[ছোট দুই লাইন ফার্সি লেখা]

Dhaka University Institutional Repository



ইথাদিকির্দ শ্রী।৺ শ্যামরাম রায় চৌধুরি বরাবরেষু

নিমতং শ্রী। চন্দ্রশেখর সেন ও শ্রী। রাজকিশোর সেন ও শ্রী। [illegible] সেন ও শ্রী। হরিনারায়ণ সেন ও শ্রী। [illegible] সেন ও শ্রী। শিবরাম সেন কস্য কর্জ্জপত্রমিদং কার্য্যঞ্চাগে আমরা এহালের হইয়া আপনার সরকার শ্রী। [illegible] মারফত মবলগ সিক্কা ১০০০ এক হাজার রুপাইয়া কর্জ্জ করিলাম ইহার সুদ [illegible] ১ এক পয়সা হিসাবে দিব ও ময়াদ সন ১২২০ বার সত বিশ সালের ১০ মাঘে শোধ করিব এতদর্থে মবলগ মজকুর [illegible] দস্তবদস্ত বুঝিয়া পাইয়া কর্জ্জপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২১৯ বারশঅউনিশ সাল তেরিখ ১৫ কার্ত্তিক

ইসাদী — ইসাদী — ইসাদী — ইসাদী

শ্রী রামধর্ম [illegible] — শ্রী [illegible] — শ্রী রামদেব সেন — শ্রী [illegible] সেন

সাং [illegible] — সাং [illegible] — সাং [illegible] — সাং [illegible]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪৪]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি ফির্দ্দ শ্রীযুতশ্যামরামববি চৌধুরী বরাবরেষু--------
লিখিতং শ্রীচন্দ্রশেখর সেন ও শ্রীরাজকিশোর সেন ও শ্রীগঙ্গানারায়ন সেন---
ও শ্রীখিত্তিনারায়ণ সেন ও শ্রীসিবচন্দ্র সেন ও শ্রীসিব নাথ সোম ফিয়ো---
কর্জপত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা একাযুতি হইয়া আপনার সরফারে শ্রীরাম ---
দুর্ল্লভশরকারে মারফতে মবলক সিক্কা ১০০০ এক হাজার রূপাইয়া কর্জ করিলাম ---
ইহার মুল দরমাহা ফিশও ১ এক রূপাইয়া হিসাবে দিব ওয়াধা শন ১২২০ ---
যার শও বিশশালের ১০ মাষে শোধ করিব এই করারে মবলক মজকুর নগদ -----
দস্তবদস্ত বুঝিয়া লইয়া কর্জপত্র লিখিয়া দিলাম ইতি শন ১২১৯ বারসও ইনইষ---
সাল তেরিখ--------　　　১৫ কার্ত্তিক-----

ইশাদী	ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামজল্লব	শ্রীবঙ্গচন্দ্র দাষ	শ্রীরামজয় ঘোশ	শ্রীকাশীনাথ ঘোষ
রক্ষীত	শাং- পং	শাং- শাহাজাদপুর	শাং- বাধনপাড়া
শাং- পাশা	সোলিমাবাদ		
[উপরে ডানে]			

শ্রীশিবনাথ সেন শ্রীশিবচন্দ্র সেন শ্রীকিত্তিনারায়ণ সেন শ্রীগঙ্কানরায়ন সেন,
শ্রীরাজকিশোর সেন শ্রীচন্দ্রশেখর সেন বং শ্রীপদ্মপ্রসাদ সেন মোক্তার
[দস্তখতসহ ছোট এক লাইন ফার্সি লেখা।]

Dhaka University Institutional Repository

[illegible]

ইয়াদিকির্দ শ্রী। শ্যাম রামরায় চৌধুরি বরাবরেষু

লিখিতং শ্রী। রামচন্দ্র ঘোষ ও শ্রী। পদ্মলোচন ঘোষ ও শ্রী। চন্দ্রনারায়ণ ঘোষ
কস্য কর্জ্জপত্র মিদং কার্য্যঞ্চাগে আমরা কিস্তিবন্দি এক্তালুকে হইয়া আপনার
সরকারে শ্রী। রামবল্লভ [illegible] মারফতে সবনক এবং তিন সও পচিশ রূপাইয়া
লইয়া খর্চ্চ করিলাম ইহার সুদ দরমাহা মবলগ ১ এক রূপাইয়া হিসাবে দিব
ওয়াদা সন ১২২০ বাঙ্গলার চৈত্র মাসে আসল শোধ করিব এই করারে সবল
মনে নাবালগ মন্তব্যে খুসিয়া পাইয়া কর্জ্জপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২১৯ বাং
[illegible] তেরিখ —— ২০ কার্ত্তিক ——

ইসাদি —— ইসাদি —— ইসাদি ——

শ্রী রামচন্দ্র [illegible] — শ্রী। জগমোহন — শ্রী। কাশীনাথ ঘোষ — শ্রী। গঙ্গারাম [illegible]
সাং — পাবনা — সাং পানাকালিয়া — সাং — বাঘিলপাড়া — সাং পানাকালিয়া —

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪৫]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদি কির্দ্দ শ্রীষ্যামরামরায় চৌধুরী বরাবরেষু----------

লিখিত শ্রীরামযুন্দর সেন ও শ্রীপদ্মপ্রসাদ দাস ও শ্রীচন্দ্রনারায়ণ সেন-----

কয়ো কর্জপত্র মিদং কার্য্যঞ্চাগে আমরা তিনজনে এক্কাযুত্তি হইয়া আপনার---

সরকারে শ্রীযুতরামদুল্লর্ভ শাহার মারফতে মবলগ ৩২৫ তিনসত্ত পচিষ রূপাইয়া----

সিক্কা কর্জ করিলাম ইহারে যুদ দরমাহা কিশও ১ এক রূপাইয়া হিশাবে দিব----

ওয়াধা শন ১২২০ বারসত্ত বিশ সালের মাঘ মাশে সোধ করিব এই কয়ারে মবলক----

মজকুর নগদ দস্তবদস্ত বুঝিয়া পাইয়া কর্জপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২১৯ বারসওে---

উনইষ সাল তেরিখ------ ২০ কার্ত্তিক-------

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামদুল্লভ রক্ষীত	শ্রীজগমোহ	শ্রীকাশীনাথ ঘোষ
শাং-পাশা	শাং- পনাবালিয়া	শাং- বাধনপাড়া
		শ্রীগঙ্গানারায়ণ ঘোষ
		শাং-পোনাবালিয়া
[উপরে ডানে]	শ্রীপদ্মপ্রসাদ শেন	শ্রীরামশুন্দর সেনাত
শ্রীচন্দ্রনারায়ণ সেন,		

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৪৬]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪৬]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদিকির্দ্দ শ্রীপ্রানকৃষ্ণরায় চৌধুরী সাকিন কলশকাঠী পরগনে আওরঙ্গপুর যুচরিতেযু- লিখিতং শ্রীহরিনারায়ণ চক্রবর্ত্তী শাং তথা পাং তথা কস্য একরার পত্রমিদং কার্য্যঞ্চাগে পং বোজরগ উমেদপুর শ্রীযুতকমপানী বাহাদুরের খালে সুইরি জোয়ারে হরিদেবপুর হোগলবনিয়া কিলমতে সৈদপীরমাহাম্মদের তালুকে আমার একক্তেতাওসত তালুক বনামে তথাদি চণ্ডী চরন শদরজমা মবলক সিক্কা ৪১৭ চাইনও শাতর টাকা আষ্টআনাতের কড়া মফস্বর আছে খাজানা ও গয়রহ শরফদার দিয়া ভোগ দখল করিতে ছিলা মতাগেত তালুকদাররের খাজানা বাকী কারন শন ১২০৮ সালে তালুক মজকুর নিলাম হইয়াছি নিলাম খরিদার শ্রীডাকতর কেলেমন্ত বএনামা লইয়া খরিদ করিয়া মফস্বল পৌছিয়া আমাকেও শত তালুক হইতে বেদখল করিয়াছিল পরে জিলে বাখরগঞ্জের জজশাহেবের নিকট ৪৯ উনপঞ্চাশ কানুনে আরজি গুজরাইয়া ডাকতর কেলেমন্ত গয়রহ নামে নালিশ করিয়া আমার হকে ডিকরি হাসীল করিয়া মফস্বল দখল পাইয়া ছিলাম পরে নিলাম খরিদার ডাকতর কেলেমন্ত গয়রহ জজ সাহেবের তজবিজে নারাজ হইয়া ঐ মকোদ্দমা কোরট আপীল করিয়া আমার গরহাজিবিতে তাহার হকে ডিকরি করিয়া মফস্বল দখল পাইয়া ছিল ঐ ডিকরি মজকুর হুকুম ছিলজে আমার হক্কের জদি কিছু দরকার থাকে তবে জিলা মজকুরের দেওয়ানী আদালতে নালিষ করিব ঐ হুকুম মতাবক জিলা মজকুরের দেওয়ানী আদালতে ১৩৯৯ নম্বরে ডাকতার কেলেমন্ত গয়রহর নামে ময় মুলফা উসত তালুক মজকুরের ৬১১/১০ ছয়শও এগারো টাকা সাড়ে আষ্টআনা তাএদাদে আরজী গুজরাইয়া ভোগ দখলের হওয়াল জওয়াবে আমার হকে ডিকরি হাসীল করিয়া উসত তালুক মজকুর দখল পাইয়াছি পরে ডাকতর মজকুর জজ সাহেবের তজবিজে নারাজ হইয়া এলাকে জাহাঙ্গীর নগরের কোরট আপীলে ২৭০১ নম্বরে আমার নামে কৈফয়ত আরজী গুজরাইয়া নালিষ করিয়া তাএদাদের মাল জামীনী দুই সন দুই মাহা ১৩২৪ হক তেরশও চব্বিশ টাকা পোনর আনা তিন পাই আমার নামে লইতে জজসাহেবের নামে পরিছোট আসিয়াছে অতএব আমি মহাশয়ের মিলকিয়ত জমীদারী হিস্যা গয়রহ হুজুরে লিখাইয়া দিয়া ঐ মবলক মজকুরের মালজামিন মহাশয়কে নিলাম না করেন ডাকতর কেলেমন্তর হকে কোরট আপিলে ডিকরি পাইয়া ঐ তাএদাদে মবলক মজকুর ময়খেসারত আপনার স্থানে তলব হয় তার তাএদাদে মবলক মজকুর ময়খেসারত আমার নিজ হইতে আদায় করিয়া দিব এই কর বিশবর্ষদার মফস্বলে কোনমতে জদী মহাশয়ের কিছু খরচ খেসারত হয় তবে তাকেহ দিব এই করারে ধর্ম শাক্ষী করিয়া লিখিয়া দিয়া মালজামিন হুজুরে মহাশয়কে নিলাম উপরের লিখেত মতে তায়েদাদের টাকা ময় খেসারত আমার নিহাত আদায় করিয়া দিব কোন প্রকার আপনার কিছু খরচ খেসারত হবেকজদী উপরের লিখিত মত তায়েদারের টাকা সারে খেসারত না দেই তবে আমার মিলকিয়াত জমীজমা মাহাফিক তফসীল ও মাল আমোয়ান হুজুরে এতলা করিয়া নিলাম করাইয়া তাএদাদে মবলগ মজকুর ময়খেসারত আদায় করিবেন তাহাতে আদায় না হয়ে বাকী পরে আমি আদায় করিব এতদার্থে একরার লিখিয়া দিলাম ইতি শন ১২১৯ বারসত উনইষ তারিখ ২৫ আগ্রায়ণ

জমী মফস্বল তফসিল জয়েন

২৪৯

পং বোজরগওমেদপুর
জোয়ার পাঙ্গালীয়া
তালুক রামরাজাদত্ত
হাওলা রামসঙ্কর চক্রবর্ত্তী ১১২
জোয়ার ছোপখালি
তাং চন্দ্রসেখর চক্রবর্ত্তী
হাং বনামে কান্তিকরাম দাষ ১২৫

ব্রক্ষ্ম পং আওরঙ্গপুর জোয়ার
মাদাব বনিয়া বনামে শ্রীরামতর্কালঙ্কর ৭
জোয়ার ফুলতলা বনামে তথা- ৫
২৪৯

৩৩৭
পরগনে চন্দ্রদিপ জোয়ার রায় মুবিয়া
২৭
জোয়ার হোসেনপুর বনামে তথা
৪০
জোয়ার নারায়নপুর বনামে তথা
২১
৪২৫

মবলগে চারশও পচীশ রূপাইয়া বারআনা সিককা মাত্র।

পং বোজরগউমেদপুর
জোয়ার হোসনাবাদ
বনামে কালিচরণ চক্রবর্ত্তী

পঃ সেলিমপুর জোয়ার আবুয়া বনামে
শ্রীরামতর্কালঙ্কার

জোয়ার দেওনি বনামে
রামশঙ্কর চক্রবর্ত্তী ৪০
পং সিলিমাবাদ বনামে
কালিচরণ চক্রবর্ত্তী ১১
৩৩৭

[উপরে ডানে] শ্রীহরিনারায়ণরায় শর্ম্মা চক্রবর্ত্তী
ইশাদী ইশাদী
শ্রীযুগলকিশোর শেন শ্রীরামনারায়ন শর্ম্মা
শাং- মং বরিশাল শাং- কলসকাঠি

[দলিলের উপরে]
ইশাদী
শ্রীচন্দ্রমনীদাস পাঁক্দার
শাং- মং বরিশাল

[ছোট তিন লাইন ফার্সি লেখা]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৪৭]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪৭]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজী লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।
ইয়াদী কির্দ্দ শ্রীরত্নকৃষ্ণরায় চৌধুরী বরাবরেষু----

শ্রীহরমোহন সেণষ্য কর্জপত্রমিদং কার্য্যঞ্চাগে আপনার সরকারে---

শ্রীকালিদাষ চক্রবর্ত্তীর মারফতে মবলগ সিকর্কা ৩৪০০ তিন হাজার চাইরসও রূপাইয়া-----

কর্জ করিলাম এহার ষুদ দরমাহা ফিসদ ১ এক টাকা হিসাবে দিব ওয়াধা লাগাএত-------

সন ১২২৫ বারসও পচিশ শালে পৌষ মাসে ময়ষুদ সোদ করিব ইতি সন ১২১৯ বারশও উনইষ

তেরিখ----　　　　৪ ভাদ্র-----

ইশাদী	ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামরত্ন সিংহ শাং- তেতলিয়া পং উত্তর শাহাবাজপুর	শ্রীরাজীবলোচন শর্ম্মা শাং- উত্তরশাহবাজপুর	শ্রী জীবনকৃষ্ণ শেন শাং- কোকাআইড় পং জালালপুর	শ্রীখোসালমামুদ শাং- আবদুল্লাপুর
শ্রীকালাচাঁদ ঘোষ শাং- চন্দ্রদ্বীপ	শ্রীরাধামাধব দত্ত শাং- মেগা	নিজসহী শ্রীবাখর মামুদ শাং- দাদপুর পংউত্তরশাহাবাজপুর	নিশানশাহী শ্রীপারানবাড়ি শাং- আবদুল্লাহপুর

[উপরে ডানে]

শ্রীহরমোহন সেনস্য

বং শ্রীশিবজয় শর্ম্মন

বন্দোপাধ্যায় মোক্তার

[দস্তখত সহ ফার্সি দুই লাইন লেখা]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৪৮]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪৮]

[দলিলের [দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।

শ্রীকাশীচন্দ্র সেন ইজরাদার বরাবরেষু লিখিতং শ্রীশ্যামকিশোর রায় কস্য মালজাবিনী--- পত্রমিদং কার্য্যঞ্চাগে পরগনে উত্তর শাহাবাজপুর আমার জমীদারী হিস্যা ১ এক আনা ---- সাত কড়ার নামে রামজয়রায় লিখাজায় ও আমার খারিজাতালুক রামজয় রায় ও রাধাকিসোর রায় ---ও সম্ভুনাথ রায় ও কৃষ্ণনাথ রায় ও বিষ্ণুরাম দেওান এহায় সদর মফস্বল দরেবস্ত্র মাহাফিক ইজারা--- পাট্টা ইত্তাদা শন ১২১৯ বারশও উনিশ শন লাগাএদ শন ১২২৩ বারশও তেইশ শন মুন্দত পাচ শনা মেয়াদে তোমার ঠাই ইজারা দিয়াছি সেই মহালল মজকুরের মফস্বল জমীজমা দরবস্ত ঐ মুদাফতেরমেয়াদে দরখাস্ত ও তাওত ও কবুলিয়াত দিয়া তোমার হইতে শ্রীচন্দ্রশেখর শেন দর ইজারা লইয়াছে ইহাতে আমি দর ইজারাদার মজকুরের মহালে মাফিক কবুলিয়ত জামিনি হইলাম দর ইজারাদার মুর্দ্দত পত্র ও মাহাফিক তাহুত কবুলীয়ত কিস্তবদীমত শনবসন মাহাবমাহা দরইজারা খাজানা তোমার স্থানে বুঝাইয়া দিবেক ইহাতে দর ইজারাদারের স্থানে জখন জে খাজানা বাকী পরে তাহা আমি বিনা উজর বুঝাইয়া দিব এদদার্থে দর ইজারার মালজামিন হইলাম শন ১২১৯ বারসও উনিশ তেরিখ-------- ১১ আষাড়-------

ইশাদী	নিজসহী	নিজসহী
শ্রীকালিসঙ্কর সেন	শ্রীপরান রাড়ী	শ্রীবাখরমামুদ
শাং- গোয়লভাওর	পং- আবদুল্লাপুর	শাং- দাদপুর
		পং উত্তর শাহাবাজপুর
শ্রীরামলোচন দাষ	[উপরে ডানে]	
পং উত্তর শাহবাজপুর	শ্রীশ্যামকিশোর	
	বং শ্রীকৃষ্ণচন্দ্র রায়	
	মোক্তার	

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৪৯]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৪৯]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।

ইয়াদী কির্দ্দ শ্রীভৈরবচন্দ্রইন্দু যুচরিতেষু শ্রীরামষ্ণুলঙ্করগুহরায়স্য-----

লিখিতং কার্য্যঞ্চাগে আমি তোমার স্থানে নগদ দস্তবদস্ত মবলগে সিক্কা ৭০০ শাতসও রূপাইয়া--- কর্জ লইলাম এই হায় যুদ কিসদ দরমাহা ১ এক টাকা হিসাবে একুলে ৭ সাত টাকা দিব ওয়াদা শন ১২২১ বারসও একুইশ শালের চৈত্র মাষে মবলগ মজকুর আদায় করিব এই কন্নায়ে কর্জপত্র দিল ইতী শন ১২১৯ বারসও উনিশ সাল তাং ৩০ তিরিষা

অগ্রহায়ণ--------

ইশাদী
শ্রীরামগঙ্গা শর্ম্মা
শাং- শম্বনকাঠী

ইশাদী
শ্রীচন্দ্রমনি দাষ
শাং- কোড়ীখাড়া

ইশাদী
শ্রীকৃষ্ণমোহান দাস
শাং সোহাগদল

শ্রীকৃষ্ণমোহন দাস
শাং- সোহাগদল

শ্রী লক্ষীনারায়ণ ইন্দু
শাং- আসোয়া

ইশাদী
শ্রীরামনারায়ণ দাষ
শাং- কৃষ্ণকাঠী

[উপরে ডানে] শ্রীরামলঙ্কর রায়
শাং বিন্না

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৫০]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫০]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।

লিখিতং------

শ্রীবিষ্ণুচন্দ্ররায় চৌধুরী সাকীম উজিরপুর পরগনে বাঙ্গরোড়া জমীদারী পরগনে রত্নদীকালিকাপুর হিস্যে.... চাইর আনি আমার পিতা রামকিশোররায় চৌধুরী নামে জমা মবলগ ৫৯১৫ পাচ হাজার নয়সও পোন্দর রূপাইয়া এক আনা শওা গন্ডা আষ্টগন্ডা সিককা শামিল কালেকটরি জিলা ঢাকা জালালপুর আগে জে মৌজা হয়দর আলী সাকিম শহর ঢাকা কর্জতমসুকী নয়নুদ তায়েদাদ মবলগ ৯৩৪ নয় সও চৌত্রিষ টাকা সিককা মকর্দ্দমাতে ২৩৩৮৭ নম্বরে শহর ঢাকার দেওয়ানী আদালতে বনামে মুর্ছমতে শ্রীআন্দেস্বরি চৌধুরাইন মাদরে মানিক্যচন্দ্র রায় মোতাফা নালিষ করিয়াছিল শহর মজকুরের জজ সাহেবের তজবিজে মকদ্দর্মা মজকুর ম্রোজা মজকুরের হকে ডিগরি হইয়াছে তাহাতে মুছম্মত মজকুয়েন্ন শহর মজকুয়েন্ন ডিগরি নারাজ হইয়া এলাকে জাহাঙ্গীর নগর ক্রোটী আফিল আদালতে ম্রোজা মজকুরের নামে নালিষ করিয়াছে অতএব আমি আপন রাজী রকমতে ডিগরির মলি জামিন হইয়া একরাড় করিতেছি মকর্দ্দমা মজকুর এ লকসানের পর আফীলের শাহেবান মবলগ মজকুর আদায় করেন জেওকুম ছাদর করেন আমি ও আমার ওয়ারীশান বিনা ওজরে আমলে আনিয়া আপন মাল মিলকিয়াত হইতে আদায় করিব এতদার্থে মালজামিনী লিখিয়া দিল ইতি শন ১২১৯ তে----

১১- পৌষ-------

ইশাদী	ইশাদী /নিশানসহী	ইশাদী /নিশানসহী
শ্রীরামজয় শর্ম্মা	শ্রীনুরদরাজরাড়ী	শ্রীশাহাগাজী
শাং- উজিরপুর	শাং- গাগরিয়া	শাং- গাগরিয়া

[উপরে ডানে]
শ্রীবিষ্ণুচন্দ্ররায় চৌধুরী
বং শ্রীকেবলকৃষ্ণ সেন মোক্তার

[ছোট দুই লাইন ফার্সি লেখা।

Dhaka University Institutional Repository



মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৫১]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫১]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর ।]

লিখিতং শ্রীবিষ্ণুচন্দ্ররায় চৌধুরী সাকিম উজিরপুর পং বাঙ্গরোড়া জমীদারি----
পরগনে রত্নদীকালিকাপুর হিস্যে ঢাইর আনী আমার পিতা রামকিশোররায়---
চৌধুরী নামে জমা মবলগে ৫৯১৫ পাচ হাজার নয়সও পান্দর রূপাইয়া এক আনা---
সোয়া আষ্ট গন্ডা সির্স্তা সামিল কালেকটরি জিলে ঢাকা জালালপুর আগে শ্রীম্রেজাহয়দ আলী সাকিম শহর ঢাকা ৰ্ফজ তমষুকী ময়েয়ুদ তায়েদাদ নং ৯৩৪ নয়শত চৌত্রিশ ঢাকা সিক্কার মকদ্দমাতে ২৩৩৮৭ নম্বরে বনামে মছম্মাত শ্রীআন্দেশ্বরীচৌধুরাইন মাদরে মানিক্য চন্দ্ররায় মোতফা নালিষ করিয়াছিল শহর মজকুরের জজ সাহেবের ও তজবিজমতে মকদ্দমা মজকুর ম্রেজা মজকুরার হকে ডিগরি হইয়াছে তাহাতে মুছমাত মজকুরা শহর মজকুয়ার ডিগরি নারাজ হইয়া এলাকা জাহাঙ্গীর নগরের ক্রোট আফিলে আদালত ম্রেজা মজকুরের নামে নালিষ করিয়াছেন অতএব আমী আপন রাজী রকবতে মছম্মাত মজকুরেরর তরপের আপীলের খরচার মালজাবিন হইয়া একরার করিতেছি মকৰ্দ্দমা মজকুর ইনক সালের পর ক্রোট আফীলের শাহেবান খরচার টাকা আদায়ের কারণ জেহুকুম হাদর করেন আমি ও আমার ওয়ারিশান বিনাওজারের আমলে আনিয়া আপন মাজমিয়কিয়ত হইতে আদায় করিব এতদার্থে খরচার মালজাবিনীল ইতি শন ১২১৯ তেরিখ------ ১১ পৌষ

ইশাদী	ইশাদী /নিসানশহী	ইশাদী/ নিসানশহী
শ্রীরামজয় শর্মা	শ্রীনুরদারাজ	শ্রীসাহা গাজী
শাং- উজীরপুর	শাং গাগরিয়া	শাং- গাগরিয়া

[উপরে ডানে] শ্রীবিষ্ণুচন্দ্ররাম চৌধুরী
বং শ্রীকেবলকৃষ্ণ শেন মোক্তার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৫২]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ ৫২]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

লিখিতং শ্রীবিষ্ণুচন্দ্ররায় চৌধুরী সাকিম উজিরপুর পরগনা বাঙ্গরোড়া জমীদারি----

পরগনে রত্নদীকালিকাপুর হিস্যে   চাইর আনী আমার পিতা রামকিশোররায়---

চৌধুরী নামে জমা মবলগে ৫৯১৫   পাচ হাজার নয়সও পান্দর রূপাইয়া এক আনা---

সোয়া আষ্ট গোন্ডা সিক্কা সামিল কালেক্টরি জিলে ঢাকা জালালপুর আগে শ্রীম্রেজাহয়দার আলী সাকিম শহর ঢাকা কর্জ তমস্বুকী ময়েষুদ তায়েদাদ মবলক ১০৮৭ একহাজার শাতআশী রূপাইয়া দষ আনা সিক্কা মকদ্দমাতে ২৩৩৮৬ নম্বরে শহর ঢাকার দেওয়ানি আদালতে বনামে মছম্মাত শ্রীআদ্দেশ্বরী চৌধুরাইন মাদরে মানিক্য চন্দ্ররায় মোতফা নালিষ করিয়াছিল শহর মজকুরের জজ সাহেবের তজবিজে মকদ্দর্মা মজকুর ম্রেজা মজকুরার হকে ডিগরি হইয়াছে তাহাতে মুছম্মাত মজকুরা শহর মজকুরার ডিগরি নারাজ হইয়া এলাকে জাহাঙ্গীর নগরের ক্রোর্ট আফিলে আদালতে ম্রেজা মজকুরের নামে নালিষ করিয়াছেন অতএব আমী আপন রাজী রকবতে ডিগরির মালজাবিন হইয়া একরাড় করিতেছি মকর্দ্দমা মজকুর ইনক সালের পর আফীলের শাহেবান মবলগ মজকুর আদায়ে র কারন যে হুকুম ছাদর করেন আমি ও আমার ওয়ারীশান বিনা ওজরে আমলে আনিয়া আপন মাল মিলকিয়াত হইতে আদায় করিব এতদার্থে মালজাবিন লিখিয়া দিল ইতি শন ১২১৯ তেরিখ --

১১-   পৌষ-------

ইশাদী	ইশাদী /নিসানশহী	ইশাদী/ নিসানশহী
শ্রীরামজয় শর্মা	শ্রীনুরদারাজ	শ্রীসাহা গাজী
শাং- উজীরপুর	শাং গাগরিয়া	শাং- গাগরিয়া

[উপরে ডানে] শ্রীবিষ্ণুচন্দ্ররাম চৌধুরী

বং শ্রীকেবলকৃষ্ণ শেন মোক্তার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৫৩]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ৫৩]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।

৭ লিখিতং শ্রীবিষ্ণুচন্দ্ররায় চৌধুরী সাকিম উজীরপুর পরগনে বাঙ্গরোড়া জমীদারী----
পরগনে রত্নদী কালিকাপুর হিস্যে চাইর আনী আমার পিতা রামকিশোররায় চৌধুরী নামে জমা মবলগে ৫৯১৫ পাঁচ হাজার নয়শও পোন্দর রুপাইয়া এক আনা সোয়া আস্টে গোন্ডা সির্কা সামিল কালেক্টরী জিলে ঢাকা জালালপুর আগে শ্রীব্রজহয়দার আলী সাকিম শহর ঢাকা কর্জা তমসুকী ময়েযুদ তায়াদাদ মং১০৮৭ এক হাজার শাত আশী রুপাইয়া দশ আনা সিকর্কা মকর্দ্দমাতে ২৩৩৮৬ নম্বরে শহর ঢাকার দেওয়ানী আদালতে বনামে মুছম্মতে শ্রীআদ্দেশ্বরি শ্রীরিচৌধুরাইন মাদরে মানিক্যচন্দ্র রায় মোতফা নালীশ করিয়াছিল শহর মজকুরের জজ শাহেবের তজবিজে মকর্দ্দমা মজকুর ম্রজা মজকুরের হক্কে ডিগরি হইয়াছে তাহাতে মুছম্মাত মজকুরী শহর মজকুরের ডিগরী নারাজ হইয়া এলাকে জাহাঙ্গীর নগরের কোরট আফিলে ম্রেজা মজকুরের নামে নালিষ করিয়াছে অতএব আমি আপনার রাজী রগবতে মুছম্মাত মজকুরার তরফের আফিলেরইয়া একরাড় করিতেছি মকর্দ্দমা মজকুর ইনকসালের পর আফীলের সাহিবান মবলগ মজকুর আদায়ে করেন। জে হুজুম ছাদর করেন আমি ও আমার ওয়ারিশান বিনাওজরে আমলে আনিয়া আপন মালমিলকিয়ত হইতে আদায় করিব এতদার্থে মালজাবিন লিখিয়া দিল ইতি শন ১২১৯ তেরিখ- ১১ পৌষ

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামজয় শর্ম্মা	শ্রীনুরদরাজ	নিসানশহী
শাং- উজিরপুর	শাং-গাগরিয়া	শ্রীশাহা গাজী
		শাং- গাগরিয়া

[উপরে ডানে]

শ্রীবিষ্ণুচন্দ্ররায় চৌধুরী

বং শ্রীকেবলকৃষ্ণ শেন

মোক্তার কাম-

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৫৪]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫৪]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।

৭ ইয়াদী কির্দ্দ শ্রীমাহাম্মদসাদক সুচরিতেষু-

লিখিতং শ্রীশেকএবাদুল্লা পিসরে সেকন্যামওল্যামোতফা সাকি সন্তোষপুর পরগনে উত্তর শাহাবাজপুর কস্য য়লিনামা পত্রমিদং কার্যঞ্চ আমার পৌত্রিক তালুক আমোলে পরগনে বেকন্ঠপুর খারিজা মুদাফত পরগনে উত্তর শাহাবাজপুর ও মুদাফতপরগনে দক্ষিণ শাহাবাজপুর মুদাফত পরগনে গোপালপুর ব্রেজা নগর ও পরানে মৌজড়েদী বনামে রহমত আছানদুল্লা লিখা জাত্র এহাতে আমার পিতামহ আছাওল্যার হিসা সেওয়াত্র পরগনে মৌজুড়া বাকী তিনপরগনার তালুকাতের ১১০ সারে চাইর আনি এহার দাখিল হিস্যা এক আনা আষ্ট গন্ডা দুই কান্ত বাবতে ডিগরি তিন পরগনার শ্রীতালুকাতে ৭০ চাইর আনির একুলে ৯১।। সাত আনা সাতকড়া দুই ক্রান্ত বাকী তিনতগনাশাতকড় দুই ক্রান্ত বাবতে ডিকরি ও পরগনে মৌজদ্দীর আষ্ট আনি ওলাখেয়াজী ও আমার পিতার কয়দা নিলাম খরিদা তালুক বনামে খোদ ও খোষ খারিদা গয়হয় পীতার নামে ও আমার নামে ও হেবাহাত্র তালুকাত হাত্রমজকুরের উঘন্য ২ মুদাফত হায় গয়বহ জেজে বকমে আছে তাহাতে আমার ম্যা মুছমাতডোমলবিবি আমার নাবালগী শবরে এই নকল মিলিকয়াতের শমর হুকুম ও শরবরাদিয়া আমার দিগের প্রিতিপালন করিয়া আমী আইন মতে না এক হইলে আমাকে দরবস্ত বুঝাইয়া দিবায় কারণ শন ১২১৯ সালে শ্রীরাসন আমার মাওল সেখ হছেন রাজাকে শন ১৭৯৯ সালের ও পঞ্চশ কান্দুনের হুকুমতে অছী মকবর করিয়াছিলেন তাহাতে ১৫ শ্রীরাবন মাতা মজকুরা মৃত্যু হোইয়াছে আমি উপরের মালমিলকীয়াত দখল কারেজ থাকিয়া ভোগ তছরুপ করিতেছি এহাতে মাল মজকুরের অগ্রাহায়ন মাষে অছী মজকুরের মিত্ত্ব হইয়াছে মাতা বর্তমান থাকিতে জিলে বাখরগঞ্জের দেওয়ানি আদালতে নম্বর ওয়ারি নালিষ করিয়াছেন। আমী ২ আত্রন্দা অদ্য মিলিকীয়ত গহরহ জেন্যে নালিষ করিবার দরকার আছে এহয় তদবিরবাতে ও আদালতের মকবরি উকিলের নামে ওকালত নাম মাফিক আইন আমি দিতে পারিনা অতএব আমার উপরের লিখিত মাল মিনিকীয়াতের সাবেক নাএবমী তুমি এ কারণ শন ১৭৯৯ শালে ৫ পঞ্চম কালগুনের ত্রিতিসধারার ধরোব হুকুম মতে তোমাকে আমার প্রেহস্তে অনিআহাদ মকবর করিলাম তুমী উপরের লিখিত মালমিলকিয়াতের মদর মফস্বল শরবরাহ দিয়া আমাকে পিতী পালন করিয়া আমার মাতায় নালিষী মকর্দ্দমা হায়ের ও আএন্দা আমী জে নালিষ করিতেছে এবং কেহ আমায় নামে নালিষ করে তাহার তদবিরাত ও জবাব শহাল আদালতের মকবরি উকিলের নামে উকীলত নামাদিয়া মদেমহা করিবা ও আমী আইনের মতে জাযত না একহৌ মিলিকিয়াতের কাগজাত উছল তহশীল বাদ শন আমাকে বুজাইয়া দিবা এতদার্থে অলি আহাদ লিখিয়া দিলাম ইতী শন ১২১৯ বারসও উনবিষ শাতই পৌষ।

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীআইব গোজী	শ্রীইজওল্যা	শ্রীকুদরল্লা নিজশাহী
শাং- তথাপংতমা	শাং- শন্তশপুর	শাং কাটীয়া
	পং ভয় শাহাবাজাপুর	পং উত্তরশাহাবাজপুর
উপরে ডানে	শ্রীয়ামদুলাল শর্ম্মন	শ্রীমাতাবদী
	শাং- উত্তরশাহাবাজপুর	শাং-হাসনাবাদ
		পং তথা
শ্রীসেক এবাদুল্ল্যা		উপরে দুই লাইন ফার্সি
বং শ্রীকালিশঙ্কর শেন		লেখা

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৫৫]



মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৫৬]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫৫]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।

মহামহিম শ্রয়ুিতগোলকচন্দ্ররায় বরাবরেষু-

লিখিতং শ্রীরাজনারায় দাষ তালুকদার মুদাফত সির্দ্দেস্বরি জোয়ার ডাওকাওগয়রহ হিশ্যা। আষ্ট আগী কস্য কর্জপত্রমিদং কার্য্যাঞ্চগে আমী তোমায় স্থানে শ্রীফাত্তিকরাম কাজুনিয়াও মায়ফত মবলগ সিক্কা ১০০০ এক হাজার টাকা কর্জ করিলাম ইহায় যুদদরমাহা ফিসদে ১ এক টাকা হিসাবে দিয ওয়াদা শুদ আত্রন্দা পৌষ মাহে মবলগ মজকুর ময়যুদ আদায় করিব এই কয়ারে টাকা লইয়া তমযুক লিখিয়া দিলাম ইতী শন ১২১৯ সাল তেরিখ ১১ পৌষ-

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামদুল্লভ সেন	শ্রীরাধাকৃষ্ণ নাগ	শ্রীরামমানিক্যঘোষ রায়
শাং-চানপুর	শাং- আড়য়ানিল	শাং- নরওমপুর
পং- মসরোড়া	পং শাহবাজপুর	

ইশাদী

শ্রীরাজকিসোরশর্ম্মা রায়

শাং- আলতা পং সিলেমাবাদ

উপরে ডানে

শ্রীরাজনারায়ন দাসকস্য

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫৬]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজী লেখা। ব্রিটিশ প্রশাসকের স্বাক্ষর।

ইয়াদী কির্দ্দ শ্রীসেখমাহাম্মদজমীর বিশ্বাষ শুচরিতেষু

লিখিতং শ্রীসিবচন্দ্র সেন ও শ্রীলক্ষীনারায় সেন ও শ্রীরামরাজা সেন ও শ্রীকৃষ্ণনারায়ন দাষ কায়া কর্জ পত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা একজুতী হইয়া তোমার স্থানে মবলগ ১২৫ একশও পচিস রূপাইয়া সিক্কা কর্জ করিলাম রফা দরমাহা ফিসদ ১ এক রূপাইয়া হিসাবে ১ এক রূপাইয়া চাইর আনা করিয়া দিয ওয়াধা শন ১২২০ বায়শও বিষ শালের বৈশাখ মাহে মায়যুদ শোদ করিব ইতি শন ১২১৯ উনইষ শাল ১৪ পৌষ

নিশানসহী	ইশাদী	ইশাদী
ইশাদী		
শ্রীব্রজারাম দাষ	শ্রীরামকিঙ্কর শেন	শ্রীরামদুলাল দাষ
পেং- বিন্দারাম দাষ	শাং- গৈলা	শাং- মাহিলারা
শাং- গৈলা		
ইশাদী		
শ্রীরামরাম শেন	আড়াআড়ী	শ্রীরামরাজ শেন
শাং- বিবশায়া		

উপরে ডানে

শ্রীলক্ষী

শ্রীশিবনারায়নচন্দ্র সেষ

ছোট তিন লাইন ফার্সি লেখ।

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা: ৫৭]



মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা: ৫৮]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫৭]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ]জেলাপ্রশাসকের স্বাক্ষর।

ইয়াদী কির্দ্দ শ্রীমিরআববাচআলী চৌধুরী ষুচরিতেষু-

লিখিতং শ্রীগদাধরদাষস্য কর্জপত্রমিদং কার্য্যাঞ্চাগে আমি তোমার স্থানে শ্রীজয়নারায়ন সেনের মারফতে মবলগ সিককা ১৩৮৪ তেরশও চৌরাশি রূপাইয়া কর্জ করিলাম নফাদর মাহা ফিসও ১ এক টাকা হিশাবে দিব ওয়াধা শন ১২২৫ বারসও পচিষ সালের ফালগুন মাষে সোদ করিব এই করারে কর্জপত্র দিলাম ইতি শন ১২১৯ বারসও উনইষ সাল তেরিখ ১৫ আশ্বীন

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীচন্দ্রমনি গুপ্ত	শ্রীরামলোচন সেন	শ্রীরাধাচরন দাষ
শাং- কলসগ্রাম	সাং কোটালিপাড়া	শাং- জামীওা
ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামসুন্দর শর্ম্মা	শ্রীসেখজমীর	শ্রীসেকমদন
উপাদার	শাং- শাইস্থাবাদ	শাং- সাইস্তাবাদ
উপরে ভাগে		
শ্রীগদাধর দাষস্য		

ছোট তিন লাইন ফার্সি লেখা

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫৮]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। । ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।

ইয়াদী কির্দ্দ শ্রীসৈদজাঙ্গীর ষুচরিতেষু-

লিখিতং শ্রীবিবিরফাতীমাদরে শ্রীখাজেবদুলু জওজে খাজেবকস আলি মোতফি ও শ্রীখাজেগোলামনবি পীসরে খাজে বকষআলি মোতফী হিসে কাজে ফুলদরউলখা তালুকে খাজেনুর সাকিম শালুকা আমলে পরগনে চন্দ্রদিব কয়ো কর্জ পত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা তোমার স্থানে শ্রীমাহামদ তকীর মারফতে মবলগ সিকর্কা ২০১ দুইসও এক টাকা কর্জ লইলাম রফাদরমাহা ফিসও ১ এক টাকা এ কুলে দুই টাকা করিয়া দিব ওয়াধা শন ১২২০ সালের বৈশাখ মাষে শোদ করিব এই কড়ারে টাকা পাইয়া খত দিলাম ইতি শন ১২১৯ সাল ২৩ পৌষ-

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীবঙ্গচন্দ্র নাথ	শ্রীসেকমামুদ ওসাধ	শ্রীমামুদ হোসেন
শাং- সালুকা	শাং- সালুকা	শাং- চরবোকাইনগর
	নিসানসহী	
নিসানসহী	শ্রীমামদজমা	
	শাং- শালুকা	
শ্রীমামুদরাজা		
শাং- চবডাইয়া		

ইতি পত্রে জাবিন শ্রীধন গাজী ও শ্রীজমীর আগে আমরা দুই জনে এই মবলগ ২০১ দুইসত্ত এক টাকা সিককায় জাবিন হইলাম মাফিক ওয়াধা আমরা দিব ইতি-

শ্রীধন গাজী
শ্রীজমীর
শাং- শালুকা [ছোট তিন লাইন ফার্সি লেখা]
নিসানসহী

[উপরে ভাগে]
শ্রীগোলামরবি শ্রীবিবিরিফাতী
বং শ্রীআবন্দীরাম ঘোষ

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৫৯]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৫৯]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলা প্রশাসকের স্বাক্ষরসহ।

মহামহীম শ্রীযুতরামমোহন ঘোষ মহাশয়ে বরাবরেষু-

লিখিতং শ্রীরাজনারায়ন দাষ তালুকদার শ্রীয়োবার ডাওখা গয়রহ হিস্যে ।। আষ্টানি কস্য কর্জ্জ পত্রমিদং কার্য্যঞ্চাগে আমী মহাশয়ের শরকারে শ্রীগকুলচন্দ্র বষু মারফত মবলগ সিকর্কা ২০০০ দুই হাজার টাকা কর্জ করিলাম এহারষুদ দরমাহা ফিসদে ১ এক টাকা হিসাবে দিব ওয়াধা শন আএন্দা পৌষ ময়ষুদ মবলগ মজকুর আদায় করিব এই করারে টাকা লইয়া তমকসুক লিখিয়া দিলাম ইতি সন ১২১৯ বারসত্ত উনিশ শাল তেরিখ- ১২ মাঘ-

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীমামুদতকী	শ্রীরামবল্লভ শেণ	শ্রীকালিশঙ্করদাওস্য
শাং- বুষইনগর	শাং- ঢান্দায়	শাং- কালীগ্রাম
	পং বাঙ্গয়োড়া	পরগনে গ্রদবন্দর
শ্রীঅমরকৃষ্ণ দত্ত	উপরে ডানে	
শাং- বিক্রমপুর	শ্রীরামনারায়ন দাসস্য	

নীচে ছোট দুই লাইন ফার্সি লেখা।

Dhaka University Institutional Repository



মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬০]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬০]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষরসহ

ইয়াদী কর্জপত্রমিদং শ্রীকমলচন্দ্র চক্রবর্তী মহাশয়ে চরনেষু-

শ্রীহরচন্দ্ররায়স্য লিখিত কার্য্যাঞ্চাগে আমী মহাশয়ের সরকারে মবলকে ১০০০ এক হাজার টাকা সিকর্কা কর্জ লইলাম রফাদর মাহাফিসও ১ এক টাকা হিসাবে দিব ওয়াধা শন ১২২০ সালের মাহে পৌষ মবলক মজকুর মরবুদ আদায় করিয়া তমষুদ খালাস করিয়া লইব জদী মেয়াদ মেদ্দে বেবাক টাকা আদায় না করিয়া তামষুক খালাষ করিতে না পারি তবে জে টাকা আদায় করি তাহা এই মকষুকে উসল দিয়া দিব তমষুকে ওয়াশীল নাদিয়া কোনরশীদ দরপেশ করিলে ঝুটা এই কয়ারে নগদ দস্তবদস্ত টাকা লইয়া তমযুক লিখিয়া দিলাম ইতি শন ১২২৯ উনইষ শাল তেরিক ১৪ ফালগুন-

ইশাদী	ইশাদী
শ্রীজুগলকিসোর কর	শ্রীয়াদবেন্দ দত্ত
শাং- কামারকাঠী	শাং- পিং য়ালিয়া
শ্রীভাগ্যমন্ত কর	শ্রীরামষুন্দর কর
শাং- পং সিলেমাবাদ	শাং- শমাদকাটী
উপরে ডানে	শ্রীপরান মন্ডল
শ্রীহরচন্দ্র রায়স্য	শাং- দুর্গাপুর

দুই লাইন ফার্সি লেখা

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬১]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬১]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষরসহ

ইয়াদী কর্জ টাকা আদায়ে খরাতী পত্রমিদং শ্রীসেখভেলাই ইজারাদার শাং ভান্ডারিয়া সুচরিতেষু-

লিখিতং শ্রীসেখমুরাদ কস্য লিখিতং কার্য্যাঞ্চাগে পরগনে মেদপুর আতর খালি জোয়ারে সিংহখালি কিসোমতে শ্রীসেকআম্মরি ও শ্রীসেখনুরমফরের তালুকে শ্রীসেখমাহাম্মদরাজা ও সেখববাতউল্লা ও রত্নামাধব নাথ ও কানাইজয়রত্নবাচুরাম নাথের ওসত তালুকে আমার নিজ ক্রত পাচ কেত্তা হাওলা কাত সদয় জমাবন্দী-জমী খারা ১৬ ষোল বিঘা জমা সিক্কা ৩০ তিরিষ টাকা চৌদ্দ আনা মফমত্ব আছে তাহাতে এই হাওলহায় মজকুর সেহায় মহল বর্গা মফস্বল স্থিত ১৮৫ .. এক সও পাচ আশী টাকা চৌদ্দ আনা লিখা যায় এই হাওলা হায়ে মজকুর দরবত ইতিক সন ১২২০ ইপ্তেদায়ে পূণ্যাহ লাগায়ত শন ১২২৪ সালের মাহে চৈত্র মুদ্দত পাচশনের মেয়াদে তোমাকে ইজারাদারি পাট্টা দিয়াছি শদয় খাজানা তলপ মতে ঐ ৩০. তিরিষ টাকা চৌদ্দ আনা ইরশান করিবা এই মফস্বল আখড়াজাত ও তোমার ইজারাদারি কবুল ফিশন ৪৫ পাচচল্লিশ টাকা দিয়া আমার হাওলাদারি কষম মাহাফিক পাট্টা ফিশদ ১১০ একশও দষ টাকা কাত মুদ্দতে মজকুরে শনশন য়েত ৫৫০ শাড়ে পাচশও টাকা মালগুজারি করিবা তাহাত শ্রীসেখ আস্কর উল্লা মহাজন স্থানে আমি দুই কেত্তা তমফখুস দিয়া মবলক সিক্কা ৪০০ চাইর সও টাকা কর্জ লইলাম অতএব আমার ঐ হাওলাহায়ে মজকুরের কষম ফিশন ১১০ এক সও এক টাকা হিশাসে মুর্দ্দাত মজকুরের শনশনায়েত ৫৫০ সারে পাচশও টাকা আকর ওল্লা মহাজন ঐ কর্জ চাইর শও টাকা মায়েযুদ আসরে বরাত দিলাম তুমি মহাফিক পাট্টা হাওলা হায়ে মজকুরের শনশনায়ত ৫৫০ সারে পাচ সও টাকা ঐ মহাজন মজকুরকে মহাফিক মেয়াদ শনশনায়ত ঐ কর্জ চাইর শও টাকা মরবুদ আসলে আদায় করিয়া মেয়াদ পায় আমার ঐ দুই কেতাখত খালাষ করিয়া দিবা এই কেউন কড়ারে উপরের লিখামতে কর্জ টাকা আদায় খরাতী পত্র লিখিয়া দিলাম। ইতি শন ১২১৯ বারশও উনইষ সাল তেরিখ ২৬ ফালগুন-

ইশাদী

শ্রীভৈরবচন্দ্র দাস

শাং- বগগী

ইশাদী

শ্রীসেখরদরদী

শাং- পুর্ব ভান্ডারিয়া

ইশাদী

শ্রীসেখবরকতউল্লাহ

শাং- ছোলাওটা

ইশাদী

শ্রীরামলোচন সিংহ

শাং- আমুয়া

ইশাদী

শ্রীরামশঙ্কর মুন্সী

শাং- কালুদাষবাটী

[উপরে ডানে] শ্রীসেকমুরাদ

[ফার্সি দস্তখত]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬২]



মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬৩]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬২]

[[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষরসহ]

ইয়াদী কির্দ্দ শ্রীযুতরামকুমার সেনজী মহাশয় বরাবরেষু-

লিখিতং শ্রীভৈরবচন্দ্র নাগ ও শ্রীতিলকচন্দ্র নাগ কস্যো কর্জপত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা একযুতী হইয়া আপনার স্থানে মবলগ ২০০০ দুই হাজার টাকা সিকর্কা কর্জ লইলাম এহার মুল দয়মাহা ফিসদ ১ এক টাকা হিসাবে দিব ওয়াধা শন ১২২০ শালের মাহে পৌষময়েযুদ টাকা আদায় করিয়া মকবুক খালাষ করিয়া লইব জদী মাফিক মেয়াদ বেবাক টাকা দিয়াত মকবুল খালাষ না করি তবে জে টাকা আদায় করি তাহা এই তামকমুকে উসুল দিয়া টাকা দিব মকযুকের উঁমুল সেওয়ায় কেনিরশীদ দরপেস করি সেঘুটা এই কয়ারে দস্তবদস্ত টাকা বুজীয়া পাইয়া তমকবুক লিখিয়া দিলাম ইতি শন ১২১৯ বায়োসত্ত উনইষ শাল ২ চৈত্র-

ইশাদী
শ্রীরামজীবন দাষ
শাং- কাশীপুর

ইশাদী
শ্রীরাধামাধব আইচ
শাং- মোং বরিশাল
শ্রীরামপ্রসাদ গোশ
শাং- তারপাসা মোং বরিশাল

ইশাদী
শ্রীফকিরচাদ পোদ্দার
শাং- লাচিড়া মোং
বরিশাল

ইশাদী
শ্রীমিজারাম দাষ
শাং- কাশীপুর
শ্রীভৈরবচন্দ্র নাগষ
শাং- বদিরপুর

শ্রীভৈরবচন্দ্র নাগষ্য
শাং- ধানিপুর
পং- সেলিমাবাদ

ইশাদী
নিশানশহী
শ্রীসেভারাম দাষ
শাং- কাশীপুর

ইশাদী
শ্রীবলরাম পোং
মোং বরিশাল

উপরে ডানে
শ্রীতিলকচন্দ্র নাগষ্য
[দলিলের নীচে ডানে কোনায় ফার্সি ছোট তিন লাইন লেখা]

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬৩]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষরসহ]

ইয়াদী কির্দ্দ শ্রীন্যামওল্লা যুচরিত্তেষু-

লিখিতং শ্রীধর্মনারায়ন বসু ও শ্রীভবানীসঙ্কর ঘোষ সাকিনান মালয়ার পরগনে রঘুনাথপুর কস্যো কর্জপত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা দুইজনে একযুতি হইয়া তোমার শরকারে শ্রীনবকৃষ্ণ দাষ মারফতে মবলগ ৫০০ পাচশও টাকা সিককা কর্জ করিলাম। নফাদর মাহা ফিসও ১ এক টাকা সিক্কা দিবেকে মবলগ ৫ টাকা সিক্কা দর মাহে দিব ওয়াধা শন ১২২০ বায়শও বিস শালের ফালগুন মাষে সোদ করিব যুদমাহাবমাহা আদায় করিয়া করজ রাইষ এতর্থে কর্জপত্র লিখিয়া দিলাম ইতি শন ১২২৯ তেরিখ ৯ চৈত্র-

ইশাদী
শ্রীরামলোচন দত্ত
শাং শালুকা

ইশাদী
শ্রীসেকজাহাদায়াজ
শাং- জিবডলন

ইশাদী
শ্রীজীবন গাজী
শাং- ববিলপাড়া

ছোট দুই লাইন ফার্সি লেখা।

ইশাদী
শ্রীন্যায়মতখা
শাং- ইচাগুড়া

নিসানসহী

ইশাদী
শ্রীএবাদতখা
শাং- দারিয়াল
(উপরে ডানে)
শ্রী ভবানিশঙ্কর ঘোষ

শ্রীধর্মনারায়ন বসু

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬৪]



মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬৫]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬৪]

[[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষরসহ]

ইয়াদী কির্দ্দ শ্রীদোবদিলযুক্ত যুচরিতেষু-

লিখিতং শ্রীরামলক্ষী জওজে জেসদাকৃষ্ণ ইন্দ কর্জপত্রমিদং কার্য্যাঞ্চাগে আমি তোমার শরকারে শ্রীরামলোচন বিশ্বাষ মারফতে নগদ ২৫১ দুইশও একপ্পাশ টাকা কল সিককা কর্জ লইলাম রফাদরমাহাফিসদ ১ এক টাকা হিশাবে ওয়াদা ভাদ্র মাষের ২৫ তারিখ ময়যুদ মবলগ মজকুর আদায় করিব ইতি শন ১২১৯ তেরিখ ১৯ ফালগুন।

ইশাদী
শ্রীরাজচন্দ্র দাষ
শাং- কৌড়ি খাড়া
শ্রীকৃষ্ণকিঙ্কর দাষ
পং রায়েরকাটী
উপরে
শ্রীরামলক্ষী

ইশাদী
শ্রীসিবচন্দ্র দাষ
শাং- তথা
নিসানসহী
শ্রীভাসারামদেয
শাং- বাইশারি

ইশাদী
শ্রীকৃষ্ণচন্দ্র দাষ
শাং- তথা
শ্রীসেকবিশাই
সাং- রায়েরকাটী

বং শ্রীগোপীচন্দ্রকার
মোক্তার টবনি

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬৫]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষরসহ।]

ইয়াদী কির্দ্দ শ্রীদেবীদীল যুক্ত যুচরিতেষু-

লিখিতং শ্রীরামলক্ষী জওজে মশদাকৃষ্ণইন্দু কর্জপত্রমিদং কার্য্যাঞ্চাগে আমি তোমার শরকারে শ্রীরামলোচন বিশ্বাস মারফতে ১০০০ এক হাজার টাকা কল সিকর্কা নগদ কর্জ লইলাম রফাদর মাহা সিফত ১ টাকা হিসাবে দিব ওয়াদা শন ১২২০ শন বারশও বিস শালের ২৭ ভাদ্র মায়সুদ মবলক মজকুর আদায় করিব ইতি শন ১২১৯ তেরিখ- ২৭ ফালগুন

ইশাদী
শ্রীরাজচন্দ্র দাষ
শাং- বোজীখাড়া
শ্রীকৃষ্ণকিঙ্কর দাষ
শাং- রায়রকাটা

উপরে ডানে
শ্রীরামলক্ষ্যা
বং শ্রী গোপীচন্দ্র কার
সরয়বারে টবনি

ইশাদী
শ্রীসিবচন্দ্র দাষ
শাং- তথা
নিশান
শ্রীভাসারামদেয়
শাং- বাইশারি

ইশাদী
শ্রীকৃষ্ণচন্দ্র দাষ
শাং- তথা
নিসান
শ্রীসেকবিশাই
শাং- রায়েরকাটী

[ফার্সি দস্তখত]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬৬]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬৬]

[[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

শ্রীগোপীচন্দ্র গোপ্ত বরাবরেষু লিখিতং শ্রীরামলক্ষী জওজে সদাকৃষ্ণইন্দুকসা একরার পত্রমিদং কার্য্যাঞ্চাগে পরগনে সিলেমাবাদ ও গায়হ হিস্যে গন্ডা ও হিস্যে ১৭ গন্ডা ও হিসে ১৫ আনি মহল ফেরাকী মুনাকফা জমীদারী শ্রীযুতচৌধুরী আরও শ্রীযুকালিশঙ্কর রায় ও শ্রীযুতমদনমোহন মুখপাদ্য ইহাতে আমার দিগের তালুক ও জিম্মে হায় বনামে জিন্মে প্রাননাথ ইন্দ্র মকবর আছে এই তালুক ও জিম্মে হায়ে আমার দখল তহকপ আছে এইনখলিও হিস্যা মজকুরের জমাজমীর ইত্তেক শন ১২২০ বারোশও কুড়ি সাল লাগাত শন ১২২৭ বারোশও শাতাইষ । মুদ্দত ৮ আট সালের মেয়াদ তোমায়ে ইজারাদারিপাটা দিলাম তুমি মোতাবেক পাটা তালুক ও জিম্মে হায় মজকুরের মফস্বল আমন দখল করিয়া খাজানা উসুর তহশিল করিয়া মাহাফিক তাহত কিস্তবন্দী খাজানা ও রুসম মথশন মাহাবমাহা আমার ঠাঁই শররহবাহ দিব তোমায় রুযম পাট্রা যমতীম পাইবা তালুক ও জিম্বা হায় মজকুরের জেহিত লিখিয়া দিলাম তাহা মফস্বল জন মকবিলা তাহত করিয়া দিব জন মকাবিলায় জদী হিতে কমী হায়ে তাহা তোমার তালুতে মজুরা দিয়া বাকীর শরবরাহ লইব আর মফস্বল আমার শরিকান ও ওয়ারিশান ও মোলিকান তোমায় সসে কোন কাজীয়াকয়ে কিম্বাকোন মতে কেহো নালিষ করে এবং আমি জদী শদর কাজানা বাকী রাখী এজন্য জমীদারন ও তহশীল দারান ও আমার শরিকান কেহো তোমার ঠাঁই খাজানা তলপ করে বিনা নালিষ করে এবং ক্রারক করে তবে ইহাতে তোমার জে খরচ খেসারত হয় তাহা তোমায় তাহতে মজুরা রাখিয়া বাকী আমাকে দিবা জদী তাহতে সোধিনী নাল যেত তবে আমার নিজ হতে আদায় করিব আর দেবিদনিযুক্ত মহাজন ঠাঁই মবলগ ১২৫১ বারোসও এক পঞ্চাশ টাকা সিকর্যা কর্জ করিয়া তোমায় ইজারায় খাজানায় তোমায় ঠাঁই মাহাকীক কটকিনী তাহতে বরাত দিলাম মাফিকবরাত মহাজনকে বুজাইয়া দিবা আমি ও তোমার তাহতে মজুরা দিয়া লইলাম উপরের লিখিত মতে মাহাজন আদায় না হয়ে মকাবিলায় হিতে কমি ও খরচ খেসারত সে হায় তাহা আমি ও আমার হিশা মজকুরের ওয়ারিসে আদায় করিব নিজ হইতে আদায় না করি তবে জাবত পর্যন্ত ও আদায় করিতে তাবত পর্যন্ত হিস্যা মজকুর তোমার আপন এক্তায় ইজারাঘুষাতে আমল দখল রাখিয়া আদায়ে করিয়া লইবা ইতি শন ২১১৯ বারসও উনইষ সাল তেরিখ ২৭ শাতাইষ ফালগুন-

ইশাদী	ইশাদী / নিশানশাহী	ইশাদী / নিশানশাহী
শ্রীকৃষ্ণচন্দ্র দাষ শাং- তথা	শ্রীসিবচন্দ্র দাষ শাং- বোজীখাড়া	শ্রীভাষারাম দে শাং- বাইশারি
শ্রীকৃষ্ণ কিঙ্কর দাষ শাং- রায়রকাটী	নিশানশাহী শ্রীসেকবিশাই শাং- রায়রকাটী	[উপরে ডানে] শ্রীরামলক্ষ্যা বং শ্রীগোপীচন্দ্রযান ---- টবনি

[উপরে দলিলের বামপার্শ্বে আড়াআড়ি লিখিত] স্বমির ক্রান্তী হিস্যা তাহার মধ্যে আড়াইআনি হিস্যা আমার

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬৭]

[illegible]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬৭]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদী কির্দ্দ মৃত্যুঞ্জয় মুখোপাধ্যায় বরাবরেষ-

লিখিত শ্রীমদননারায়ন রায় ও শ্রীগোপীরমন রায় কস্য পত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা আপনার স্থানে মবলক সিকর্ক্কা চলনসহী ৮২২ আষ্ট সত্ত বাইষ টংক্কা কর্জ লইলাম বফাদরমাহা ফিসদ ১ এক টাকা হিশাবে দিব ওয়াধা একমাষ মধ্যে সোদ করিব এই কর‍্যারে কর্জপত্র লিখিয়া দিলাম ইতী শন ১২১৯ বারসত্ত উনইষ শাল তেরিখ ২১ একইষ চৈত্র।

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামমানিক্য দাষ	শ্রীনবকৃষ্ণ দাষ	শ্রীরত্নকৃষ্ণ শেন
শাং- বায়ইকরণ	শাং- কুলকাটী	শাং- দেউনী
শ্রীনিলকন্ট দাষ	শ্রীরামসুন্দর দাষ	শ্রীসেকসোনাউল্লা
শাং-কুলকাটী	শাং- ফুলকাটী	শাং- দুদুবা
ইশাদী		
শ্রীসেকচাঁদশরিপ		
শাং- অনুয়ী		

[উপরে ডানে]	[ফার্সী এক লাইন লেখা]
শ্রীগোপীরমন রায়স্য	শ্রীমদনারায়ন রায়

Dhaka University Institutional Repository



মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬৮]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬৮]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদী কির্দ্দ মৃত্যুঞ্জয় মুখোপাধ্যায় সুচরিতেষু-

লিখিতং শ্রীমদননারায়ণ রায় ও শ্রীগোপীরমন রায় কস্য কর্জপত্র মিদং কার্য্যঞ্চাগে আমরা আপনার স্থানে মবলক সিক্কা চলনসহী ৮২২ আষ্ট সও বাইষ টংঙ্কা কর্জ লইলাম রফাদরমাহা ফিসদ ১ এক টাকা হিশাবে দিব ওয়াধা একমাষ মধ্যে সোদ করিব এই কররারে কর্জপত্র লিখিয়া দিলাম ইতী শন ১২১৯ বারসত্ত উনইষ শাল তেরিখ ---------------- ২১ একইষ চৈত্র

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীরামমানিক্য দাষ	শ্রীনবকৃষ্ণ দাষ	শ্রীরত্নকৃষ্ণ শেন
শাং- বারইকরণ	শাং- কুলকাটী	শাং- দেউন্দী
শ্রীনিলকন্ট দাষ	শ্রীরামসুন্দর দাষ	শ্রীসেকসোনাউল্লা
শাং-কুলকাটী	শাং- কুলকাটী	শাং- দুদুয়া
ইশাদী		
শ্রীসেকচাঁদশরিপ		
শাং- অন্নয়ী		

[উপরে ডানে] [ফার্সি এক লাইন লেখা]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৬৯]

[illegible]

Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৬৯]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদী ফির্দ্দ শ্রীশ্যামরাম রায় বরাবরেষু-

লিখিতং শ্রীকাশীনাথ সেনস্য কর্জ্জপত্রমিদং কার্য্যঞ্চাগে আমি আপনার শয়কারে শ্রীরামদুর্লভ শাহার মায়ফতে মবলগ ৭৫০ শাতশও পঞ্চাষ রূপাইয়া সিককা কর্জ্জ করিলাম রফাদরমাহা ফিসদ ১ এক টাকা হিশাবে ৭।। সারে শাত টাকা দিব ওয়াধা ফালগুন মাবে সোদ করিব এই করায়ে মবলগ মজকুর নগদ দস্ত বদস্ত সোমজিয়া পাইয়া তমকযুক লিখিয়া দিলাম ইতী শন ১২২০ বায়সও বিষসাল তেরিখ--- ১৩ তেরই জৈষ্ঠ্য

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীতারাচাদ দাষ	শ্রী পদ্যপ্রসাদ শেন	শ্রীবঙ্গচন্দ্র দাষ
শাং- হুষনপুর	শাং- পোনাবলিয়া	শাং- বাউকাটী
ইশাদী		
শ্রীরামদুল্লভ রক্ষীত		
শাং- পাংসা		

[একলাইন ফার্সি লেখা]

[উপরে ডানে] শ্রীকাশীনাথ সেনস্য শাং পোনাবলিয়া
পংহাং বিলিসিলেমাবাদ

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৭০]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যাঃ৭০]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

ইয়াদী কির্দ্দ শ্রীরাজচন্দ্র দাষ যুচরিষু-

লিখিতং শ্রীচন্দ্রশেখর ঘোষ ও শ্রীবিশ্বনাথ ঘোষ কও---

কর্জপত্রমিদং কার্য্যাঞ্চাগে আমরা দুইজন একাযুতি হইয়া তোমার তহবিলে ----

শ্রীরামকিশোর রায়ের মারফতে মবলক সিক্কা ৫০০ পাশও রূপাইয়া কর্জ করিলাম---

রফলয়মাহ্য ফিসদ ১ এক টাকা হিসাবে মবলগ ৫ পাঁচ টাকা সিক্কা কড়ারে দিব এই কড়ায়ে

টাকা দস্তবদস্ত নগদ পাইয়া খত দিলাম ইতী শন ১২২০ তেরিখ-------- ১৮ জৈষ্ঠ্য

ইশাদী
শ্রীজয়চন্দ্র দাষ
শাং- চইটা

ইশাদী
শ্রীপ্রানকৃষ্ণ দাষ
শাং- চইটা

ইশাদী
শ্রীরামরাজ সিংহ
শাং-চইটা

ইশাদী
শ্রীভুবনেশ্বর ঘোষ
শাং- কাশীপুর

শ্রীনিলচন্দ্র ঘোষ
শাং- কাশীপুর

ইশাদী
শ্রীনরাণচন্দ্র দাষ
শাং-চইটা

শ্রীরঘুনাথ দাষ
শা- চইটা

ইশাদী
শ্রীরামরত্ন দাষ
শাং- কাশীপুর

ইশাদী
শ্রীরামমানিক শর্ম্মণ
শাং- কাশীপুর

[উপরে ডানে]
শ্রীবিশ্বনাথ ঘোষ শ্রীচন্দ্রশেখ
ঘোষ

[ছোট দুইলাইন ফার্সি লেখা।]

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা : ৭১]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৭১]

[দলিলের উপরে দুই লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

শ্রীরাজকৃষ্ণবুস্ত মহজন মুচরিতেষু-

লিখিত শ্রীখাজোগোলামনবি ওয়ারিশে খাজে বকস আনি মোতবকী- সাকিম সালুকা কস্য এককরারপত্র মিদং কার্য্যাঞ্চাগে আমলে পরগনে চন্দ্রদিপ ও গয়রহ জোয়ার সালুকা আমার দিগের তালুক বনামে খাজেনুর হিসা খাজেসদরওল্লা দুই ক্রান্ত মকদর আছে তাহাতে আমার ও আমার ভাই শ্রীখাজেবদলুর নাবালকী বিদায় বোরডের হুকুম মতে হিসামজকুর ইস্তেক শন ১২২৬ সাল সনে নাগাত শন ১২১৯ শাল মং ৪ চাইর শনের মেয়াদে জিলা জালালপুরের কালেক্টরীর শাহেব শ্রীসেক মামুদ জমীরকে ইজারা দিয়াছেন তাহাতে আমার দিগের মাতা শ্রীযুতাবিবিরফাতী আমার দিগের খোরপোস গয়রহ খরচায় নাচার হইয়া শন ১২১৮ শালের পৌষ মাহে এককিস্তা তমকযুক দিয়া মবলগ ১৯০১ উনইষ শও একটাকা সিক্কা তোমার হাসে কর্জ লইয়া আমার দিগের খোরপোষ গয়রহ খরচ দিয়াছেন তাহাতে মবলগ মজকুর আদায়ের মেয়াদ মোসকুজী হইয়াছে মবলগ মজকুরের কারণ তুমি নালিষ করনের উদ্দতছিল এই ক্ষণ আমার নাবালকী আয়েস্ত মানিয়া লায়েক হইয়াছী অতএব আমি আপন খুশীতে এককরার করিতেছি জে তমকষুক মজকুরের মবলগ ১৯০১ টাকা সিক্কা তমকযুক মজকুরের সরতোমতে শন ১২২০ শালের জৈষ্ঠ্য মাহে বিনাওজর আমী আদায় করিব এতদার্থে এককরার লিখিয়া দিলাম ইতী শন ১২১৯ সাল ২৫ চৈত্র-

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীবঙ্গচন্দ্র নাগ	শ্রীরামকিঙ্কর শেন	শ্রীভবানী শঙ্কর শেন
শাং- সালুকা	শাং- গৈলা	শাং- গুটিয়া
		পং চন্দ্রদ্বিপ
ইশাদী	ইশাদী	
শ্রীকেসরমাহাদ	শ্রীমামুদজমা	
শাং- সালুকা	শাং- সালুকা	

[একলাইন ফার্সি লেখা ।] [উপরে ডানে আড়াআড়ি লিখিত] শ্রীগোলামনবি

বং শ্রীরামদুলাল গুপ্ত

মোক্তার টবনি-

[উপরে বায়ে] আড়াআড়ি লিখি ইতিপত্রে শ্রীবীবিরফাতি মাদরে শ্রীখাজেবদলু আগে মাফিক এককরার আমিও শ্রীখাজে গোলাম নবি ময়যুদ হিশা মজকুর ইতে দিব ইতী

Dhaka University Institutional Repository

মূল দলিলের প্রতিকৃতি [মূল দলিলের ক্রমিক সংখ্যা ঃ ৭২]



Dhaka University Institutional Repository

প্রতিবর্ণীকৃত মূলপাঠ [মূলদলিলের ক্রমিক সংখ্যা:৭২]

[দলিলের উপরে তিন লাইন ইংরেজি লেখা। ব্রিটিশ জেলাপ্রশাসকের স্বাক্ষর।]

শ্রীসেকমামুদজমী যুচরিতেষু লিখিতং শ্রীখাজেগোলামনবি ওয়ারিশে খাজে বকস আলি মোতফা কস্য একরার পত্রমিদং কার্য্যঞ্চাগে আমলে পরগনে চন্দ্রদিপ গয়রহ জোয়ায় সালুকা আমায় দিগের তালুক বনামে খাজেনুরহিশে খাজেকুদরল্লা ক্রান্ত মকবর আছে তাহাতে আমার ও আমার ভাই শ্রীখাজেবদাংর নাবালকী বিদায় বোরোডের সাহিবানের হুকুম মতে জিলা জালালপুরের কালেক্টর সাহেব ইত্তেক শন ১২১৬ শাল লাগাত শন ১২১৯ সাল মুং ৪ চাইর শনের মেয়াদে তোমারে ইজারা দিয়া খাজানা গয়রহের শরবরাহ লইতেছেন তাহাতে শন ১২১৫ সালের শদর খাজানা তোমায় ঠাই দোসরা এক কেত্তা পরওয়ানা মালগুজার দায় স্থানে দিয়া লইতেছেন তাহাতে ঐ শন ১২১৫ সালের আমরা মপস্বল হইতে মবলগ ১২৭২ টাকা সিক্কা তহশীল করিয়া নিয়া নিজ খরপোস গয়রহ করিয়াছিলাম ঐ শন ১২১৫ সালের নিকাস হজুর হইতে তোমার স্থানে তলপ হওয়াগত হজুরে নিকাষ দাখিল করিয়াছ সেই নিকালে আমার দিগের তহুক পাতে মবলগ ১২৭২ টাকা লিখিয়া দিয়াছে বলাকরে জদী ঐ মবলক মজকুর তোমার স্থানে কালেকটর সাহেব তলপ করেন তবে আমার দিগের ইজারাকার টাকা জে তের মুত্তীতে আমানত আছে তাহা হইতে রশীদদিয়া মবলগ ১২৭২ টাকা বুজাইয়াদিব এহাতে ইজাকার টাকা না পাই তবে এই মবলগ ১২৭২ টাকা বিনা ওজরে তোমারে আমরা নিজ হইতে আদায় করিয়া দিব এতদর্থে একরার লিখিয়া দিলাম ইতি শন ১২১৯ তেরিখ ২৫ চৈত্র।

ইশাদী	ইশাদী	ইশাদী
শ্রীবঙ্গচন্দ্র নাগ	শ্রীরাম কিঙ্কর শেন	শ্রীভবানী শঙ্কর শেন
শাং- শালুকা	শাং- তোলা	শাং- গুটিয়া
ইশাদী নিশানী	ইশাদী নিশাহনসহী	পং- চন্দ্রদ্বীপ
শ্রীকেসব মাসুদ	শ্রীমাসুদ জমা	
শাং- শালুকা	শাং শালুকা	

[উপরে ডানে] ইতীপত্রে শ্রীবিবিরফাত মাদরে শ্রীখাজেবদলু আগে মাফিক একরার ১২৭২ টাকা তেরমুত্তি হইতে রশীদ দিয়া বুজাইয়া দিব। জদী তাহা না পাই তবে এ মবলগ মজকুর আমী ও শ্রীখাজে গোলাম নবি নিজ হইতে দিব।



শ্রী ব্রজানন্দ কোচ (৭৭) : মোটামুটি সচ্ছল গৃহস্থ। চেচড়ী গ্রামের বাসিন্দা।

শ্রীবাবুরাম বসু (১৩৩) : কুমিরমারা গ্রামে বসবাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন ।

শ্রীবিলকৃষ্ণ ঘোষ (৮০) : সচ্ছল কৃষক ১৮১২ সালে কাশিপুর গ্রামে বাস করতেন।

শ্রীবিলন্দরাম কর (৮১) : মেঘা গ্রামে বাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীবৃন্দাবনচন্দ্র সিংহ (১৩৫) : বরিশাল জেলায় বাস করতেন। ১৮১৪ সালে তিনি জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

শ্রীবৃন্দাবনচন্দ্র রায় (১৩৭) : পূর্বোক্ত শ্রীহরচন্দ্র রায়ের ভাই । ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীবিশ্বনাথ বন্দোপাধ্যায় (৮৫) : পরগনার উজীরপুর গ্রামে বাস করতেন। সম্পন্ন ও প্রভাবশীল ব্যক্তি। মহাজনী ব্যবসার সাথে জড়িত ছিলেন।

শ্রীবিশ্বেশ্বর সেন (৪৩) : জপসা গ্রামে বাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন। সচ্ছল কৃষক।

শ্রীবিশ্বনারায়ণ শর্মন (১০০) : সচ্ছল কৃষক। তিনি নলাচড়া গ্রামে বাস করতেন।

শ্রীবিষ্ণুরাম রায় (৪৮) : ধনী ও প্রতাপশালী ব্যক্তি। উত্তরশাহাবাজপুর পরগনার কিছু অংশ ইজারা নিয়েছিলেন।

শ্রীবিষ্ণুচন্দ্ররায় চৌধূরী (৫০,৫১,৫২,৫৩) : বাঙ্গরোড়া পরগনার উজিরপুর গ্রামে বাস করতেন। তিনি বাঙ্গরোড়ার জমিদার ছিলেন। ধনী ও প্রতাপশালী ব্যক্তি।

শ্রীবিষ্ণুদত্ত দাস (১২৭) : এই দলিলে তার নাম পাওয়া যায় শিক্ষিত ও ভদ্র ব্যক্তি।

শ্রীবিষ্ণু দাস (১৩১) : বাঙ্গরোড়া পরগনায় মাহিলাড়া গ্রামে বাস করতেন। ১৮১৪ খ্রিস্টাব্দে তিনি বেঁচে ছিলেন।

শ্রীবেদ্যনাথ শর্মা (২) : তিনি ১৮১১ সালে ২নং দলিলের এক জন সাক্ষী দাতা। তিনি বরিশালে বসবাস করতেন।

শ্রীবৈদ্যনাথ সেন (১৩৭) : সিঙ্গাকাটি গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল কৃষক।

শ্রীবৈদনাথ শেন (৭৩) : সচ্ছল গৃহস্থ । খলিসাকোটা গ্রামে বাস করতেন । ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীবৈদ্যনাথ শর্মন (১০৮) : বরিশালে মোকামে বাস করতেন। তার বেশ কিছু কৃষি জমি ছিল।

শ্রীবৈদ্যনাথ দাস (১৯) : তিনি কড়িখাড়া গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে তিনি ১৯নং দলিলে সাক্ষী হন।

শ্রীবৈদ্যনাথ গুহ (২৯) : শ্রীজয়চন্দ্র গুহের ভাই। ১৮১২ সালে তিনি জীবিত ছিলেন।

শ্রীরসবত খা (৮৩) : তিনি কৃষ্ণকাটি গ্রামের বাসিন্দা। মধ্যবিত্ত এই ব্যক্তি ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীভগীরথ সিংহ (৯৬) : সচ্ছল কৃষক। ১৮১৪ সালে বরিশালে বসবাস করতেন।

শ্রীভবানীচণ্ডীচরন (৪৬) : তিনি অনেক ভূ-সম্পত্তির মালিক ছিলেন। ১৮১২ সালে তিনি জীবিত ছিলেন।

শ্রীভবানিপ্রশাদ শেন (৩) : তিনি ১৮১১ সালে ৩নং দলিলে সাক্ষী।

Dhaka University Institutional Repository

শ্রীভৈরবচন্দরায় (১০৪) : বাঙ্গরোড়া পরগনায় বসবাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন। প্রচুর ভূ-সম্পত্তির মালিক হলেও অভাবি ছিলেন। তার পরিবার সুদে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীভরতচন্দ্র ঘোষ (১০৬,১৪০) : ধনী ও প্রতাপশালী ব্যক্তি। ১৮১৪ সালে জীবিত ছিলেন। মহাজনী কারবার ছিল। চন্দ্রদ্বীপ পরগনার গাভা গ্রামে বাস করতেন।

শ্রীভাগ্যমন্ত কর (৬০) : মোটামুটি সচ্ছল ব্যক্তি। সিলেমাবাদ পরগনায় বাস করতেন।

শ্রীভবানিশঙ্কর শেন (৬) : তিনি ১৮১১ সালে চন্দ্রদ্বীপ পরগনার মাধবপাশা গ্রামে বাস করতেন। ৬নং দলিলের একজন সাক্ষী।

শ্রীভবানীশঙ্কর ঘোষ (৬২) : অনেক ভূ-সম্পত্তির মালিক হলেও অভাবগ্রস্ত ছিলেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীভাসাই (১১৬) : মোটামুটি সম্পদশালী ব্যাক্তি। বরিশালে বাস করতেন।

শ্রীভাসারাম দেয় (৬৪,৬৫,৬৬) : তিনি বাইশারি গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে ৬৪ ও ৬৫ নং পত্রদ্বয়ের সাক্ষী হন।

শ্রীভূবনেশ্বর ঘোষ (৭০) : মোটামুটি সচ্ছল পরিবারের সদস্য। কাশীপুর গ্রামের বাসিন্দা।

শ্রীভুবনেশর ঘোষ (২৪) : তিনি সচ্ছল কৃষক। ১৮১২ সালে বেঁচে ছিলেন। তিনি একজন সাক্ষী।

শ্রীভৈরবচন্দ্র রায় (২১) : প্রচুর ভূ-সম্পত্তির অধিকারী ব্যক্তি। তিনি অন্নপূর্ণা চৌধূরাইনের স্বামী। ১৮১২ সালে জীবিত ছিলেন। ২১নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীভৈরবচন্দ্ররায় চৌধূরী (১১৯,১২২) : সম্পদশালী ব্যক্তি। ১৮১৪ সালে তিনি মহাজনী ব্যবসার সাথে জড়তি ছিলেন।

শ্রীভৈরবচন্দ্র রায় (১৩৭) : অভাবী ও ঋণগ্রস্ত। আওরঙ্গপুর পরগনায় বাস করতেন। পূর্বোক্ত কির্ত্তীচন্দ্র রায়ের ভাই।

শ্রীভৈরবচন্দ্র ইন্দু (৪৯) : ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। ১৮১২ সালে তিনি মহাজনী ব্যাবসার সাথে জড়িত ছিলেন।

শ্রীভোলানাথ দাস (২১) : তিনি গৈলা গ্রামে বসবাস করতেন। মোটামুটি সচ্ছল গৃহস্থ। ১৮১২ সালে ২১নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীভোলানাথ গুহ (৭৩) : মোটামুটি সচ্ছল। অধুনা গ্রামের বাসিন্দা। ১৮১২ সালে এই দলিলের সাক্ষী দাতা।

Dhaka University Institutional Repository

শ্রীভোলানাথ শাহা (৮১,১০৫) : সন্তসপুর পরগনায় তার নিবাস ছিল। সচ্ছল ও প্রচুর ভূ-সম্পত্তির মালিক। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীভোলানাথ দাস (৯১) : মধ্যবিত্ত কৃষক। ১৮১৪ সালে তিনি বরিশালের ভোলায় বসবাস করতেন।

শ্রীভোলানাথ (১২৬) : সুলতানাবাদ পরগনার মিঠাপুকুরিয়া গ্রামে বাস করতেন। ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। ১৮১৪ সালে তিনি মহাজনী ব্যবসার সাথে জড়িত ছিলেন।

শ্রীভবানীশঙ্কর শেন (৭২) : সচ্ছল ব্যক্তি। চন্দ্রদীপ পরগনার গুঠিয়া গ্রামে বাস করতেন। ১৮১২ সালে বেঁচে ছিলেন।

শ্রীমনশুক তেওয়ারী (১৪) : ১৮১২ সালে তিনি টাকা ধার নেনে। ১৮১২ সালে ১৪নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীমনহররায় চৌধূরী (৯০) : ধনী ও প্রতাপশালী ব্যক্তি। তিনি বহু তালুকের তালুকদারী নিয়েছেন।

শ্রীমনহর ঘোষ (১৪০) : চন্দ্রদীপ পরগনার নওবপুর গ্রামে বাস করতেন।

শ্রীমদনমোহন মুখপাধ্যায় (৬৬) : তিনি ধনী ও প্রতাপশালী ব্যক্তি। ১৮১২ সালে তিনি জীবিত ছিলেন। তিনি সেলিমাবাদ পরগনায় বসবাস করতেন।

শ্রীমদননারায়ণ সেন (১২০,১২৩) : তিনি সুলতানাবাদ জমিদারের অন্তর্গত তালুকদার ছিলেন। সম্পদশালী ব্যক্তি। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীমহেন্দ্রনারায়ণ শেন (১০০) : বরিশালের নলচিড়া গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল পরিবারের লোক। ১৮১২ সালে জীবিত ছিলেন ।

শ্রীমাতাব খাঁ (২৫) : মুলাদি গ্রামে বাস করতেন। সচ্ছল গৃহস্থ। তিনি ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীমামুদ শাহা (১) : তিনি ১৮১২ সালে রাজাপুর গ্রামে বসবাস করতেন। ১নং দলিলের একজন সাক্ষী।

শ্রীমামুদ হানিফা (১১৮) : তিনি দাসখালি গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন। সচ্ছল গৃহস্থ।

শ্রীমামুদ তকী (৫৮,৫৯) : ধনী ও প্রতাপশালী ব্যক্তি। গ্রামে তার সু-পরিচিতি ছিল । তিনি ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীমামুদ জমা (২৫) : তিনি অভিজাত মুসলিম। তিনি ১৮১২ সালে বরিশালে বসবাস করতেন।

শ্রীমামুদ হায়াদ (১৩৫) : তিনি বরিশালের কোন এক গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীমামুদ রাজা (৫৮,৬১) : সচ্ছল ও প্রতাপশালী ব্যক্তি। চড়নাইয়া গ্রামে বাস করতেন।

Dhaka University Institutional Repository

শ্রীমামুদ হোসেন (৫৮) : তিনি চড়বোকাইনগর গ্রামে বাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীমামুদ রাড়ী (১৩৬) : বরিশালের গৈলা গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল ব্যক্তি । এই দলিলের সাক্ষী ।

শ্রীমামুদ তকী (১০০,১১০) : তিনি রাজধর গ্রামে বাস করতেন। সচ্ছল কৃষক। তার কিছু ভূ-সম্পত্তি ছিল।

শ্রীমুরাদ খাঁ (১১১) : তিনি বরিশালের গোলাবাড়ী গ্রামে বাস করতেন।

শ্রীমুঙ্গা খাঁ (৭৬) : মোটামুটি সচ্ছল গৃহস্থ। তিনি চড়মোনাই গ্রামে বাস করতেন।

শ্রীমোহন সিং (৫) : ফুলবোড় গ্রামে তিনি বসবাস করতেন। ১৮১১ সালে ৫নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীমোহাম্মদ শাদক (৫৪) : সম্ভ্রান্ত মুসলিম। ধনী ও প্রতাপশালী ব্যক্তি । ১৮১২ সালে জীবিত ছিলেন। প্রচুর ভূ-সম্পত্তির মালিক ছিলেন।

শ্রীমোহাম্মদ জিয়ল (১৪) : আবদুল্লাহপুর গ্রামে তিনি বসবাস করতেন। ১৮১২ সালে ১৪নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীমোহাম্মদ শফি (১৭): তিনি দূর্গাপুর গ্রামে বাস করতেন। ১৮১২ সালে ১৭নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি তার গ্রামে সুপরিচিত ছিলেন।

শ্রীমোহাম্মদ জমীর (৫৬,৭১) : সম্ভ্রান্ত মুসলিম। ধনী ব্যবসায়ী। ১৮১২ সালে ৫৬নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীমোহাম্মদআরজ সরদার (১০২) : তিনি সম্ভ্রান্ত মুসলিম ব্যক্তি। ধনী ও প্রতাপশালী । ১৮১৪ সালে জীবিত ছিলেন। তিনি প্রচুর ভূ-সম্পত্তির মালিক। মহাজনী ব্যবসার সাথে জড়িত ছিলেন।

শ্রীমৃত্যুঞ্জয় মুখোপাধ্যায় (২৩) : সচ্ছল ও মহাজনী পেশায় নিয়োজিত ছিলেন। তিনি বরিশালে বসবাস

শ্রীমৃত্যুঞ্জয় দত্ত (২৮) : সচ্ছল ব্যক্তি। ১৮১২ সালে তিনি বাবরি পাশা গ্রামে বসবাস করতেন।

করতেন।

শ্রীমৃত্যুঞ্জয় শর্মা (৩৬) তিনি ১৮১২ সালে মোক্তার ছিলেন। বরিশালে বসবাস করতেন। তিনি ৩৬নং দলিলের লেখক।

শ্রীমৃত্যুঞ্জয় শর্মা (৪৩) : মোটামুটি সচ্ছল। তিনি কানুরগাঁও গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে এই দলিলের সাক্ষী হন।

Dhaka University Institutional Repository

শ্রীমৃত্যুঞ্জয় রায় (১০৪,১৩৭) : মোটামুটি ভু-সম্পত্তির মালিক হলেও অভাবগ্রস্ত ছিলেন। ১৮১৪ সালে তার পরিবার সুদে টাকা ঋণ নেন। আওরঙ্গপুর পরগনায় বাস করতেন।

শ্রীমৃত্যুঞ্জয় শর্মা (১০৬) : তিনি রাধানগর গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল গৃহস্থ।

শ্রীমালয়ানদে ছিলবা (২৬) : ব্রিটিশ নাগরিক। ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। বরিশালে বসবাস করতেন। শিক্ষিত ও চতুর ব্যক্তি। মহাজনী ব্যবসার সাথে জড়িত ছিলেন।

শ্রীমাতাবাদী (৫৪) : উত্তর শাহাবাজপুর পরগনার হাসনাবাদ গ্রামে তিনি বসবাস করতেন। মোটামুটি সচ্ছল গৃহস্থ।

শ্রীসেক মদনবাসু (৫৭,৬৮) : তিনি শান্তাবাদ পরগনার বাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীমামুদ জমা (৫৮,৭১,৭২) : সচ্ছল গৃহস্থ। সালুকা গ্রামের বাসিন্দা। ১৮১২ সালে ৫৮নং দলিলে সাক্ষী হন।

শ্রীসেক মামুদ (৫৮) : মোটামুটি সচ্ছল মুসলিম ব্যক্তি। তিনি শলুকা গ্রামে বাস করতেন।

শ্রীসেক মুরাদ (৬১) : তিনি ভান্ডারিয়া গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল ব্যক্তি।

শ্রীমজা আবুবি (৭৩,৯৪) : সৈদ পরিবারের সদস্য। ১৮১২ সালে জীবিত ছিলেন। পরিবারের সদস্যদের সাথে নিয়ে সুদে টাকা ঋণ নিয়েছেন। নাজিরপুর তপের নলচিড়া গ্রামে বাস করতেন।

শ্রীমেস্তরজানকিংলাক শাহেব (৭৪,৭৫) : ব্রিটিশ নাগরিক। বরিশালে বসবাস করতেন । তিনি বিভিন্ন ধরনের ব্যবসা করতেন। ধনী ব্যক্তি। বরিশালের লবনচৌকির সুপারইন্টেনডেন্ট (Superintindent)।

শ্রীমাহামুদ ওয়াফি (৮৯) : তিনি দাওকাটি গ্রামে বাস করতেন । ১৮১২ সালে বাস করতেন ।

শ্রীমিস্টারজানইচ মিটসন (৯৬) : ব্রিটিশ নাগরিক। ধনী ও প্রতাপশালী ব্যক্তি। ১৮১৪ সালে বরিশালে বসবাস করতেন । তিনি বিভিন্নধরনের ব্যবসা ছিল। নগদ টাকার বিশেষ প্রয়োজনে তিনিও সুদে টাকা ধার করেছেন।

শ্রীসেখ মোহাম্মদজমীরবিশ্বাস (৯৯) : মোটামুটি সচ্ছল ব্যক্তি। তবে ১৮১৪ সালে তিনি ঋণগ্রস্ত ছিলেন। বরিশালে বাস করতেন।

শ্রীমদননারায়ণ (১১২) : সচ্ছল গৃহস্থ। শিক্ষিত ব্যক্তি। ১৮১৪ সালে ১২নং দলিলটি তিনি লেখেন।

শ্রীসেক মেহেরওল্লা (১১৫,১১৬) : মোটামুটি সচ্ছল কৃষক। তিনি মোকাম বরিশালে বাস করতেন ।

Dhaka University Institutional Repository

শ্রীমন্ত আইচ (১১৬) : তিনি ১৮১৪ সালে সিলেমাবাদ পরগনার গাভডা গ্রামে বাস করতেন। সচ্ছল কৃষক।

শ্রীমোহাম্মদ আহরাপ (১১৯,১২২) : সচ্ছল গৃহস্থ। ১৮১৪ সালে কাশিপুর গ্রামে বাস করতেন ।

শ্রীমোহাম্মদকরমআলী খাঁ (১২০,১২১,১২৩,১২৪,১২৫,১২৬) : দরিদ্র ঋণগ্রস্ত ব্যক্তি। ১৮১৪ সালে জীবিত ছিলেন। বোজরগউমেদপুর পরগনায় বাস করতেন । মধ্যবিত্ত মুসলমান। তার কিছু কৃষিজমি ছিল।

শ্রীমৃত্যুঞ্জয় চন্দ্র (১৪১) : যোবাকাঠি গ্রামে বাস করতেন। চাষযোগ্য কৃষি জমি ছিল। তিনি এই দলিলের একজন সাক্ষী।

শ্রীযাদবেন্দ্র দত্ত (৫৯,৬০) : তিনি পিংয়ালিয়া গ্রামে বাস করতেন। সচ্ছল কৃষক।

শ্রীযুগলচাঁদ নাগ (৮৭) : মোটামুট সচ্ছল কৃষক। ১৮১২ সালে কাশিপুর গ্রামে বাস করতেন।

শ্রীযুগলকিশোর দত্ত (২৬) : সচ্ছল কৃষক। তিনি কলসকাটি গ্রামে বসবাস করতেন।

শ্রীযুগলরাম নাগ (২২) : তিনি কাশিপুর গ্রামে বাস করতেন। ১৮১১ সালে ৩নং দলিলে সাক্ষী হন।

শ্রীযুগল সিংহ (১২৪) : তিনি বারশ্রপুর গ্রামে বাস করতেন। সচ্ছল কৃষক।

শ্রীরঘুনাথদত্ত (১২৯,১৩০) : বরিশালের সরুপকাটি গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীরঘুনাথ পোদ্দার (২) : তিনি ১৮১১ সালের ২নং দলিলের সাক্ষী তিনি মালয়া গ্রামে বসবাস করতেন।

শ্রীরঘুনাথ সরকার (১৭) : তিনি বরিশালে বসবাস করতেন। সাধরনত ভাললোক হিসেবে পরিচিত ছিলেন। ১৮১২সালের ১৭নং দলিলে তার নাম পাওয়া যায়।

রহমত আহাদুল্লাহ (৫৪) : তিনি মৌজড়দী পরগনায় বসবাস করতেন। তিনি প্রচুর ভূ-সম্পত্তির মালিক ছিলেন। ১৮১২ সালে অলিআহাদনামাপত্রে তার নাম পাওয়া যায়।

শ্রীরত্নমাধব নাথ (৬১) : তিনি সৈয়দপুর পরগনার আতরখালী গ্রামে বসবাস করতেন। সচ্ছল গৃহস্থ।

শ্রীরত্নকৃষ্ণ শেন (৬৮) : নিম্ন মধ্যবিত্ত। তিনি কৃষিজীবি। ১৮১২ সালে দেউলি গ্রামে বাস করতেন।

শ্রীরত্নকৃষ্ণ রায় (৮৬) : ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। ১৮১২ সালে বরিশালে বসবাস করতেন।

শ্রীরত্নকৃষ্ণ রায় (১৩৭) : ১৮১৪ সালে জীবিত ছিলেন। পূর্বোক্ত রামদয়ালরায়ের ভাই। তারা একই পরিবারের সদস্য।

শ্রীরত্নকিশোর রায় (৪৩) : সম্পদশালী গৃহস্থ। তিনি প্রচুর ভূ-সম্পত্তির মালিক ছিলেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

শ্রীরত্নঞ্জয়রায়চৌধুরী (১৫) : তিনি বেহারিপুরে বসবাস করতেন। তিনি প্রতাপশালী ও ধনী ব্যক্তি ছিলেন। ১৮১২ সালের ১৫ নং দলিলে তার নাম পাই।

শ্রীরঙ্গচন্দ্র নাগ (৩) : তিনি শালুকা গ্রামে বসবাস করতেন। ১৮১১ সালের ৬নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরঙ্গচন্দ্র দাশ (৯) : ১৮১২ সালের ৮নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি বাউকাটি গ্রামে বসবাস করতেন।

শ্রীরঙ্গচন্দ্র দাস (৩১) : তিনি মোটামুটি সচ্ছল পরিবারের সদস্য। তিনি কুসঙ্গল গ্রামে বাস করতেন।

শ্রীরঞ্জনচন্দ্র দত্ত (৪) : ১৮১১ সালে ৪নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি কুসঙ্গল গ্রামে বসবাস করতেন।

শ্রীরবিলোচন রায় (৩৪) : তিনি কালিয়া গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীরাজকিশোর কুন্ড (৬) : তিনি ১৮১১ সালে জীবিত ছিলেন। ৬নং দলিলে তার নাম পাওয়া যায়। তার মহাজনী ব্যাবসা ছিল। তিনি চন্দ্রদীপ পরগনায় বসবাস করতেন।

শ্রীরাজকিশোর দাসস্য (১১) : ১৮১২ সালে ১১নং দলিলে তার নাম পাওয়া যয়। তিনি এই দলিলের এক জন সাক্ষী। তিনি মাহিলারা গ্রামে বাস করতেন।

শ্রীরাজকিশোর দাষ (৭৩) : তিনি বাঙ্গরোড়া পরগনায় বসবাস করতেন। মোটামুটি সচ্ছল পরিবারের সন্তান।

শ্রীরাজকিশোর গুপ্ত (১১১) : শিক্ষিত ও সম্পদশালী ব্যক্তি। মহাজনী কারবারের সঙ্গে জড়িত ছিলেন।

শ্রীরাজকিশোর দাস (১৩৩) : ১৮১৪ সালে কুমিরমারা গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল ব্যক্তি। তিনি সুদে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীরাজকিশোর শেন (৪৪) : ১৮১২ সালে তিনি বরিশালের কোন এক গ্রামে বসবাস করতেন। তার পরিবার গ্রামে পরিচিত ছিল।

শ্রীরাজকিশোর শেন (৭৯) : ধনী ও প্রতাপশালী ব্যক্তি। ১৮১২ সালে জীবিত ছিলেন। পোনাবালিয়া গ্রামে বাস করতেন।

শ্রীরাজকিশোর শেন (১৩৫,১৩৬) : মোটামুটি সচ্ছল গৃহস্থ। ১৮১৪ সালে জীবিত ছিলেন। গৈলা গ্রামে বাস করতেন।

Dhaka University Institutional Repository

শ্রীরাজকিশোর সেন (১২) : তিনি ১৮১২ সালে ইৰিসেন গ্রামে বাস করতেন। তিনি ১২নং দলিলে একজন সাক্ষী।

শ্রীরাজকৃষ্ণ দত্ত (২) : ১৮১১ সালে কলসকাটি গ্রামে বসবাস করতেন। তিনি স্বল্পআয়ের কৃষিজীবি ছিলেন।

শ্রীরাজকৃষ্ণ দত্ত (৭) : তিনি তালুকদার ছিলেন। তিনি ১৮১২ সালে কামারগাও গ্রামে বসবাস করতেন। তিনি রত্নদিছিলের দুই পাখি জমির মালিক ছিলেন । ৭নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরাজকৃষ্ণ দাস (১৩৪) : সচ্ছল ব্যক্তি। গ্রামে সু-পরিচিত ছিলেন। ১৮১৪ সালে এই দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরাজকৃষ্ণ বসু (৪) : তিনি একজন মোক্তার ছিলেন। ১৮১১ সালে তিনি বেঁচে ছিলেন ৪নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরাজকৃষ্ণ শর্মন (১০) : তিনি ১৮১২ সালে জীবিত ছিলেন। মধ্যবিত্ত শ্রেণীর মানুষ। ১৮১২ সালে ১০নং দলিলে তার নাম পাওয়া যায়। আগল গ্রামে বসবাস করতেন।

শ্রীরাজকৃষ্ণ মিত্র (১১৪,১২৪) : বরিশালের রহমতপুর গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রী রাজচন্দ্র দত্ত (৯৩) : তিনি বরিশালের কাজলাকাটি গ্রামে বাস করতে। মধ্যবিত্ত শ্রেণী।

শ্রীরাজচন্দ্র সেন (১৪১) : সিলেমাবাদ পরগনায় বাস করতেন। ১৮১৪ সালে ১৪১নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরাজচন্দ্র সেন (১৮) : বিক্রমপুর গ্রামে বসবাস করতেন। শ্রীহরচন্দ্র সেনের ভাই। ১৮১২ সালের ১৯নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি সুদে টাকা ধার নিয়েছিলেন।

শ্রীরাজনারায়ণ দাস (৫৫,৫৮) : তিনি বরিশালের কোন এক গ্রামে বসবাস করতেন। তিনি তালুকদার ছিলেন। প্রচুর ভূ-সম্পত্তির মালিক।

শ্রীরাজনারায়ণ দাস (১৩২) : বরিশাল জেলার কোন এক গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন ।

শ্রীরাজনারায়ণ শর্মন (১৩৮) : ফতজঙ্গপুর গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীরাজনারায়ণ শেন (১১) : ১৮১২ সালে ১১নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি মধ্যবিত্ত শ্রেণীর মানুষ।

Dhaka University Institutional Repository

শ্রীরাজনারায়ণ শর্মা (৮) : ১৮১২ সালে ফতোদিপুর গ্রামে বসবাস করতেন। তিনি ৮নং দলিলের এক জন সাক্ষী ।

শ্রীরাজপ্রসন্ন হরি (১২৪) : সচ্ছল ব্যক্তি। ১৮১৪ সালে বরিশালে বাস করতেন।

শ্রীরাজমোহন দাস (১২৭) : সম্পদশালী ব্যক্তি। ১৮১৪ সালে জীবিত ছিলেন। তার প্রচুর ভূ-সম্পত্তি ছিল।

শ্রীরাজিবলোচন সেন (১২) : তিনি আর্থিক দিক দিয়ে সমস্যায় পড়ে সুদে টাকা ঋণ নেন। ১৮১২ সারের ১২ নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরামকান্ত শাহা (২৯) : ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীরামকান্ত দাব : (২৮) তিনি মোটামুটি সচ্ছল ছিলেন। ১৮১২ সালে দুর্গাপুর গ্রামে বসবাস করতেন।

শ্রীরামকিশোর শর্মা (২৩) : তিনি সম্পূর্ণ কৃষক ছিলেন। তিনি কাশীপুর গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে তিনি বেঁচে ছিলেন।

শ্রীরামকৃষ্ণ ঘোষ (২৯) : শ্রীপুরা গ্রামে বসবাস করতেন। মোটামুটি সচ্ছল পরিবারের সন্তান। ১৮১২ সালে দলিলের সাক্ষী হন।

শ্রীরামকৃষ্ণ দত্ত (৩০) : মধ্যাবিত্ত শ্রেণীর এই ব্যক্তি ১৮১২ সালে জীবিত ছিলেন ।

শ্রীরামগতি শর্মন (৩) : ১৮১১ সালে তিনি বিক্রমপুর পরগনার কামারখারা গ্রামে বসবাস করতেন। তিনি ৩নং দলিলের একজন সাক্ষী।

শ্রীরামগতি শর্মা (১১) : ১৮১২ সালে ১১নং দলিলে তার নাম পাওয়া যায়। তিন একজন সাক্ষী। গৈলা গ্রামে তিনি বসবাস করতেন।

শ্রীরামগতি দাস (৯) : তিনি সাজাদপুর গ্রামে বসবাস করতেন। তিনি ১৮১১ সালে ৯নং দলিলের সাক্ষী।

শ্রীরামগতি দাব (২১) : ১৮১২ সালের ২১নং দলিলের সাক্ষী তিনি উজীরপুর গ্রামে বসবাস করতেন ।

শ্রীরাম গুপ্ত (১৫) : তিনি ১৮১২ সালের ১৫ নং দলিলের লেখক। তিনি খলিসাকোটা গ্রামে বসবাস করতেন।

শ্রীরামগোপাল শর্মন (১৬) : তিনি ইদিলপুর গ্রামে বসবাস করতেন। তিনি ১৮১২ সালের ১৬ নং দলিলের একজন সাক্ষী।

Dhaka University Institutional Repository

শ্রীরামগোবিন্দ দাস (৮) : ১৮১২ সালে ৮নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীরামচন্দ্র বন্দোপাধ্যায় (২৬) : সচ্ছল ও প্রতাপশালী ব্যক্তি। ১৮১২ সালে বরিশালে সিবপুরে বসবাস করতেন।

শ্রীরামচন্দ্র সেন (১৫) : তিনি ১৮১২ সালে বেঁচে ছিলেন। শ্রীরায়রত্ন গুপ্তের সাথে ভাল সম্পর্ক ছিল। ১৫ নং দলিলে তিনি একজন সাক্ষী দাতা।

শ্রীরামজয় দাস (১১) : তিনি আর্থিক সমস্যাগ্রস্ত হয়ে ১৮১২ সালে সুদে টাকা ঋণ নেন। ১১নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরামজয় শর্মা (১৪) : তিনি ১৮১২ সালে বেঁচে ছিলেন । ১৪নং দলিলের সাক্ষী দাতা।

শ্রীরামজয় বন্দোপাধ্যায় (২০) : সদবদত শ্রীদুর্লভবন্দোপাধ্যায় এর সহোদর। তিনি ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীরামজয় লাল (২৭) : তিনি শিক্ষিত ও সচ্ছল ব্যক্তি। ১৮১২ সালে জীবিত ছিলেন। দলিলের লেখক। তিনি মোক্তার ছিলেন।

শ্রীরাজদুর্লভ শেন (১২) : তিনি ১৮১২ সালে জীবিত ছিলেন। তিনি সম্ভবত শ্রীরামপ্রশাদ শেনের ভাই। ১২নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরামদুর্লভ শাহা (৩৮,৩৯,৪০) : তিনি সচ্ছল ব্যক্তি। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীরামদূর্লভ রক্ষিত (৪৪,৪৫,৬৯) : সম্পন্ন গৃহস্থ। পেশা কৃষিজীবি। ১৮১২ সালে পাংসা গ্রামে বসবাস করতেন।

শ্রীরামদুর্লভ শাহা (৪৫) : সম্পন্ন ও প্রতাপশালী ব্যক্তি। ১৮১২ সালে বেঁচে ছিলেন।

শ্রীরামদূর্লভ রক্ষীত (৯) : তিনি পাংসা গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে ৯নং দলিলে তিনি সাক্ষী হন।

শ্রীরামদুর্লভ দাস (১৪) : ১৮১২ সালের ১৪ নং দলিলে তার নাম পাওয়া যায় । তিনি কলসকাটি গ্রামে বসবাস করতেন।

শ্রীরামদূর্লভ বন্দপাধ্যয় (২০) : শ্রীরামলোচনের সথে তার সুসম্পর্ক ছিল। ১৮১২ সালের ২০নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরামদূর্লভ শর্ম্মন (২২) : মোটামুটি সচ্ছল গৃহস্থ বরিশালের গুঠীয়া গ্রামে তিনি বসবাস করতেন

Dhaka University Institutional Repository

শ্রীরামদুর্লভ দাষ (২১) : তিনি ১৮১২ সালে ২১নং দলিলটি লিখেন। তিনি বরিশালের কোন এক গ্রামে বসবাস করতেন।

শ্রীরামদুর্লভ শাহা (২২,২৪) : সচ্ছল ও মহাজনী পেশায় নিয়োজিত ব্যক্তি। তিনি বরিশালে বসবাস করতেন। তিনি ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীরামনিধি বন্দোপাধ্যায় (৮) : প্রভাবশালী ব্যক্তি ছিলেন। ১৮১২ সালে ৮নং দলিলে তার মারফতে শ্রীগোবিন্দ দাস টাকা ধার নিয়েছিলেন।

শ্রীরামনেওয়াজ তেন্তারি (১৩) : তিনি আর্থিক সমস্যার পড়ে ১৮১২ সালে সুদে টাকা ধার নিয়েছিলেন । তিনি বরিশালে বসবাস করতেন।

শ্রীরামপ্রসাদ দাস (৭) : তিনি বিলজায়ার গ্রামে বসবাস করতেন । ১৮১২ সালে ৭নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীরামপ্রসাদ দাস (৮) : ১৮১২ সালে ৮নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি ১৮১২ সালের জানুয়ারির ৯ তারিখ জনৈক ভৈরবচন্দ্র বকশী হতে টাকা ঋণ নেন।

শ্রীরামমানিক মুখপাধ্যায় (১) : ১২১৮ সালে বসবাস করতেন। সচ্ছল পরিবারের সদস্য। তিনি সুদের ব্যবসা করতেন। ১নং দলিলে তার নাম পাওয়া যায় ।

শ্রীরামমানিক্য দাষ (৬) : তিনি নাজীরপুর পরগনার বাজারপুর গ্রামে বসবাস করতেন। ১৮১১ সালে ৬নং দলিলের একজন সাক্ষী।

শ্রীরামমানিক্য দাস(৬) : তিনি ১৮১১ সালের ৬নং দলিলের একজন সাক্ষী। বাঙ্গরোড়া পরগনার গইলা গ্রামে বসবাস করতেন।

শ্রীরামমোহন শেখ (২) : প্রভাবশালী ও ধনী সুদ ব্যবসায়ী। তিনি ১৮১১ সালে বরিশালে বসবাস করতেন।

শ্রীরামমোহন সেন (১৪) : আর্থিক দিক দিয়ে স্বচ্ছল ব্যক্তি। তার বিভিন্ন ধরনের ব্যবসা ছিল। তার মধ্যে সুদের ব্যবসা অন্যতম। ১৮১২ সালে জনৈক শাহজদেব্যাকে সুদে টাকা ধার দেন। ১৮১২ সালের ১৪ নং দলিলে তার নাম পাই।

শ্রীরামমোহন ঘোষ (৩০) : সম্পন্ন ও প্রভাবশীল ব্যক্তি । ১৮১২ সালে বরিশালে বসবাস করতেন মহাজনী ব্যবসা ছিল ।

Dhaka University Institutional Repository

শ্রীলক্ষণ দাস (১০৩) : মেটামুটি সচ্ছল ব্যক্তি। গৌরিপাসা গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে তিনি জীবিত ছিলেন।

শ্রীলক্ষীনারায়ণ সেন (৫৬) : অনেক ভূ-সম্পত্তির মালিক হলেও আর্থিক দিকদিয়ে সমস্যাগ্রস্ত ছিলেন। সুদে টাকা ঋণ করেছেন।

শ্রীলালচাঁদ শেনক (১০,১০৮) : ১৮২২ সালের ১০ নং দলিলে তার নাম পাওয়া যায়। বিক্রমপুর পরগনার উদ্ধশিলা গ্রামে তিনি বসবাস করতেন। ১০নং দলিলের একজন সাক্ষী।

শ্রীলালাচিত্ত সিংহ (৭৮) : সৈয়দপুর পরগনার মধ্যে তার জমিদারী ছিল। ঋনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। প্রচুর ভূ-সম্পত্তির মলিক।

শ্রীলালু ঠাকুর (১২০,১২১,১২৩,১২৫,১২৬) : সম্পদশালী ও প্রভাবশালী ব্যক্তি। বরিশালের বাস করতেন । ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীলাহাদী শর্মা (১২৪) : মোটামুটি সম্পদশালী ব্যাক্তি। ১৮১৪ সালে জীবিত ছিলেন। মুরসিরাবাদ মোকামে বাস করতেন।

শ্রীলোচন শেন (৮৮) : বরিশালের কোন এক গ্রামে বাস করতেন। ১৯১২ সালে জীবিত ছিলেন। শিক্ষিত ও মধ্যবিত্ত শ্রেণীর লোক।

শ্রীশদাসিব সেন (৩৯) : তিনি মোটামুটি সচ্ছল ব্যাক্তি। ১৮১২ সালের ৩৯ নং দলিলে তার নাম পাই।

শ্রীশম্ভুনাথ দাস (৪) : ১৮১১ সালের ৪নং দলিলে এর নাম পাওয়া যায়। তিনি নলচিড়া গ্রামে বসবাস করতেন।

শ্রীশম্ভুনাথ দাস (৫) : ১৮১১ সালে ৫ নং দলিলের স্বাক্ষী তিনি । তিনি খলিসাকোটা গ্রামে বসবাস করতেন।

শ্রীশম্ভচন্দ্র শর্মণ (২৪) : তিনি গৌরিনাথ মতালকে উজীরপুর গ্রামে বসবাস করতেন।

শ্রীশম্ভুনাথ পাধ্যায় (১৮) : তিনি কাসিমনগরে বসবাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন তিনি ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব।

শ্রীশম্ভুনাথ পোদ্দার (৪৩) : উত্তরশাহাজাদপুর পরগনায় বসবাস করতেন। ১৮১২ সালে তিনি বেঁচে ছিলেন।

Dhaka University Institutional Repository

শ্রীশহজ দেব্যা (১৪) : তিনি বিধবা ছিলেন। পারিবারিক প্রয়োজনে তিনি টাকা ধার নিয়েছিলেন। ১৮১২ সালেও ১৪ নং দলিলে তার নাম পাই।

শ্রীশহস্ররাম দাষ (৩৪) : বিরমহল পরগনায় তিনি বাস করতেন। ১৮১২ সালে বেঁচে ছিলেন।

শ্রীশাহাগাজী (৫০,৫১,৫২,৫৩) : মধ্যবিত্ত এই ব্যক্তি ১৮১২ সালে জীবিত ছিলেন। শাশরিয়া গ্রামে বাস করতেন।

শ্রীশ্যামরাসরাম চৌধুরী (৯) : তিনি ১৮১২ সালের ৯নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি ধনী ও প্রভাবশালী ব্যাক্তি তিনি সুদের ব্যবসা করতেন।

শ্রীশ্যামরামরায় চৌধুরী (৩৩,৩৪) : সম্ভ্রান্ত ও প্রতাপশালী ব্যক্তিত্ব। তিনি প্রচুর ভুসম্পত্তির মালিক ছিলেন।

শ্রীশ্যামরামনাথ (১১৯) : ১৮১৪ সালে রপাতলি গ্রামে বাস করতেন। সচ্ছল গৃহস্থ।

শ্রীশিবচন্দ্র সেন (১০) : তিনি মোটামুটি সচ্ছল গৃহস্থ। ১৮১২ সালে বেঁচে ছিলেন। পূর্বোক্ত শ্রী কিত্তিনারায়ণের ভাই।

শ্রীশিবজয় শর্মণ (৪৭) : লেখাপড়া জানতেন। সচ্ছল ব্যক্তি। তিনি পেশায় মোক্তার ছিলেন। তিনি দলিল লেখক।

শ্রীশিবচন্দ্র দেব (৫৬) : পূর্বোক্তশলেক্ষীনারায়ণ সেনের ভাই। ১৮১২ সালের দলিলে তার নাম পাই। পারিবারিক প্রয়োজনে সুদে টকা ঋণ নিয়েছেন।

শ্রীশিবচন্দ্র শেন (৬৭) : বরিশালের কোন এক গ্রামে বাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন। প্রচুর ভূ-সম্পত্তির মালিক হলেও অভাবগ্রস্ত ছিলেন।

শ্রীশিবচন্দ্র রায় (১৯) : তিনি সিলেবাবাদ পরগনায় বসবাস করতেন। ১৮১২ সালে গোমস্তা পদে চাকুরি করতেন। লেখাপড়া জানতেন । বরিশালের ভূমি আইন সর্ম্পকে ভাল জানতেন।

শ্রীশিবনাথ শেন (৬৭) : পূর্বোক্ত শিবচন্দ্রশেন এর ভাই। দুইভাই একত্রে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীশৈদ শেরাজদ্দি (৯৪) : সম্পন্ন গৃহস্থ। সমস্যায় পড়ে সুদে টাকা ঋণ করেছেন। ১৮১৪ সালে নলচিড়া গ্রামে বাস করতেন।

শ্রীশোনারামগঞ্জ (৯৫) : মোটামুটি ভূ-সম্পত্তির মালিক। ১৮১৪ সালে খাপুরা গ্রামে বাস করতেন।

শ্রীশুর্বনারায়ণ শাসন (২৪) : তিনি নবওমপুর গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে তিনি সাক্ষী হন।

ষাবুরাড় (১৪) : তিনি ১৮১২ সালের ১৪ নং দলিলের সাক্ষী হন।

Dhaka University Institutional Repository

শ্রীষ্যামরাম চৌধুরী (৩৮,৩৯,৪০,৪৪,৪৫,৬৯) : সম্পদশালী ব্যাক্তি। মহাজনী ব্যবসার সাথে জড়িত ছিলেন। ১৮১২ সালে বরিশালের কোন এক গ্রামে বসবাস করতেন।

শ্রীষ্যামরাম চক্রবর্তী (৮৭) : মধ্যবিত্ত ও ঋণগ্রস্ত ব্যক্তি। ১৮১২ সালে বরিশালে বাস করতেন।

শ্রীবুবলচন্দ্র দাস (৩,১৩) : ১৮১১ সালের ৩নং দলিলটির লেখক ছিলেন। তিনি লেখাপড়া জানতেন। তিনি কাশিপুর গ্রমে বসবাস করতে।

শ্রীষুর্যনারায়ণ রায় (১২৪) : সম্পদশালী ব্যাক্তি। ১৮১৪ সালে বরিশালে বাস করতেন।

শ্রীমতিষুলোচনা (১৪০) : স্বামী সিবপ্রসাদগুহ। প্রতাপশালী মহিলা। তার অনেক ভূসম্পত্তি ছিল। ১৮১৪ সালে তিনি জীবিত ছিলেন।

শ্রীমতিষুর্যমনি (১০২) : সচ্ছল গৃহস্থ। পরিবারে তার বেশ প্রাধান্য ছিল। স্বামীর নাম শ্রীকেশব খাসখেল।

শ্রীসরূপ সিং (১৩৩) : কুমিরমারা গ্রামের বাসিন্দা। তার কিছু কৃষিজমি ছিল । ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীসরিপ খাঁ (২৫) : অভিজাত মুসলমান। বরিশালে বসবাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন। প্রভাবশালী ব্যক্তিত্ব।

শ্রীসম্ভুচন্দ্ররায় চৌধুরী (৯২) : প্রচুর ভূ-সম্পত্তির মালিক। তিনি জমিদার ছিলেন। পারিবারিক প্রয়োজনে টাকা ধার করেছেন।

শ্রীসম্ভুনাথ (১১৯,১২২) : কাশিপুর গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীসম্ভুচন্দ্র বসু (১১২) : শাহাজাদপুর পরগনর আফাড়পাড়া গ্রামে বাস করতেন। তিনি সচ্ছল গৃহস্থ।

শ্রীসম্ভুনাথমুখপাধ্যায় (২৬) : তিনি সম্পন্ন কৃষক। ১৮১২ সালে তিনি বেঁচে ছিলেন।

শ্রীসম্ভুনাথ মোক্তার (৩৪) : তিনি মোক্তার ছিলেন। লেখাপড়া জানতেন। এই দলিলের লেখক।

শ্রীসম্ভুনাথরায় (৪৮) : সম্পদশালী ব্যক্তি। উত্তরশাহাবাজপুর পরগনার একাংশ ইজারা নিয়েছেন।

শ্রীসম্ভুচন্দ্র সোম (৮২) : প্রচুর ভুসম্পত্তির মালিক । ১৮১২ সালে জীবিত ছিলেন। সোম পরিবারের সন্তান। ধানুরা গ্রামে বাস করতেন।

শ্রীসম্ভুচন্দ্র বন্দোপাধ্যায় (১১৩) : ভূ-সম্পত্তির মালিক ছিলেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন। সুদে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীস্বপনচন্দ্র নাগ (১১৯) : মোটামুটি সচ্ছল ব্যক্তি। ১৮১৪ সালে তিনি সুদে টাকা ঋণ নেন।

Dhaka University Institutional Repository

শ্রীসত্যরাম দাস (১৩৪) : ১৮১৪ সালে মুখরাবাদ গ্রামের বাসিন্দা। তার কিছু ভূ-সম্পত্তি ছিল।

শ্রীসাজাদেব্যা (১০১) : তিনি বরিশাল জেলার আওরঙ্গপুর পরগনায় বাস করতেন। তার স্বামী মানবুক তেওয়ারি। তিনি বুদ্ধিমতি মহিলা ছিলেন।

শ্রীস্যামকিশোর রায় (৪১) : মোটামুটি সচ্ছল পরিবারের সদস্য। ১৮১২ সালে আর্থিক প্রয়োজনে টাকা ঋণ নেন।

শ্রীস্যামকিশোর রায় (৪৮) : ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। ১৮১২ সালে তিনি জমি ইজারাদারের সঙ্গে যুক্ত ছিলেন। উত্তরশাহাবাজপুর পরগনায় তার জমিদারি ছিল।

শ্রীস্যামনারায়ণ শর্মন (১১৯,১২২) : বরিশাল জেলায় বাস করতেন। মোটামুটি সচ্ছল ব্যক্তি। আর্থিক সমস্যাগ্রস্ত হয়ে সুদে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীস্যামরামশর্মন চক্রবর্ত্তি (৭৪,৭৬) : ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। ১৮১২ সালে জীবিত ছিলেন। প্রচুর ভূসম্পত্তির মালিক। সিলেমাবাদ পরগনার গুলমান সাকিমে বসবাস করতেন।

শ্রীস্যামরামরায় চৌধুরী (৭৯) : সচ্ছল ও সম্ভ্রান্ত ব্যক্তি। ১৮১২ সালে বেঁচে ছিলেন।

শ্রীস্যামরামরায় চৌধূরী (৩৭,৩৮,৩৯,৪০,৬৭,৬৯) : ধনী ও প্রতাপশালী ব্যক্তি। ১৮১২ সালে জীবিত ছিলেন। তার মহাজনী ব্যবসা ছিল। তিনি বরিশালে বসবাস করতেন। ৩৭,৩৮,৩৯,৪০।

শ্রীস্যামরাম রায় (৩) : তিনি ধনী ও ব্যাবসায়ী লোক। ১৮১১ সালে ৩নং দলিলে তার নাম পাই।

শ্রীস্যামসুন্দর রায় (১৭) : বরিশালের ধনী ও প্রতাপশালী ব্যক্তিত্ব। ১৮১২ সালে ১৭নং দলিলে তার নাম পাওয়া যায়। তিনি সুদের ব্যবসার সাথে জড়িত ছিলেন।

শ্রীসিবচন্দ্র শেন (৪৪) : প্রচুর ভূ-সম্পত্তির মালিক হলেও অভাবগ্রস্ত ছিলেন। ১৮১২ সালে তিনি টাকা ঋণ করেছেন।

শ্রীসিবচন্দ্র দাস (৬৪,৬৫,৬৬) : তিনি বৌজিখাড়া গ্রামে বাস করতেন। ১৮১২ সালে ৬৪নং দলিলের সাক্ষী দাতা।

শ্রীসিবচন্দ্র কোচ (৭৭,৭৮) : ১৮১২ সালে জীবিত ছিলেন। মোটামুটি সচ্ছল ব্যক্তি। সৈয়দপুর পরগনায় চেচড়ি গ্রামে বাস করতেন।

শ্রীসীবচন্দ্র দত্ত (৯৬) : সিলেমাবাদ পরগনার পিখলিতা গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল গৃহস্থ।

শ্রীসিবনাথ (৩৭) : তিনি মোটামুটি সচ্ছল কৃষক। ১৮১২ সালে বেঁচে ছিলেন।

শ্রীসিবনাথ সেন (৪৪) : পুর্বোক্ত শ্রী সীবনারায়নের পরিচিত ছিলেন। উভয়ে সুদে টাকা ঋণ নিয়েছেন।

Dhaka University Institutional Repository

শ্রীসীবুপ্রশাদ সেন (৫) : তিনি ১৮১১ সালে ৫নং দলিলের সাক্ষী। তিনি চাঁদপ্রতাপ পরগনায় বসবাস করতেন।

শ্রীসূর্যনারায়ণ দাস (৮) : তিনি লেখাপড়া জানা শিক্ষিত লোক। ১৮১২ সালে ৮নং দলিলটি তিনি লেখেন।

শ্রীসেক চাঁদশরিপ (৬৮) : সচ্ছল গৃহস্থ। ১৮১২ সালে তিনি জীবিত ছিলেন। অন্নরী গ্রামে তিনি বাস করতেন।

শ্রীসেখরবদী (৬১) : তিনি ভান্ডারিয়া গ্রামে বাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীসেরাজদ্দীন (৭৩,৯২) : সম্ভ্রান্ত মুসলিম। প্রচুর ভূসম্পত্তি ছিল। নগদ টাকার অভাব ছিল তাই সুদে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীসৈদ শম্‌শদ্দীন (৭৩) : সৈয়দ পরিবারের সদস্য। পারিবারিক প্রয়োজনে সুদে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীসোনারাম বসু (১৯) : বরিশালের সরুপকাটি গ্রামে বাস করতেন। তিনি ১৮১২ সালে কর্জপত্রে সাক্ষী হয়েছিলেন।

শ্রীসোনাওলা (১১২) : নান্দাকাটি গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল ব্যক্তি। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীসিবনারায়ণ কোচ (৮৩) : সৈয়দপুর পরগনায় চেচড়ি সাকিনে বাস করতেন। ১৮১২ সালে তিনি জীবিত ছিলেন।

শ্রীসিবনারায়ণ ঘোষ (১০৯) : সৈয়দপুর পরগনার চেচড়ি গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল ব্যক্তি।

শ্রীস্যামনারায়ণচৌধুরী (১৩১) : বরিশাল জেলার কোন এক গ্রামে বাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীসিবনারায়ণ সেন (১৩৬) : গৈলা গ্রামে বাস করতেন। মোটামুটি সচ্ছল কৃষক।

শ্রীসীবনারায়ণ বসু (১০৪) : তিনি শাহজাদপুর পরগনায় বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন। মধ্যবিত্ত সাধারন কৃষক।

শ্রীসীবনারায়ণ শেন (৯৯,১০৯,১৩৬) : তিনি বরিশাল জেলার গৈলা গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীসিবপ্রসাদ গুহ (১৪০) : তিনি চন্দ্রদীপ পরগনায় বাস করতেন।১৮১৪ সালে জীবিত ছিলেন।

Dhaka University Institutional Repository

শ্রীসীবপ্রশাদ নাগ (২৭) : তিনি পসরিকাটি গ্রামে বসবাস করতেন। মোটামুটি সচ্ছল কৃষক। ১৮১২ সালে দলিলে সাক্ষী হন।

শ্রীসিবচন্দ্র রায় (১৪১) : মিলেমাবাদ পরগনায় বাস করতেন। সচ্ছল ব্যক্তি।তিনি গোমস্তা ছিলেন।

শ্রীসুলোচনা দেব্যা (১১৩) : বরিশালে বাস করতেন । ভূ-সম্পত্তির মালিক হলেও অভাবী ছিলেন। প্রভাবশালী মহিলা। ১৮১৪ সালে তিনি সুদে টাকা ঋণ নেন।

শ্রীসূর্যনারায়ণ দাস (৮) : ১৮১১ সালে তিনি নলচিড়া গ্রামে বাস করতেন। তিনি ৮নং দলিলের সাক্ষী দাতা।

শ্রীসৈদ সমসদ্দীন (৯৪) : নাজিরপুর তপে নলচিড়া গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে তিনি বেঁচে ছিলেন। সুদে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীসৈদ হোসনাদ্দিনমোহাম্মাদ (৫) : তিনি নাজিরপুর জমিদারির জমিদার ছিলেন। তার জমিদারি নিলামে ওঠে। তার ভাই সৈদ এমামদ্দিমোহাম্মাদ নামে নিলাম ওঠে। ১৮১১ সালে ৫নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীহৃদয়কৃষ্ণ রায় (১৩৭) : মোটামুটি সচ্ছল কৃষক। ১৮৩৪ সালে জীবিত ছিলেন। সুদে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীহরমোহন সেনস্য (৪৭) : অনেক ভূ-সম্পত্তির মালিক। তবে অভাবগ্রস্ত ছিলেন। ১৮১২ সালে টাকা ঋণ নিয়েছেন।

শ্রীহরিচন্দ্র গুহ (১): ১নং দলিলের একজন সাক্ষী। ১৮১১ সালে চন্দ্রদীপ পরগনায় হালুকা গ্রামে বসবাস করতেন।

শ্রীহরচন্দ্র ঘোষ (৩১) : তিনি মধ্যবিত্ত গৃহস্থ। গাজা গ্রামের অধিবাসী। এই ব্যক্তি ১৮১২ সালে বেঁচে ছিলেন।

শ্রীহরচন্দ্র দত্ত (৪) : কুসঙ্গল গ্রামে বসবাস করতেন। ১৮১১ সালে তিনি বেঁচে ছিলেন। ১৮১১ সালে তিনি ৪নং দলিলের লেখক।

শ্রীহরচন্দ্র দত্ত (২৮) : খাপুরা গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে বেঁচে ছিলেন।

শ্রীহরচন্দ্র দত্ত (৮৯) : বরিশালের কোন এক গ্রামে বাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীহরচন্দ্র রায় (৫৯) : ধনী ও প্রতাপশালী ব্যক্তি। ৫৯নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীহরচন্দ্র রায় (১৩৭) : তিনি পূর্বোক্ত শ্রীহৃদয়কৃষ্ণ রায়ের ভাই। তারা একই পরিবারের লোক।

Dhaka University Institutional Repository

শ্রীহরচন্দ্র পালিত : (১৪১) বরিশালের মৌশালি গ্রামে বাস করতেন। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীহরচন্দ শেন (৬০) : তিনি বিক্রমপুর পরগনার জপসা গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে তার পরিবার সুদে টাকা ধার নিয়েছিলেন। ১৯নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীহরচন্দ্র শেন (৭৩) : তার চাষাবাদের জমি ছিল। তিনি ১৮১২ সালে জীবিত ছিলেন। বিক্রমপুর পরগনায় জাপসা গ্রামে বাস করতেন।

শ্রীহরেকৃষ্ণ শেন (১৫) : তিনি বেহারিপুর গ্রামে বাস করতেন। ১৮১২ সালে ১৫নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীহরিনারায়ণ শর্মা চক্রবর্তী (৪৬) : প্রতাপশালী ব্যক্তিত্ব। ১৮১২ সালে বেঁচে ছিলেন। আঙ্গরপুর পরগনার কলশকাঠি গ্রামে বাস করতেন।

শ্রীহরিচন্দ্র সোম (৮২) : সোম পরিবারের সন্তান। তাদের প্রচুর ভূ-সম্পত্তি ছিল। বরিশালের কোন এক গ্রামে বাস করতেন।

শ্রীহরিশচন্দ্র দাস (৯৮) : তিনি মোটামুটি সচ্ছল ব্যক্তি। ১৮১৪ সালে জীবিত ছিলেন।

শ্রীহরিচন্দ্র রায় (২১) : মোটামুটি সচ্ছল কৃষক। গ্রামের গন্যমান্য ব্যক্তি। ১৮১২ সালে ২১নং দলিলে তার নাম পাওয়া যায়।

শ্রীহরিশচন্দ্র রায় (৮৭) : সম্পন্ন ও প্রভাবশালী ব্যক্তি। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীহাছনরাজা (৮১) : ধনী ও প্রতাপশালী ব্যক্তি। ১৮১২ সালে জীবিত ছিলেন। সন্তসপুর পরগনার উত্তরশাহবাজপুর গ্রামে বাস করতেন।

শ্রীহুসনদ্দিনমুহাম্মদ (৭৬) : সম্ভ্রান্ত মুসলিম। প্রচুর ভূ-সম্পত্তির মালিক। বরিশালে বসবাস করতেন। ১৮১২ সালে জীবিত ছিলেন।

শ্রীহোলাশী সিংহ : (১০৮) সচ্ছল গৃহস্থ। বরিশালের আমানতগঞ্জ গ্রামে বসবাস করতেন।

সমাপ্ত

Dhaka University Institutional Repository

পরিশিষ্ট - ৪

পত্রসমূহে প্রাপ্ত স্থাননামগুলোর বর্ণনাক্রমিক তালিকা

অম্বরী (৬৮) : ১৮১৩ সালের ৬৮ নং দলিলে এ গ্রামের নাম পাওয়া যায়। বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। শ্রীসেক চাঁদশরিপ এ গ্রামের সম্মানিত বাসিন্দা।

অভয়ানিল (৩৭) : বাখরগঞ্জ জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম। ১৮১২ সালের ৩৭ নং দলিলে এর নাম পাওয়া যায়।

আওরঙ্গপুর (৪৬) : বাকেরগঞ্জ জেলার একটি পরগনা। ১৭৯৩ সালে চিরস্থায়ী বন্দোবস্তের সময় এ পরগনার জমির পরিমান ছিল ৩৪, ৫৬৪ একর। আওরঙ্গপুর চন্দ্রদ্বীপহতে সৃষ্ট একটি পরগনা ছিল। শায়েস্তানগরের জমিদার রায়গোপালের কনিষ্ট পুত্র জানকীবল্লভ এ পরগনার প্রথম জমিদার ছিলেন পরে তার বড় ভাই রাম গোবিন্দ ষড়যন্ত্র করে ক্ষমতা দখল করেন। ১৬৯৯ সনে বাঙলার সুবেদার আওরঙ্গজেবের পুত্র আজিমউস সানের নিকট হতে পরগনার জমিদারি লাভ করেন। এ পরগনার নয় আনী ও সাত আনী এ দু'ভাগে বিভক্ত ছিল। ১৮ ও ১৯ শতকে আওরঙ্গপুর পরিপূর্ণ পরগনা রূপে বিবেচিত হত। ১৮১২ সালের ৪৬ নং দলিলে আওরঙ্গপুর পরগনার নাম পাওয়া যায়।

আধুনা (৭৩) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ১৮১২ সালের ৭৩ নং দলিলে নাম পাওয়া যায়।

আব্দুল্লাহপুর (১৩৮, ১৩৭, ১০১, ১৪) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম আব্দুল্লাহপুর। ১৮১৪ সালের ১৩৮ নং দলিলে প্রথম নাম পাওয়া যায়।

আবুয়া (৪৬,৪৩) : ১৮১২ সালের ৪৬ নং দলিলে এর নাম পাওয়া য়ায়। বাখরগঞ্জ জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম।

আমগ্রাম (১৩১) : পরগনা ও গ্রাম ফতজঙ্গপুরের একটি কিসমত হল আমগ্রাম। ১৮১৪ সালের ১৩১ নং দলিলে আম গ্রামের নাম পাওয়া যায়।

আলেকান্দা (১৩৯) : বরিশাল শহরের একটি এলাকার নাম আলেকান্দা। ১৮১২ সালে এ এলাকার নাম পাওয়া যায়। বর্তমানে বরিশালে আলোকান্দা নামের এলাকা রয়েছে।

আশড়ামুড়া (১৩২) : বরিশাল জেলার অন্তর্গত একটি গ্রাম আশড়ামুড়া। ১৮১৪ সালের ১৩২ নং দলিলে এর নাম পাওয়া যায়।

ইটনা (৭৩) : ১৮১২ সালের ৭৩ নং দলিলে এর নাম পাওয়া যায়। বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম হল ইটনা।

Dhaka University Institutional Repository

ইদিলপুর (১৭) : শাহসুজাউদ্দীন খানের শাসন আমল (১৭২৭ - ১৭৩৯) বাখরগঞ্জ জেলার বাকলা সরকারের অন্তর্গতইদিলপুর একটি পরগনা। জমিদারি সংখ্যা ছিল ৩ টি, মহল ছিল ৮টি, খলসা ২৬১৬ টাকা, জায়গির ছিল ৪৪১৯৯ টাকা, ১৭৬৩ সালে আওয়াব সহ রাজস্ব ছিল ১,০৬,২৭০ টাকা।
বাখরগঞ্জ জেলার সবচেয়ে বড় জমিদার ছিল ইদিলপুর জমিদারী। এই জমিদারী ছিল জোড়া শাকোর ঠাকুর বংশের ১৮১২ খ্রিষ্টাব্দে পর্যন্ত এ জমিদারি তাদের দখলে ছিল। ১৭৫৮-৫৯ খ্রিষ্টাব্দে (বাংলা ১১৬৫ সন) এর মুল মালিক ছিলেন রাজবল্লভ । ১৮১১ খ্রিষ্টাব্দে ঢাকা থেকে ইদিলপুর পরগনা বিচ্ছিন্ন করে বাখরগঞ্জের সঙ্গে সংযুক্ত করা হয়। বাংলার বারভূঁইয়াদের অন্যতম শ্রীরামপুরের চাঁদরায় কেদার রায়ের সেনাপতি রঘুনন্দ চৌধুরীর ইদিলপুরের প্রথম জমিদার। ১৮১৬ সালে জেলার সীমানা নির্ধারণ করা হয়। ঢাকা থেকে দূরে অবস্থিত হওয়ায় ইদিলপুর পরগনার একাংশ ১৮১৬ সনে বাখরগঞ্জ জেলা ভূক্ত করা হয়। ১৮১২ সালের ১৭ নং দলিলে ইদিলপুরের নাম পাওয়া যায়।

ইষিশেন (১২) : বাখরগঞ্জ জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম ১৮১২ সালের ১২ নং দলিলে এর নাম পাওয়া যায়। শ্রীরাজকিশোর সেন এ গ্রামের বাসিন্দা ছিলেন।

উজীরপুর (২১, ২৪, ৫০, ৫১, ৫২, ৫৩, ১৩৬) :সদর (দক্ষিণ) মহকুমার উজিরপুর থানার শিকারপুর উজিরপুর ইউনিয়নের অন্তর্গতউজিরপুর একটি গ্রাম। ১৯৭৪ সালের আদমশুমারী অনুযায়ী ৪৫৩ একর আয়তন বিশিষ্ট এ গ্রামের মোট অধিবাসীর সংখ্যা ২৪৬১। এখানে একটি উচ্চ বিদ্যালয় আছে। কালিকাপুর পরগনার পুরনো জমিদারগন এ গ্রামে বাস করতেন। কথিত আছে যে ফকিরমোহাম্মদ নামে জনৈক উজির এ গ্রামে বাস করতেন। তারই নামানুসারে গ্রামটির নাম রাখা হয়েছিল উজিরপুর। গ্রাম সংলগ্ন এলাকায় দা, ছুরি, ইত্যাদি তৈরির জন্য বিখ্যাত ছিল।

উঠীয়া (৩৩) :১৮১২ সালের ৩৩ নং দলিলে এর নাম পাওয়া যায়। বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম।

উত্তর শাহবাজপুর (৪৩, ১১) : ১৭২২ খ্রিষ্টাব্দে বাংলার শাসনকর্তা মুর্শিদ কুলি খাঁরশোসনামলে নতুনভাবে (১৭০৩ - ১৭২৬) ভূমি বন্দোবস্ত করা হয়। বাখরগঞ্জ জেলা এলাকার পরগনা সমূহকে জাহাঙ্গীর নগর ঢাকলার ফতেহাবাদ সরকার এর অন্তর্গত একটি পরগনা উত্তরশাহবাজপুর। ১৮২৮ সালে খাজনা ৭০৩০ টাকা (খালসা) আদায় হয়। চিরস্থায়ী বন্দোবস্তের সময় এর নির্ধারিত রাজস্ব ছিল ১৭,৭৯১ টাকা । ১১৮০ একর ছিল জমির পরিমান। শাহবাজ খাঁ কম্বু সম্রাট ১৫৮২ খ্রিষ্টাব্দে ইসাখাঁকে দমন করার জন্য ভাটি অঞ্চলে এসেছিলেন। সম্ভবত তিনি সরকার বাকলার কিছু উত্তরাংশের কিছু অংশ দখল করেন। তার নামানুসারে এ অঞ্চলের নাম হয় শাহাবাজপুর। তেতুলিয়া ও হিলশানদী শাহবাজপুরকে খণ্ডিত করে হিজলা মেহেদিগঞ্জ নিয়ে উত্তর শাহবাজপুর। এবং বোরহান উদ্দিন। দৌলত খাঁ তজুমদ্দিন ও ভোলা নিয়ে দক্ষিণশাহাবাজপুর গঠিত ছিল।

উদ্ধশেলা (১০) :১৮১২ সালের ১০ নং দলিলে এর নাম পাওয়া যায়। বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম উদ্ধশেলা।

উবাদ (১২) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম উবাদ। ১৮১২ সালে ১২ নং দলিলে গ্রামের নাম পাওয় যায়।

Dhaka University Institutional Repository

ওষখালি (৩২) : আওরঙ্গপুর পরগনার অন্তর্ভূক্ত তালুক। ১৭৯৭ সালে এ তালুকের অস্তিত্ব ছিল। ১৮১২ সালের ৩২ নং দলিলে এ তালুকের নাম পাওয়া যায়।

কলডেয়া (২৩) :১৮১২ সালের ২৩ নং দলিলে এই গ্রামের নাম পাওয়া যায়। বরিশাল জেলার অন্তর্ভুক্ত একটি গ্রাম। শ্রীসেখকিফাইতউল্লাহ গ্রামের বসবাস করতেন।

কলসকাঠি (কলশকাটী ২,১৪, কলসকাটী ১৬, ৪৩, ৪৬, ৯০, ৯১) : সদর (দক্ষিণ) মহকুমার বাখরগঞ্জ থানার অন্তর্গত কলসকাঠি একটি গ্রাম ও ইউনিয়ন। ১৯৭৪ সালের আদমশুমারী অনুযায়ী ৫০২.২০ একর আয়তন । এই গ্রামের মোট অধিবাসীর সংখ্যা ২৬১৪। ১৮১১ সালে এই গ্রামটি বিখ্যাত ছিল। এ গ্রামের জমিদারগণ অবস্থাপন্ন ছিল। কালসকাটি গ্রামে তাদের নির্মান করা অনেক সুরম্যভবন ও মন্দির আছে। কলসকাটি মহাবিদ্যালয় জমিদার বাড়িতে অবস্থিত।

কলসগ্রাম (৫৬) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ১৮১১ সালে এ গ্রামের উল্লেখ পাওয়া যায় ৫৬ নং দলিলে।

কড়াপুর (৩৬) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ৩৬ নং দলিলের সাক্ষী শ্রীগঙ্গাপ্রসাদ দাস এ গ্রামের বাসিন্দা।

কড়িখাড়া (৬১, ১৯) কোড়ীখাড়া (৪৯) : সিলিমাবাদ পরগনার অন্তর্গত একটি সাকিম। ১৮১২ সালের ৬১ নং দলিলে এই সাকিমের নাম পাওয়া যায়।

কাটিয়া (৫৪) : উত্তরশাহবাজপুর পরগনার অন্তর্গত একটি গ্রাম হল কাটিয়া। ১৮১১ সালে এর অস্তিত্ব মিলে।

কাণ্ডপাশা (১১) : ১৮১১ সালের ১১ নং দলিলে এ গ্রামের নাম পাওয়া যায়। সাক্ষী শ্রী জগন্নাথ এ গ্রামের বাসিন্দা। বর্তমানে কাণ্ডপাশা নলচিড়া ইউনিয়নের গৌরনদী থানার অন্তর্গত একটি গ্রাম।

কামারকাঠি (কামারকাঠী ৬১, ৬০) : ৫৯ নং দলিলের সাক্ষী যুগলকিশোর কর কামারকাটি গ্রামের বাসিন্দা। ১৮১১ সালে কামারকাঠি গ্রামের অস্তিত্ব মিলে।

কামারগাঁও (৪৩) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ৪৩ নং দলিলের সাক্ষী মৃত্যুঞ্জয় শর্মা এ গ্রামের বাসিন্দা।

কালনা (৫৯) : বরিশাল জেলার অন্তর্গত একটি গ্রাম। বর্তমানে গৌরনদী থানাধীন নলচিড়ার ইউনিয়নের একটি গ্রাম। ১৮১১ সালে এ গ্রামের অস্তিত্ব মিলে।

কালিকাপুর (৫০,৫১) : মেহেন্দিগঞ্জ থানার অন্তর্গতকালিকাপুর একটি গ্রাম। ১৮০০ সালে দলিলে এ গ্রামের নাম পাওয়া যায়। এ গ্রামে সম্ভ্রান্ত মুসলমানদের বসবাস ছিল।

Dhaka University Institutional Repository

কালীয়া (১২৪, ১২৫, ১২৬, ৬০, ৩৪,৩৩, ১, ১২৩, ৩৪, ৩৩) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ১৮১১ খ্রিস্টাব্দে কালীয়া গ্রামটির অস্তিত্ব মিলে।

কালুদাষকাটি (কালুদাষকাটী ৬১) : ১৮১১ সালে এই গ্রামের অস্তিত্ব ছিল। বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ৬১ নং দলিলের সাক্ষী শ্রীরামশঙ্কর মুদী এ গ্রামের বাসিন্দা।

কালুর গ্রাম (৯২) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ১৮১১ সালে এ গ্রামের নাম পাওয়া যায় ৯১ নং দলিলে।

কাশিপুর (কাশীপুর ৮০,৮৬, ১১৯, ১৩৪, ১৩৯, ৩৩, ৩, ১৩, ৩২, ২৩, ২২) : শ্রীধনকৃষ্ণঘোষ ৮০ নং দলিলের একজন সাক্ষী। তিনি কাশিপুর গ্রামের বাসিন্দা। ১৮১২ সালে এ গ্রামের অস্তিত্ব মিলে। বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ১৮১১ সালে গ্রামের অস্তিত্ব মিলে।

কাশীমপুর (৬, ৬২) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি পরগনা। ১৭৯৩ সালে চিরস্থায়ী বন্দোবস্তের সময় জমির পরিমাণ ছিল ৪৪৩৮ একর। রাজস্ব ছিল ১৬৩৪ টাকা। নাজিরপুর পরগনার অন্তর্গত একটি গ্রাম কাশীমপুর।

কাশের গাঁও (২) : ১৮১১ সালের ২ নং দলিলে এ মকিমের নাম পাওয়া যায়। এই দলিলের সাক্ষী শ্রীঅমিয়কৃষ্ণ দত্তের বাড়ি কাশেরগাও গ্রামে।

ফুলকাঠি (ফুলকাঠী ৬৮) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ৬৮ নং দলিলের সাক্ষী শ্রীরামন্দ্র দাস এ গ্রামের বাসিন্দা।

কুসঙ্কল (৩১) : উলেল্লখিত দলিলের শ্রীরামজয় দাস শ্রীসিবচন্দ্র দাস এ গ্রামের বাসিন্দা ১৮১২ সালে এ গ্রামের অস্তিত্ব মিলে। এটি বৈকন্ঠপুর পরগনার একটি কিসমত।

কৃষ্ণকাঠি (কৃষ্ণকাঠী ৩৫, ৪৯) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। ৩৫ নং দলিলের সাক্ষী শ্রীরামনারায়ণ দাস এ গ্রামের বাসিন্দা। ৪৯ নং দলিলের শ্রীসিবরামশীল এ গ্রামের বাসিন্দা।

কৃষ্ণকাঠি (কৃষ্ণকাটী ৩৫, ৪৯, ৭৭, ৭২, ৭৮, ৮৩, ১৩৭) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রামের নাম কৃষ্ণকাঠি। শ্রীজুগলকৃষ্ণ দাস ৭৭ নং দলিলের একজন সাক্ষী। তিনি কৃষ্ণকাঠি গ্রামের বাসিন্দা।

কোকআইড় (৪৭) :জালালপুর (ফরিদপুর) পরগনার অন্তর্গত একটি গ্রাম কোকআইড়। ৪৭ নং দলিলের সাক্ষী শ্রীজিবনচন্দ্র সেন এ গ্রামের বাসিন্দা।

কোটালিপাড়া (৩) : ব্রিটিশ শাসনাধীন জেলা প্রশাসক বেটির শাষনামলে ১৮১২ সালে কোটালিপাড়া ও মির্জাগঞ্জ থানা সৃষ্টি হয়। কোটালিপাড়া, টুঙ্গিপাড়া, তৎকালীন বাখরগঞ্জ জেলার অন্তর্ভুক্ত ছিল। পরে বৃহত্তর ফরিদপুর জেলার অন্তর্গতহয়। বর্তমানে কোটালিপাড়া গোপালগঞ্জ জেলার অন্তর্গত একটি থানা। চিরস্থায়ী বন্দোবস্তের সময় বন্দোবস্তকৃত এলাকার আয়তন ছিল ৮৪ একর এবং রাষ্ট্রকে দেয়া কর

Dhaka University Institutional Repository

ছিল ৩ টাকা। ১৮০৬ সালে গৌরনদী কোটালীপাড়া এবং বুড়ীরহাট নিয়ে মাদারীপুর গঠিত ছিল। বর্তমানে গোপালগঞ্জ জেলার অন্তর্গত একটি থানা।
৪৯ নং দলিলের শ্রীসিবরামশীল এ গ্রামের বাসিন্দা।

খলিশাকোটা (২, ৫, ১৫, ১৬, ৩৭, ৬৬, ৯৮, ১০০, ১০৪, ১০৫, ১০৭, ১১১, ১১৫, ১১৭, ১১৩) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। এ গ্রামে ধনী ও সম্ভ্রান্ত শ্রেণীর মানুষ বসবাস করতেন। ১৮১১ সালে এ গ্রামের অস্তিত্ব মিলে।

খাঞ্জাপুর (১৮) : বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রাম। এ গ্রামের সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান নুর মোহাম্মদ ১৮ নং দলিলের সাক্ষী। ১৮১২ সালে গ্রামটির নাম উলেল্ল খ পাওয়া যায়।

গাগবিয়া (৫০, ৫১) : শ্রীসাহ্যগাজী গাগরিয়া গ্রামের বাসিন্দা। তিনি ১৮১২ সালে এ গ্রামে বসবাস করতেন।

গাভা (২৭, ৩১, ১৪০) : ঝালকাঠি মহকুমা ও থানার রামচন্দ্র ইউনিয়নের একটি গ্রাম গাভা। বরিশাল শহরের ১৭ মাইল পশ্চিমে অবিস্থিত গাভা। বরিশাল শহর ও গাভার মধ্যে জেলা পরিষদের মধ্যে সংযোগ সড়ক আছে। গ্রামের আয়তন ৭৯৭.৪১ একর ও জনসংখ্যা ২.১৮৭।

গুটীয়া (১৩১) : ১৮১১ সালের ৯, ১৩১ নং দলিলের এর নাম পাওয়া যায়। গুটীয়া চন্দ্রদ্বীপ পরগনার অন্তর্গত একটি গ্রাম।

গ্রদবন্দর (৫৯) : বাখরগঞ্জের অন্তর্ভুক্ত ছিল গ্রদবন্দর। চিরস্থায়ীবন্দোবস্তের সময় এলাকার নাম দেখা যায় 'গিরদ ই বন্দর'। তখন এ অঞ্চলের আয়তন ছিল ৬২ একর। এর রাজস্ব পরিমান ছিল ১১ টাকা। খাজনার হার ছিল একর প্রতি ৮৫ আনা। 'গ্রদ' বন্দরে লবন চৌকি ছিল। এ লবন চৌকির নাম ছিল দক্ষিণ পূর্ব চৌকি বরিশাল। কালেকটর লবন চৌকির তত্ত্বাবধায়ক ছিলেন।

গৈলা (২৭, ৯১, ১২৭, ১৩৬, ১১) : সদর (উত্তর) মহকুমায় গৌরনদী থানার অন্তর্গতগৈলা একটি গ্রাম ও ইউনিয়ন। এ গ্রামের আয়তন ৪৫২.৯৪ একর ও লোকসংখ্যা ১,৭৩৫ (১৭৯৪ সালের আদম শুমারী অনুযায়ী ১৮০০ সালে এ গ্রামের অস্তিত্ব মিলে।

গোয়ালভাওর (৪১, ৪২) : শ্রীকেবলকৃষ্ণ দত্ত ৪১ নং দলিলের একজন সাক্ষী। তিনি গোয়ালভাওর গ্রামের বাসিন্দা। ১৮১২ সালে এ গ্রামের অস্তিত্ব মিলে।

চইটা (৭০) : শ্রীজয় চন্দ্রদাস, শ্রীপ্রনকৃষ্ণদাস, শ্রী রামরাজা সিংহ ৭০ নং দলিলের সাক্ষী। তারা চইটা গ্রামের বাসিন্দা ছিলেন। ১৮১২ সালে এ গ্রামের নাম পাওয়া যায়।

Dhaka University Institutional Repository

চন্দ্রদ্বীপ(চন্দ্রদ্বীপ ১, ৬, ৭১, ৭২, ৭৩) : পূর্ববাংলায় মুসলিম আধিপত্য বিস্তারের সময় বাখরগঞ্জ জেলায় একটি হিন্দু রাজশক্তির উদ্ভব ঘটে। এই রাজ্যের নাম চন্দ্রদ্বীপ। সোনারগায়ের দনুজরায় রাজ্য প্রতিষ্ঠা করেন। কিন্তু এই মতের পক্ষে তেমন কোন প্রমান পাওয়া যায় না। চন্দ্রদ্বীপ রাজপরিবারের তেমন কোন পারিবারিক নথিপত্র ছিল না। এ বংশের সামান্য যা ছিল তা উম্মাদরাজা শিব্রাইন পুড়িয়ে ফেলেন। পারিবারিক ঐতিহ্য, স্থানীয় জনশ্রুতি, কিছু মুদ্রা এবং পরিবর্তনকালের পুঁথিপত্রের মাধ্যমে এই পরিবার সম্পর্কে কিছুটা ধারণা পাওয়া যায়।

এইচ, ব্লকম্যানের মতানুযায়ী বাকলা প্রায় ১৪৮৭ পর্যন্ত স্বাধীন ছিল। মুসলিম সুলতান আলাউদ্দিন হোসেন শাহের (১৪৯৩ - ১৬১৯) সময় এই রাজ্য মুসলিম সাম্রাজ্যের অন্তর্ভূক্ত হয়। চন্দ্রদ্বীপরাজা পরমানন্দ বারভূইয়াদের অন্যতম ছিলেন। স্বাধীনভাবে তিনি তার জমিদারি পরিচালনা করতেন। বাংলার জমিদারগণের ন্যায় তিনিও মুঘল শাসণের বিরোধীতা করেন।

চন্দ্রদ্বীপ রাজ্যের রাজধানী শ্রীনগর বা মাধবপাষা এই শহরকে কেন্দ্র করে ১৭ শতকে কাশীপুর করাপুর রূপতলী, কাগাঁশুরা, মতাসষ, কাউনিয়া, জাগুয়া প্রভৃতি গ্রামে জনবসত গড়ে উঠে।

রাজা উদয় নারায়ণ ১৭২৩ সনে চন্দ্রদ্বীপরাজ্যের দায়িত্ব লাভ করেন। ১৭৫৭ সালে পলাশী যুদ্ধ ও ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর দেওয়ানী লাভ করে। তিনি ইংরেজ রাজত্ব মেনে নেন। ১৭৬৮ সালে তার মৃত্যু হয়। চন্দ্রদ্বীপরাজবংশের পঞ্চদশ রাজা শিবনারায়ণ, পিতা উদয় নারায়ণের মৃত্যুর পর রাজ্য পরিচালনার ভার গ্রহণ করেন। পরবর্তিকালে শিবনারায়ণের মস্তিষ্ক বিকৃতি ঘটে। তার মৃত্যুর পর তার পুত্রলক্ষীনারায়ণ রাজা হন। অল্প কাল রাজত্ব করে দেহ ত্যাগ করেন। তার পুত্র জয় নারায়ণরাজা হন। তখন তিনি বালক ছিলেন। তার মা দুর্গাবতী জমিদারি পরিচালনা করতেন। তিনি একজন বুদ্ধিমতি ও পূজা বৎসল মহিলা ছিলেন। রানী ১৭৮০ সনে মাধব পাশায় দূর্গাসাগর দীঘি খনন করেন। বর্তমানে বরিশালে তার অস্তিত্ব রয়েছে।

১৭৯৯ সালে খাজনার দায়ে চন্দ্রদ্বীপপরগনা নিলামে বিক্রি হয়। রাজা কুনুজ মর্দন সে চন্দ্রদ্বীপরাজ্যের সূচনা করেন। রাজা জয় নারায়ণের হাতে তা বিলুপ্ত হয়ে যায়। ইতিপূর্বে পরগনার ক্রান্তি ঢাকা কালেকটরীতে বিক্রয় হয় এবং বর্মনদের পূর্বপুরুষ দলসিং তা ক্রয় করেন।

1 H. Bevoridge the district of Bakarganj. Its history and statistics বাখরগঞ্জ ১৯৭০ পৃষ্ঠা ৩৫

চরমোনাই (২৯, ২০, ১০৩) : চন্দ্রদ্বীপপরগনার অন্তর্গত একটি চাকলা। সরকার বাকলার স্বাধীন রাজ্য ছিল। চরমোনাই পীরসৈয়দ ফজলুলকরীমের জন্য চরমোনাই বেশী পরিচিত স্থান। ১৮১২ সালের ২৯ নং দলিলের এর নাম পাওয়া যায়। ২০ নং দলিলের সাক্ষী শ্রীরামরমন্দ্র দাস চরমোনাই গ্রামের একজন বাসিন্দা ছিলেন।

চাঁদপ্রতাপ (৫) : ১৮১২ সালের ৫ নং দলিলে এই গ্রামের নাম উলেল্ল খ পাওয়া যায়। শ্রীসিবুপ্রসাদ শেন এ গ্রামের বাসিন্দা।

চাঁদসী (চান্দশী ২৩) : বরিশালে সদর উত্তর মহকুমার গৌরনদী থানার অন্তর্গতচান্দসী একটি গ্রাম ও ইউনিয়ন। এ গ্রামটি উত্তর চাঁদসী এবং দক্ষিণ চাঁদসী এই দুই ভাগে বিভক্ত। ১৯৭৪ সালের আদমশুমারী অনুযায়ী এ গ্রামের আয়তন ৭৯ একর এবং জনসংখ্যা ২৭৪১।

Dhaka University Institutional Repository

চাখার (১) :পিরোজপুর মহকুমার বানরীপাড়া থানার অন্তর্গতচাখার এ জেলার একটি প্রসিদ্ধ গ্রাম ও ইউনিয়ন। এ গ্রামেই জন্ম গ্রহণ করেছেন এ জেলার তথা এ দেশের অন্যতম কৃতী সন্তান শের-ই-বাংলা এ, কে ফজলুল হক। সে হিসেবে গ্রামটি বিখ্যাত। এ গ্রামটি বরিশাল শহর থেকে ১৬ মাইল উত্তর পশ্চিমে অবস্থিত। বাস চলাচলের উপযোগী একটি সড়ক দ্বা রা বরিশাল শহরের সাথে সংযুক্ত।

চাচড়ি পাশা (৭৯, ১০৮) : ৭৯ দলিলের সাক্ষী শ্রীকানাকৃষ্ণ দত্ত চাচড়িপাশা গ্রামের বাসিন্দা। ১৮১২ সালে গ্রামের নাম পাওয়া যায়।

চান্দপুর (১০৮) : ঢাকা জেলার অন্তর্ভূক্ত চান্দপুর একটি গ্রাম। ১৮১২ সালে ১০৮ নং দলিলে এই গ্রামের নাম পাওয়া যায়।

চান্দার (৫৯) : বাঙবোড়ার পরগনার অন্তর্গত একটি গ্রাম হল চান্দার। ১৮১২ সালের ৫৯ নং দলিলে এ গ্রামের নাম পাওয়া যায়। শ্রীরামবলল্ল ভ সেন এ গ্রামের বাসিন্দা।

চেচড়ী (৭৭, ৭৮, ৮৪, ১০৯, ১০৮) : শ্রীব্রজনন্দ কোচ ৭৭ ও ৭৮ নং দলিলের সাক্ষী। তাদের নিবাস ছিল চেচড়ী। সৈদপুর পরগনার একটি গ্রাম চেচড়ী। ১৮১২ সালে গ্রামটির নাম পাওয়া যায়।

ছোপখালী (৪৬) : বোজরগউমেদপুর পরগনার অন্তর্গত একটি জোয়ার ছিল। তালুকের মালিক ছিলেন চন্দ্রশেখর চক্রবর্তী। কার্তিক রামদাস এই হাওলার অন্তর্ভূক্ত ছিলেন। ১৮১২ সালে ৪৬ নং দলিলে এ গ্রামটির নাম পাওয়া যায়।

জপশা (২, ১০, ৪৩) : ১৮১২ সালে জপশা গ্রামের নাম পাওয়া যায়। শ্রীডেঙ্কর দাস এ গ্রামে বসবাস করতেন। তিনি ২ নং দলিলের সাক্ষী।

জাগুয়া (৩৭) : ১৮১২ সালের ৩৭ নং দলিলে এ গ্রামের নাম পাওয়া যায়। শ্রীসেক জেয়াউল্লা এ গ্রামের বাসিন্দা তিনি ৩৭ নং দলিলের একজন সাক্ষী ।

জাহাঙ্গীরাবাদ (৫০, ৭৫) : ১৮১২ সালে ৭৫ নং দলিলে জাহাঙ্গীরাবাদ নামটি পাওয়া যায়। ১৮১২ সালে জাহাঙ্গীরাবাদ পূর্বস্থলীয় পরগনা ছিল। শ্রীকালিনাথ রায় এ পরগনায় বসবাস করতেন।

জিবডলন (৬৩) : ৬৩ নং দলিলে শাকিমের নাম পাওয়া যায়। শ্রীসেক নাহাদারাজ এ শকিমের বাসিন্দা। এ গ্রামে সম্ভ্রান্ত মুসলমানেরা বাস করতেন।

জোয়ারদেওয়ানী (৪৬) : সৈদপুর পরগনার একটি তালুকের নাম জোয়ারদেওয়ানী। ১৮১২ সালে রামশঙ্করচক্রবর্তী এর মালিক ছিলেন।

ঝাউকাটি (ঝাউকাটী ৯) : ১৮১২ সালে ঝাউকাটি গ্রামের নাম পাওয়া যায়। ৯ নং দলিলে এর শ্রী বদাচন্দ্রদাস এ গ্রামের বাসিন্দা। বরিশাল জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম ঝাউকাটী।

Dhaka University Institutional Repository

ঝালকাঠি (১৯) : ঝালকাঠি মহকুমা ও থানা সদর। বরিশাল শহর থেকে প্রায় ১২ মাইল দূরে ঝালকাঠি নলছিটি ও নদীর সংযোগ স্থলে ২০° : ০ উত্তার অক্ষাংশ ও ৯০° :০ পূর্ব দ্রাঘিমাংশে এ শহরটি অবস্থিত। এখানে একটি সীমার ঘাট আাছে। ঝালকাঠি থেকে বরিশাল পর্যন্ত পাকা সড়ক সংযোগ এবং নৌযোগাযোগ আছে। এ শহরের আয়তন ১.১২ বর্গমাইল ও জনসংখ্যা ৩১,৩৮১ (১৯৮১ সালের আদমশুমারী অনুযায়ী) ঝালকাঠী পৌরসভা চাঁদ কাঠি, কালিবাড়ি, রায়মংগল ও চর এলাকা। এ চারটি ওয়ার্ডে বিভক্ত। ঝালকাঠী বাখরগঞ্জের একটি বৃহৎ বন্দর। ধান, চাল, কাঠ নারিকেল ও সুপারি, ইত্যাদি এ স্থানের বানিজ্যিক পণ্যের অন্তর্ভূক্ত। ১৯১৭ খ্রিষ্টাব্দে জে,সি,জাকের লিখিত বাখরগঞ্জ জেলা গেজেটীয়ারের বিবরণ অনুযায়ী : ১৯১৫ খ্রিষ্টাব্দে সদর মহকুমা সদর উত্তর ও সদর দক্ষিণ নামে দুইটি মহকুমায় বিভক্ত ছিল।

তেতলিয়া (৪৭) : উত্তরশাহাবাজপুর পরগনার একটি গ্রাম তেতলিয়া। ১৮১২ সালের ৪৭নং দলিলে গ্রামটির নাম উলেল্ল খ পাওয়া যায়। শ্রীরামরত্ন সিংহ তেতলিয়া গ্রামের বাসিন্দা।

দারিয়ান (৬৩) : বাখরগঞ্জ জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম দারিয়ান। ১৮১২ সালের ৬৩ নং দলিলে এর নাম পাওয়া যায়। শ্রীএবাদতখা দারিয়ান গ্রামের বাসিন্দা।

দাবখালি (১১৬) : বাখরগঞ্জ জেলার একটি গ্রাম। শ্রীমোহম্মদ হানিফ এ গ্রামের বাসিন্দা ছিলেন। ১৮১২ সালের ১১৬ নং দলিলে এর নাম পাওয়া যায়।

দুব্বা (৬৮) : ১৮১২ সালের ৬৮ নং দলিলে দুব্বা গ্রামের নাম পাওয়া যায়। শ্রীসেক সোনাউলল্ল াহ এ গ্রামের বাসিন্দা। গ্রামটি বাখরগঞ্জ জেলার অন্তর্ভূক্ত।

ধানুরা (৮২) : বাখরগঞ্জ জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম হল ধানুরা। ১৮১২ সালে ৮২ নং দলিলে এর নাম পাওয়া যায়। শ্রীরাম মোহন চন্দ্র ধানুরা গ্রামের অধিবাসী।

নওহাটা (১০১) : ১০১ নং দলিলে নওহাটা গ্রামের নাম পাওয়া যায়। শ্রীরামচন্দ্র সিংহ এ গ্রামের বাসিন্দা। বাখরগঞ্জ জেলার অন্তর্গত একটি গ্রান।

নর্দ্দাকাটি (নর্দ্দাকাঠী ১১২) : বাখরগঞ্জ জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম। ১১২ নং দলিলের শ্রী সোনাউলল্লাহ নর্দ্দাকাটি গ্রামে বসবাস করতেন। ১৮১২ সালে ১১২ নং দলিলে গ্রামটির নাম পাওয়া যায়।

নন্দমূলা (১৯) : শ্রীসেক পাশাউল্লাহ নন্দমূলা গ্রামের বাসিন্দা। ১৮১২ সালে তিনি ১৯ নং দলিলের সাক্ষী হন।

Dhaka University Institutional Repository

নবওমপুর (২৪) : শ্রীসূর্য্যনারায়ণ শর্মন নবওমপুর গ্রামের বাসিন্দা। তিনি ১৮১২ সালে ২৪ নং দলিলের সাক্ষী হন। রানগঞ্জ জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম।

নবগ্রাম (২২) : ১৮১২ সালের ২২ নং দলিলে নবগ্রাম নামের গ্রামটির উল্লেখ পাওয়া যায়। শ্রীগোকুলচন্দ্র শর্মন এ গ্রামের বাসিন্দা। তিনি ২২ নং দলিলের একজন সাক্ষী।

নলচীড়া/নলচিড়া (৪, ৮, ১৬, ১২, ৬২, ৬৬, ৭১, ৯০, ১৩৫, ৭৩, ১০০) : বরিশাল সদর (উত্তর) মহকুমার গৌরনদী থানার অন্তর্গতনলচিড়া একটি গ্রাম ও ইউনিয়ন। ১৯৭৪ সালের আদমশুমারী অনুযায়ী এ গ্রামের আয়তন ২৬৩.৮২ একর এবং জনসংখ্যা ১১৬৮। একটি ইউনিয়ন পরিষদ অফিস, ডাক্তারখানা, প্রাথমিক বিদ্যালয়, নলচিড়া থানা অবস্থিত। এ গ্রামে মিঃ পরিবার নামে জমিদার পরিবার ছিল। ১৮১৯ সালে নিলামে উঠলে কলকাতার ঠাকুর পরিবার তা কিনে নেন ১৭৯৮ খ্রিষ্টাব্দে।

নাকটীয়া (৮০) : ১৮১২ সালের ৮০ নং দলিলে নাকটীয়া গ্রামের উলেল্ল খ পাওয়া যায়। নাকটীয়া বাখরগঞ্জ জেলার অন্তর্ভূক্ত একটি গ্রাম। শ্রীপদ্দলোচন শর্ম্মা এ গ্রামের বাসিন্দা। তিনি ৮০ নং দলিলের একজন সাক্ষী।

